পরন্তপ মহাবাহু! যুদ্ধ কবিতে থাকিয়া এ-ই আমাকে বিনাশ ককক, কিংবা আমিই উহাকে বিনাশ কবি , বাজা! এই তাহাব স্থান ও কাল ॥৩২॥

হে সত্যপবাক্রম! ক্ষত্রিয়ধর্শ্মেব উপযুক্ত সময উপস্থিত হইযাছে। আমি জয় কবিয়া বা নিহত হইয়া সদ্গতি লাভ করিতে পাবিব ॥৩৩॥

ভবতনন্দন! এই বাক্ষস জীবিত থাকিতে যদি সূর্য্য অস্ত যান, তবে আমি আব কখনও 'আমি ক্ষত্রিয়' এ কথা বলিব না ॥৩৪॥ তথা ব্রুবতি মাদ্রেয়ে ভীমসেনো যদৃচ্ছযা।
প্রাদৃশ্যত গদাহস্তঃ সবজ্র ইব বাসবঃ॥৩৬॥
সোহপশ্যদ্ভাতবো তত্র দ্রোপদীঞ্চ যশস্বিনীম্।
ক্ষিতিস্থং সহদেবঞ্চ ক্ষিপন্তং রাক্ষসং তদা॥৩৭॥
মার্গাচ্চ বাক্ষসং মৃঢং কালোপহতচেতসম্।
ভ্রমন্তং তত্র তত্ত্রিব দৈবেন বিনিবাবিতম্॥৩৮॥ (যুগ্মকম্)
ভাতৃংস্তান্ ব্রিয়তো দৃষ্ট্যা দ্রোপদীঞ্চ মহাবলঃ।
ক্রোধমাহাবয়ন্তীমো বাক্ষসঞ্চেদমব্রবীৎ॥৩৯॥
বিজ্ঞাতোহসি মযা পূর্বাং পাপ! শন্ত্রপরীক্ষণে।
আন্থা তু ত্রিয় মে নাস্তি যতোহসি ন হতন্তদা॥৪০॥

ভাৰতকৌমুদী

তথেতি। মাদ্রেষে মাদ্রীপুত্রে। যদৃচ্ছষা কর্ত্তব্যসঙ্কল্মগুভাবেনাগচ্ছন্ ॥৩৬॥
স ইতি। ভ্রাতবাে যুধিষ্টিরনকুলাে। ক্ষিপস্তং নিন্দস্তম্। মার্গাদগন্তব্যপথাৎ, মৃচং মাহেন বিচ্যুতম্, বিনিবাবিতং ক্রতগমনাদিতি শেষঃ ॥৩৭—১৮॥

ভাত্বিতি। ব্রিয়তো বাক্ষদেন হ্রিয়মাণান্। আহাবয়ৎ ক্বতবান্ ॥৩৯॥ বিজ্ঞাত ইতি। বিজ্ঞাতো ত্র্জ্জনত্বেন। শস্ত্রপরীক্ষণে অস্মাকমন্ত্রসমূহদর্শনসময়ে। ত্রি ত্বধে, মে আন্থা যত্মো নাস্তি; যত আন্থাহভাবাৎ ॥৪০॥

ওবে ওবে রাক্ষস। তুই দাঁডা। আমি পাণ্ডুনন্দন সহদেব; আজ আমাকে বধ কবিয়া ইহাকে হবণ কবিবি, কিংবা নিজেই নিহত হইযা এখানে শয়ন কবিবি''॥৩৫॥

সহদেব এইবাপ বলিতেছিলেন, এমন সমযে বজ্রহন্ত ইন্দ্রেব স্থায় গদাহস্ত ভীমসেনকে যদৃচ্ছাক্রমে আসিতে দেখা গেল ॥৩৬॥

তথন ভীমও দেখিলেন—যুধিষ্ঠিব, নকুল ও যশস্বিনী দ্রৌপদী বাক্ষদেব আয়তে বহিয়াছেন এবং সহদেব ভূতলে থাকিয়া বাক্ষসকে তিবস্কাব কবিতেছেন; আব বাক্ষদ ভ্রমবশতঃ গন্তবাপথ হইতে বিচ্যুত হইয়া দেই দেই স্থানে ভ্রমণ কবিতেছে, কাল তাহার বুদ্ধি হবণ কবিয়াছেন এবং দৈব তাহাকে ক্রত গমন হইতে নিবৃত্ত কবিয়াছেন ॥৩৭—৩৮॥

তথন মহাবল ভীমসেন ভ্রাতৃগণকে ও জ্রৌপদীকে হবণ কবিতে দেথিয়া ক্রুদ্ধ হইলেন এবং বাক্ষসকে এই কথা বলিলেন—॥৩৯॥

"পাপিষ্ঠ! তুই পূর্বের যখন আমাদের অন্ত্রগুলিব দিকে দৃষ্টিপাত কবিতি,

(৩৬) তথৈব তন্মিন্ ব্রুবতি—পি।

বন-১৬৩ (৯)

ব্রহ্মরপপ্রতিচ্ছনো ন নো বদিন চাপ্রিয়ন্।
প্রিবেয়ু রমমাণং ত্বাং ন চৈবাপ্রিয়কাবিণন্ ॥৪১॥
অতিথিং ব্রহ্মরূপঞ্চ কথং হন্তামনাগদন্।
বাক্ষদং জানমানোহপি যো হন্তামবকং ব্রজেৎ ॥৪২॥ (যুগ্মকন্)
অ কস্ত চ কালেন বধস্তব ন বিহাতে।
নূনমন্তাদি দম্পকো বথা তে মতিবীদৃশী ॥৪০॥
দত্তা কুফাপহবণে কালেনাদ্ভূতকর্মণা।
বড়িশোহয়ং ত্বয়া গ্রস্তঃ কালদূত্রেণ লম্বিতঃ।
মৎস্তোহস্তদীব দ্যুতাস্তঃ কথমন্ত ভবিশ্বদি ॥৪৪॥

ভাবতকোসুদী

ব্রহ্মতি। ব্রহ্মরূপেণ ব্রাহ্মণবেশেন প্রতিচ্ছন আবৃতস্বরূপা, নঃ ত্র্ব্যাকম্। ব্রহ্মরূপা ব্রাহ্মণ-ব্রাহ্মণারিণম্, অনাগসং নিবপবাধম্ ॥৪১—৪২॥

অপক্ষেতি। অপক্ষ অপবিণতাপবাধস্য। ন বিজ্ঞান মৃদ্যুতে ॥৪৩॥
দত্তেতি। কৃষণ জোপদী। অষং কৃষণক্ষপঃ। স্যাতাস্থো বডিশেন গ্রথিতম্থা, কথা
ভবিশ্যনি মরিশ্রদীত্যর্থাঃ। ষট্পাদোহযাং শ্লোকঃ ॥৪৪॥

ভাবতভাবদীপঃ

রাক্ষন ইতি। পূর্যান্তাৎ প্রাগবং মবিক্সতীত্যর্থ: ॥৩৪॥ তিষ্ঠম্ব দ্বিরো ভব ॥৩৫—৩৮॥ হ্রিয়তো হ্রিবমাণান্ ॥৩৯॥ আন্থা স্বন্মারণে আদরঃ ॥৪» –৪০॥ বডিশো সৎস্থাবেধনম্। ভবি-

তথনই তোকে আমি চিনিতে পারিযাছিলাম, কিন্তু তোকে বধ কবিতে আমাব আগ্রহ ছিল না বলিয়াই তুই তথন নিহত হইস্ নাই ॥৪০॥

তুই তখন ব্রাহ্মণবেশে আর্ভ থাকিয়া আমাদেব অপ্রিয় কথা বলিতি না, ববং প্রিয় কার্য্যই কবিতি, কোন অপ্রিয় কার্য্য কবিতি না, স্থতবাং আমি তখন তোকে বাক্ষদ বলিয়া জানিতে পাবিয়াও অতিথি, ব্রাহ্মণবেশধাবী এবং নিবপবাধকে কি প্রকারে বধ কবিতে পাবিতাম, এ প্রকাব লোককে যে বধ কবে, সে নবকে যায়॥ ১১ — ৪ ।॥

তখন তোব অপবাধ পূর্ণ হয় নাই; স্মৃতবাং তখন তোকে বধ কবা সঙ্গত হইত না; কিন্তু এখন তোব অপবাধ নিশ্চমই পূর্ণ হইয়াছে; যেহেতু তোর এইরূপ বৃদ্ধি হইয়াছে ॥৪৩॥

অদ্তকার্য্যবাধী কাল অপহরণ কবিবার জন্ম তোর হস্তে দ্রৌপদীকে দিয়াছেন; তুইও কালসূত্রবদ্ধ সেই দ্রৌপদীক্তা বিভিশ গ্রাস কবিয়াছিস্; স্ত্বাং ভলে বিভিশ্বিস্কৃত্য্ সংক্রেব ন্থায় তুই আজ কি কপ হইবি ॥৪৪॥

যঞ্চাদি প্রস্থিতো দেশং মনঃ পূর্ববং গতঞ্চ তে।
ন তং গন্তাদি গন্তাদি মার্গং বকহিড়িন্বযোঃ ॥৪৫॥
এবমুক্তস্ত ভীমেন বাক্ষদঃ কালচোদিতঃ।
ভীত উৎস্জ্য তান্ সর্বান্ যুদ্ধায় সমুপস্থিতঃ ॥৪৬॥
অব্রবীচ্চ তদা ভীমং বোষাৎ প্রস্ফু বিতাধবঃ।
ন মে মূঢা দিশঃ পাপ। ছদর্থং মে বিলম্বিতম্ ॥৪৭॥
শ্রুতা মে বাক্ষদা যে যে হ্বয়া বিনিহতা ববে।
তেযামগ্য কবিশ্বামি তবাস্রেণাদকক্রিযাম্ ॥৪৮॥
এবমুক্তস্ততো ভীমঃ স্কনী পবিদংলিহন্।
স্মুযমান ইব ক্রোধাৎ দাক্ষাৎ কালান্তকোপমঃ ॥৪৯॥
বাহ্দেংবন্তমেবেচ্ছন্নভিত্নতাব বাক্ষদম্।
বাক্ষদোহপি তদা ভীমং যুদ্ধার্থিনমবস্থিতম্ ॥৫০॥
মুন্তর্মুন্তর্ব্যাদদানঃ স্কনী পরিদংলিহন্।
ভাভিত্নতাব সংবন্ধা বলিবজ্ঞধবং যথা ॥৫১॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

যমিতি। গতঞ্চ যং দেশমিতারবৃত্তি। সার্গং যমাল্যমিতার্থ: ॥৪৫॥
এবমিতি। কালেন চোদিতঃ প্রেবিতঃ। তান্ যুধিষ্ঠিবাদীন্ ॥৪৬॥
জ্ববীদিতি। মূঢা মোহবিষযীভূতা ভ্রান্তা ইতার্থ:। স্বদর্থং স্বধার্থম্, মে ম্যা ॥৪৭॥
শ্রুতা ইতি। অম্রেণ রুধিবেণ, উদক্তিবাং তর্পণম্ ॥৪৮॥
এবমিতি। স্কণী ওপ্রপ্রান্তো। শ্যমান ইয্দ্রদন্। বাহুসংবভং বাহুযুদ্ধম্। ব্যাদদানঃ
ম্থব্যাদানং কুর্বন্। সংবদ্ধঃ কুদ্ধঃ, ব্জ্রধ্বমিক্রম্ ॥৪৯—৫১॥

তুই যে স্থানে চলিযাছিস্ এবং তোব মন পূর্ব্বেই যে স্থানে গিয়াছে, তুই সে স্থানে যাইতে পারিবি না; বক ও হিভিন্থেব পথেই যাইবি" ॥৪৫॥

ভীমদেন এইবাপ বলিলে, জটাস্থ্ৰ কালপ্ৰেবিত ও ভীত হইয়া যুধিষ্ঠিব-প্ৰভৃতি সকলকে পৰিত্যাগ কবিয়া যুদ্ধেৰ জন্ম উপস্থিত হইল ॥৪৬॥

এবং তখন দে—ক্রোধে কম্পিতোষ্ঠ হইযা ভীমকে বলিল—''পাপিষ্ঠ! আমাব দিগ্রেম হয় নাই, তোকে বধ কবিবাব জন্মই আমি বিলম্ব কবিয়াছি ॥৪৭॥

তুই যুদ্ধে যে যে বাক্ষসকে বধ কবিষাছিস্ বলিয়া আমি শুনিয়াছি, আজ তোব বক্তদ্বাবা আমি তাহাদেব তৰ্পণ কবিব'' ॥৪৮॥

জটাস্থর এইরূপ বলিলে, ভীমসেন ক্রোধে ওষ্ঠপ্রান্তবয় লেহন করিতে

⁽৪৭) অব্রবীচ্চ পুনর্ভীমম্-বা ব কা নি।

বর্ত্তমানে তথাে রাজন্ ! বাহুযুদ্ধে স্থদারুণে ।
মাদ্রীপুত্রাবতিক্রুদ্ধাবুভাবপ্যভাগাবতাম্ ॥৫২॥
ন্থাবয়ত্তাে প্রহসন্ কুন্তীপুত্রাে রকােদবঃ ।
শক্তােহহং বাক্ষসস্থেতি প্রেক্ষধ্বমিতি চাব্রবীৎ ॥৫০॥
আত্মনা ল্রাভৃভিশ্চাহং ধর্মেণ স্থক্তেন চ ।
ইফৌন চ শপে বাজন্ ! সুদ্যিগ্রামি বাক্ষসম্ ॥৫৪॥
ইত্যেবমুক্ত্রা তাে বীবাে স্পর্দ্ধমানাে পবস্পাবম্ ।
বাহুভিঃ সমসজ্জেতামুভাে বক্ষোরকােদবাে ॥৫৫॥
তয়ােবাসীৎ সম্প্রহাবঃ ক্রুদ্ধযােভামবক্ষসােঃ ।
অমৃগ্রমাণ্যােঃ সংখ্যে দেবদানব্যােবিব ॥৫৬॥

ভাবতকোমুদী

বর্ত্তমান ইতি। মাদ্রীপুর্ত্তো নকুলসহদেবো। অভ্যধাবতাং বাক্ষসং প্রতি ॥৫২॥

য়্যবাবযদিতি। বাক্ষসন্ত বধে ইতি শেষঃ। প্রেক্ষধ্বং বৃষং কেবলং পশ্রত ॥৫৩॥

য়্থিপ্রিবং প্রত্যাহ—আত্মনেতি। স্বক্লতেন সম্যাগস্কৃতিতেন। ইটেন বন্ধনা ॥৫৪॥

ইতীতি। দ্বযোর্বাহুচতুট্বাদ্বহুবচনম্। রক্ষোবৃক্ষোদর্বো বাক্ষসভীমসেনো ॥৫৫॥

থাকিয়া এবং যেন ঈষং হাস্ত কবিতে প্রবৃত্ত হইয়া, বাছ্যুদ্ধেবই ইচ্ছা কবিয়া, সাক্ষাৎ কালান্তক যমেব ভাষ জটাস্থবেব প্রতি ধাবিত হইলেন এবং ক্রেদ্ধ জটাস্থবও মূহুমুহ্ছ মুখব্যাদান এবং ওষ্ঠপ্রান্ত লেহন কবিতে থাকিযা—পূর্বেব বলি যেমন ইন্দ্রেব প্রতি ধাবিত হইযাছিলেন, সেইকপ যুদ্ধার্থী ও অবস্থিত ভীমেব প্রতি ধাবিত হইল ॥৪৯—৫১॥

বাজা জনমেজয়! ভীম ও জটাস্থবের অতিভীষণ বাহুযুদ্ধ চলিতে লাগিল, নকুল এবং সহদেবও অত্যম্ভ ক্রেদ্ধ হইয়া ছুই জনই জটাস্থবেব প্রতি ধাবিত হইলেন॥৫২॥

তখন ভীমসেন হাস্ত কবিঘা তাঁহাদিগকে বাবণ করিলেন এবং ব**লিলেন—**"আমিই রাক্ষসকে সংহাব কবিতে সমর্থ হইব; স্থতবাং তোমবা কেবল দর্শন কব ॥৫৩॥

বাজা! নিজের জীবন, ভ্রাতৃগণ, সমীচীনভাবে অন্নষ্টিত ধর্ম্ম এবং অভীষ্ট বিষয়— এই সমস্তদ্বাবা আমি শপথ কবিতেছি যে, আমি বাক্ষসকে সংহাব কবিব"॥৫৪॥

এইরূপ বলিয়া দেই মহাবীব ভীম ও জটাসুব তুই জনই প্রস্পাব স্পর্দ্ধা কবিতে থাকিয়া বাহুতে বাহুতে সম্মিলিত হইলেন ॥৫৫॥

⁽৫২) --- বর্ত্তমানে তদা তাভ্যাম্—বা ব বা পি। (৫৫) --- বাছভ্যাং সমসফ্রেতাম্—বা ব বা।

আরুজ্যারুজ্য তৌ র্ক্ষানযোগ্যমভিজন্নতুঃ।
জীমূতাবিব গর্জজন্তে বিনদন্তে মহাবলো ॥৫৭॥
বভঞ্জতুর্মহারক্ষানূরুভির্বলিনাং ববৌ।
অন্যোগ্যেনাতিসংবর্কো পবস্পরবধৈষিণো ॥৫৮॥
তদ্রক্ষযুদ্ধমভবন্মহীরুহবিনাশনম্।
বালিস্থগ্রীবয়োর্ভাব্রোঃ পুবা শ্রীকাজ্ফিণোর্যথা ॥৫৯॥
আবিধ্যাবিধ্য তৌ রক্ষান্ মূহুর্ত্তমিতবেতবম্।
তাড়য়ামাসতুরুভৌ বিনদন্তে মুহুর্মূহঃ॥৬০॥
তিন্মিন্ দেশে যদা রক্ষাঃ সর্ব্ব এব নিপাতিতাঃ।
পুঞ্জীকৃতাশ্চ শতশঃ পরস্পাববধেক্ষযা॥৬১॥

ভাবতকোমুদী

তয়োবিতি। অমৃশ্বমাণযোঃ প্রস্পাবমসহমানযোঃ, সংখ্যে যুদ্ধে ॥৫ । । আরুজ্যাকজ্য ভঙ্কুা ভঙ্কুা। গর্জজ্যে জীমূতো মেঘাবিব ॥৫ । । বভঞ্জতুবিতি। অতিসংবন্ধো অতীবকুন্ধো ॥৫৮॥ তদিতি। মহীক্ষহবিনাশনম্, উৎপাটনেন প্রদান্তাঘাতেন চেতি ভাবঃ ॥৫ ৯॥ আবিধ্যেতি। আবিধ্য আবিধ্য খ্র্ণিষিত্বা খ্র্ণিষিত্বা। ইতবেতবং প্রস্পাবম্ ॥৬ ০॥ ভাবতভাবদীপঃ

শ্বাদি জীবিশ্বাদি ॥৪৪ —৪৭॥ অস্ত্রেণ লোহিতেন ॥৪৮—৪৯॥ বাহু সংবভ্যেতে জ্বাস্ফোট্যেতে মস্ত্রাং ক্রিয়াযাং যথা স্থাত্তথা বাহুসংবস্কুস্ ॥৫০ —৫৯॥ আবিধ্য ভ্রামযিত্বা ॥৬০॥ মুঞ্জীকুতাঃ

ক্রমে ক্রুদ্ধ ভীমসেন ও জটাস্থব—ত্বই জনই যুদ্ধে দেব ও দানবের স্থায় প্রস্পব অসহিষ্ণু হইয়া উঠিলেন, তখন তাঁহাদেব গুক্তব প্রহাব চলিতে লাগিল ॥१৬॥

মহাবল ভীম ও জটাস্থ্ব, গর্জনকারী ছইখানা মেঘেব স্থায় গুৰুতব শব্দ কবিতে থাকিষা বৃক্ষ ভগ্ন কবিয়া কবিয়া পৰস্পব আঘাত করিতে থাকিলেন ॥৫৭॥

প্রস্পর অতি ক্রুদ্ধ এবং প্রস্পর ব্যাভিলায়ী বলিশ্রেষ্ঠ ভীম ও জটাসুর উক্দারা বিশাল বিশাল বৃক্ষ ভগ্ন কবিতে লাগিলেন ॥৫৮॥

পূৰ্বকালে বাজ্যাভিলাষী বালী ও স্থগ্ৰীব—ছুই প্ৰাতাব যেমন হইয়াছিল, তেমন সেই বৃক্ষযুদ্ধ হইতে লাগিল; তাহাতে বহুতব বৃক্ষ বিনষ্ট হইল ॥৫৯॥

সেই ভীম ও জটাস্থ্ৰ তুই জনই মুহুৰ্মূহু গৰ্জন কবিয়া বৃক্ষ ঘূৰ্ণন কবিয়া কবিয়া মুহূৰ্ত্তকাল পৰস্পৰ আঘাত কবিলেন ॥৬•॥

⁽৬১)··· মৃঞ্জীক্বতাশ্চ—বা ব কা, ···পৃগীক্বতাশ্চ—নি।

ততঃ শিলাঃ সমাদায মুহুর্ত্তমিব ভাবত।।
মহালৈবিব শৈলেক্রো যুযুধাতে মহাবলো ॥৬২॥ (যুগ্মকন্)
শিলাভিক্তএরূপাভির্হ্ হতীভিঃ পবস্পাবন্।
বজৈবিব মহাবেগৈবাজন্ম হুরুমর্যণো ॥৬৩॥
অভিক্রত্য চ ভূয়স্তাবন্যোত্যবন্দর্পিতো ।
ভূজাভ্যাং পবিগৃহ্যাথ চকর্ষাতে গজাবিব ॥৬৪॥
মৃষ্টিভিশ্চ মহাঘোবৈবক্যোত্যমভিজন্মতুঃ।
তত্রশ্চটেচটাশকো বভূব হ্রুমহাত্মনোঃ ॥৬৫॥
ততঃ সংহৃত্য মৃষ্টিস্ত পঞ্চশীর্ষমিবোবগন্।
বেগেনাভ্যহনদ্ভীমো রাক্ষ্মস্ত শিবোধবান্ ॥৬৬॥

ভাৰতকৌমূদী

তিমারিতি। পুঞ্জীকৃতা ভগ্নত্বাৎ পবিত্যাগেন বাশীকৃতাঃ। ততন্তদা। মহালৈর্মহামেঘৈঃ, শৈলেক্সে পর্বতশ্রেষ্ঠাবিব। সম্ভাবনাবশাগৃৎপ্রেক্ষেয্ম ॥৬১—৬২॥

শিলাভিবিতি। বৃহতীভির্মহতীভি:। অমর্যণো ক্রোধনো ॥৬০॥ অভীতি। ভূম: পুন:। চকর্বাতে আচক্রমতু:, আত্মনেশদবদ্প্রণোহপার্য:॥৬৪॥ মৃষ্টিভিবিতি। স্থ্যহাস্কো অতিদূর্টো যৌ আত্মানো দেহোঁ ত্যোকপবি ॥৬৫॥

তত ইতি। সংস্কৃত্য বদ্ধা। পঞ্চ শীর্ষাণি মস্তকানি যক্ত তম্। এতেন সঙ্কৃচিতাঃ পঞ্চাঙ্গুল্য আক্ষিপ্যস্তে। অভ্যহনদিতি বিকবণলোপাভাব আর্যঃ। শিবোধবাং গ্রীবাস্॥৬৬॥

ভবতনন্দন। তাঁহাবা পৰস্পৰ বধ কৰিবাৰ ইচ্ছায় যখন সেই স্থানেৰ সমস্ত বৃক্ষই নিপাত কৰিয়া শত শত পূঞ্জীভূত কৰিলেন, তখন ছইটা পৰ্ববিশ্ৰেষ্ঠ যেন মহামেঘদ্বাৰা যুদ্ধ কৰিতেছে এমন ভাবে মহাবল ভীম ও জটাস্থ্ৰ প্ৰস্তব লইয়া কিছু কাল যুদ্ধ কৰিলেন ॥৬১—৬২॥

ক্রেদ্ধ ভীম ও জটাস্থ্ব মহাবেগশালী বজ্ঞেব ন্যায় বিশাল ও ভযঙ্কর প্রস্তবদ্ধাবা প্রস্পুর আঘাত কবিতে লাগিলেন ॥৬৩॥

তাহাব পন তুইটা হস্তীন আয় বলদর্পিত ভীম ও জটাস্থন আবাব দ্রুত যাইয়া বাহুদ্বাবা ধারণ কবিয়া প্রস্পান আবর্ষণ কবিতে লাগিলেন ॥৬৪॥

পবে তাঁহাবা ভযঙ্কৰ মৃষ্টিদ্বাৰা পৰস্পৰ আঘাত কবিতে লাগিলেন; তাহাতে স্থুল্ট শ্বীৰ তুইটাৰ উপবে 'চটচটা'-শব্দ হইতে থাকিল ॥৬৫॥

তাহাব পব ভীনসেন, পঞ্চনস্তক সর্পেব স্থায় মৃষ্টি বন্ধন কবিয়া তাহা দারা জটাস্থবেব গ্রীবাদেশে বেগে আঘাত কবিলেন ॥৬৬॥ ততঃ প্রান্তন্ত তদ্রকো ভীমদেনভুজাহতম্।
স্থপবিপ্রান্তমালক্ষ্য ভীমদেনোহভ্যবর্ত্ত ॥৬৭॥
তত এনং মহাবাহুর্বাহুভ্যামমবোপমঃ।
সমুৎক্ষিপ্য বলাদ্ভীমো নিপ্পিপেষ মহীতলে ॥৬৮॥
ততঃ সম্পীত্য বলবদুজাভ্যাং ক্রোধমূর্চিছতঃ।
তস্ম গাত্রাণি সর্ব্বাণি চূর্ণয়ামাস পাগুবঃ ॥৬৯॥
অবত্রিনা চাভিহত্য শিবঃ কায়াদপাহবৎ।
সন্দর্ফোষ্ঠং বিস্তৃত্তাক্ষং ফলং-বৃন্তাদিব চ্যুত্তম্ ॥৭০॥
জটাস্থবস্ম তু শিবো ভীমদেনবলাদ্ধৃত্তম্।
পপাত রুধিবাদিগ্ধং সন্দেষ্টদশনচ্ছদম্॥৭১॥

ভাৰতকৌমুদী

তত ইতি। প্রান্তং ক্লান্তম্, বন্ধো বাক্ষদং। অভ্যবর্ত্ত দ্বিগুণোৎসাহেনাভ্যগছৎ ॥৬৭॥
তত ইতি। এনং বাক্ষদম্। সমুৎক্ষিপ্য উত্তোল্য, পুনং পাত্যিত্বেতি শেষং ॥৬৮॥
তত ইতি। সম্পীড্য মুষ্টিপাতেন। চুর্ণবামাস আঘাতেন চুর্নিতবচ্চকাব ॥৬৯॥
অবত্বিনেতি। অবত্বিনা নিম্কনিষ্ঠেন মুষ্টিনা। বিবৃত্তাক্ষং ঘূর্নিতন্যন্ম্ ॥৭০॥
জটেতি। স্বতং পৃথক্ কৃতম্। সন্দন্টো দশনচ্ছদ ওঠো যেন তৎ ॥৭১॥
ভাবতভাবদীপঃ

রজ্জ্ব মূপ্তবজ্জজ্জরীক্বতাঃ ॥৬১॥ মহাত্রৈবিবেত্যভূতোপমা ॥৬২—৬৫॥ শিরোধবাং গ্রীবাম্ ॥৬৬॥ অভ্যবর্ত্ততাধিকোৎসাহবানভূৎ ॥৬৭—৬৯॥ অবত্থিনা তলপ্রহাবেণেত্যর্থঃ ॥৭১—৭২॥ ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে জ্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ ॥১৩০॥

ভীমেব সেই মুষ্টিব আঘাতেই জটাস্থব ক্লান্ত হইয়া পড়িল; তথন ভীম তাহাকে অত্যন্ত ক্লান্ত দেখিয়া দ্বিগুণ উৎসাহে তাহাব উপবে পড়িলেন ॥৬৭॥

তদনন্তব দেবতাব তুল্য মহাবাহু ভীম বাহুযুগলদ্বাবা বলপূর্ববক জটাস্থবকে উত্তোলন কবিয়া আবাব নিপাতিত কবিয়া ভূতলে নিম্পেষণ কবিতে লাগিলেন ॥৬৮॥ তৎপবে মহাক্রুদ্ধ ভীম হস্তযুগলদ্বাবা অত্যন্ত পীডন কবিয়া জটাস্থবেব সমস্ত অঙ্গ চূর্ণ (থেঁতো) কবিলেন ॥৬৯॥

তখনও জটাস্থ্ৰ ওষ্ঠ দংশন কৰিতেছিল এবং তাহার নয়ন ঘুবিতেছিল; এই অবস্থায় ভীম অবত্মিব (কমুইয়েব) আঘাত কবিয়া কবিয়া বৃত্তচ্যুত ফলের স্থায় তাহাব মস্তকটা দেহ হইতে অপহৰণ কবিলেন ॥৭০॥

⁽৬৯) প্র্বাহ্নং বা ব কা পি নান্তি। (१১) অভীমদেনবলাহতম্ —বা ব কা পি।

তং নিহত্য মহেম্বাসো যুধিষ্ঠিবমুপাগমৎ।
স্তৃয়মানো দিজাগ্রৈস্ত মরুদ্ভিবিব বাসবঃ॥৭২॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববি
জটাস্থববধে ত্রিংশদধিকশততমোহধ্যাযঃ॥।॥ *

(२। यक्तयूक्त भर्वा)

একব্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

নিহতে বাক্ষসে তিমিন্ পুনর্নাবাযণাশ্রমম্। অভ্যেত্য রাজা কোন্তেযো নিবাসমকবোৎ প্রভুঃ॥১॥ স সমানীয তান্ সর্কান্ ভ্রাত্ত্বিত্যব্রবীষচঃ। জোপতা সহিতান্ কালে সংস্থাবন্ ভ্রাতবং জ্যম্॥২॥

ভাবতকোঁমুদী

তমিতি। মহেদাসো মহাধন্তর্দ্ধবো ভীম:। দিজাগ্রৈস্তদানীং তত্রাগতৈঃ সার্থবিপ্রৈ:॥१२॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকোমুদীসমাধ্যাযাং বনপর্বাণি জটাস্থববধে ত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ॥•॥

——°#°—

নিহত ইতি। রাজা সহচববর্গদমেত এবেতি বোধ্যম্। প্রভৃ: প্রভাববান্॥১॥ স ইতি। কালে একদেত্যর্থ:। জযম্ অর্জুনম্॥২॥

ক্রমে ভীমসেনেব বলে পৃথক্ কৃত, বক্তলিপ্ত এবং ওষ্ঠদংশনকাবী জটাস্থবেব মস্তকটা ভূতলে পতিত হইল॥৭১॥

এইভাবে মহাধনুর্দ্ধিব ভীমসেন জটাস্থাকে রধ কবিয়া যুধিষ্ঠিবেব নিকট উপস্থিত হইলেন, তখন দেবতাবা যেমন ইন্দ্রেব স্তব কবেন, তেমন সহচব ব্রাহ্মণেবা ভীমেব স্থব কবিতে লাগিলেন॥৭২॥

---01F0---

বৈশম্পায়ন বলিলেন—জটাস্থৰ নিহত হইলে, কুন্তীনন্দন প্ৰভাবশালী বাজা যুধিষ্ঠিব (সহচৰগণেৰ সহিত) পুনৰায় বদবিকাশ্ৰমে আসিয়া বাস কৰিতে লাগিলেন ॥১॥

^{• &#}x27;···সপ্তপঞ্চাশদ্ধিক···'—বা ব কা পি, '···অষ্টপঞ্চাশদ্ধিক···'—নি। (১) নিহতে বাক্ষে রাজন্!—পি।

সমাশ্চতত্রোহভিগতাঃ শিবেন চরতাং বনে।
ক্তোদ্দেশস্ত বীভৎস্থঃ পঞ্চমীমভিতঃ সমাম্॥৩॥
প্রাপ্য পর্বতরাজানং শ্বেতং শিখবিণাং ববম্।
পুজ্পিতৈদ্রু মষ্টেশুন্চ মত্তকোকিলঘট্পিদেঃ ॥৪॥
ময়্বৈশ্চাতকৈশ্চাপি নিত্যোৎসববিভূষিতম্।
ব্যাহ্রের্বরাহৈর্মহিষৈর্গবিয়ের্হবিণৈস্তথা ॥৫॥
শ্বাপদৈর্ব্যালর্কপেশ্চ বরুভিশ্চ নিষেবিতম্।
ফুল্লেঃ সহস্রপত্রেশ্চ শতপত্রিস্তথোৎপলৈঃ ॥৬॥
প্রফুল্লেঃ কমলৈশ্চেব তথা নীলোৎপলৈবপি।
মহাপুণ্যং পবিত্রঞ্চ স্থরাস্থবনিষেবিতম্॥৭॥ (কুলকম্)

ভাবতকৌমুদী

সমা ইতি। বনে চরতামশাকমিতি শেষং, চতপ্রং, সমা বৎসবাং, শিবেন মঙ্গলেন, অভিগতা অতীতাং, সম্প্রতি পঞ্চমো বৎসবা বর্ত্তত ইতি ভাবং। কিন্তু বীভৎস্বর্জ্জ্নং, পঞ্চমীং সমাং বৎসবম্, অভিতং পঞ্চমবৎসবপূর্ণতাসমীপ ইত্যর্থং, কৃত উদ্দেশং অন্মাভিং সহ সম্মেলননির্দেশো যেন স তাদৃশ আসীৎ। ''সমীপোভযতংশীঘ্রসাকল্যাভিমুখেহভিতং'' ইত্যমবং। ''তসোভযাভিপবিস্বর্ধং'' ইতি দ্বিতীযা। কুত্র স্থানে সম্মেলননির্দেশং কৃত ইত্যাহ – প্রাপ্যেতি। শ্বেতং কৈলাসম্। জ্রমাণাং ববৈং সমূহৈর্বিশিষ্টম্, মত্তাং কোকিলাং বট্পদা ভ্রমবাশ্চ যেষু তৈং। নিত্যোৎসবোদেবাদীনাম্। ব্যালকপৈর্হিংশ্রৈং। ক্রমভির্হবিণবিশেষিং। ক্মলৈং পদ্মৈঃ॥৩—৭॥

একদা তিনি অর্জুনকে স্মবণ করিয়া দ্বৌপদীব সহিত সকল ভাতাকে আনয়নপূর্বক এই কথা বলিলেন—॥২॥

"বনবাসী অবস্থায় আমাদেব চাবি বংসব নির্বিদ্ধে অভীত হইয়া গিয়াছে, (সম্প্রতি পঞ্চম বংসব চলিতেছে)। কিন্তু অর্জুন যাইবাব সময়ে বলিয়া গিয়াছিলেন যে, 'পঞ্চম বংসব পূর্ণ হইবাব সময়ে কৈলাসপর্বতে আসিয়া আমি আপনাদেব সহিত মিলিত হইব , যে কৈলাসপর্বত—পর্বতেব রাজা, পর্বতেব শ্রেষ্ঠ, সর্বদা উৎসবপূর্ণ, মহাপুণ্য, পবম পবিত্র এবং দেবাস্থ্বগণের বিচবণস্থান; আব যে কৈলাসপর্বতে পুপ্পসমন্বিত এবং মন্ত কোকিল ও মন্ত ভ্রমবগণে পরিপূর্ণ বৃক্ষসমূহ বহিষাছে , মযূব, চাতক, ব্যাঘ্র, ববাহ, মহিষ, গবয়, হবিণ, হিংস্র জন্তু ও ককহবিণ বিচবণ কবে , আব, প্রস্ফুটিত সহস্রদল ও শতদল পদ্ম এবং উৎপল ও নীলোৎপল শোভিত থাকে' ॥৩—৭॥

তত্রাপি চ ক্তোদেশঃ সমাগমদিদৃক্ষুভিঃ।
কৃতশ্চ সময়ন্তেন পার্থেনামিততেজসা।
পঞ্চ বর্ষাণি বৎস্থামি বিপ্তার্থীতি পুবা মযি।।৮॥
তত্র গাণ্ডীবৃধস্থানমবাপ্তান্ত্রমরিন্দমম্।
দেরলোকাদিমং লোকং দ্রুক্যামঃ পুনবাগতম্।।৯॥
ইত্যুক্ত্বা ব্রাহ্মণান্ সর্বানামন্ত্রয়ত পাণ্ডবঃ।
কাবণঞ্চৈব তত্তেষামাচচক্ষে তপস্বিনাম্।।১০॥
তানুগ্রতপসঃ প্রীতান্ কৃত্বা পার্থান্ প্রদক্ষিণম্।
ব্রাহ্মণান্তেহস্বমোদন্ত শিবেন কুশলেন চ।।১১॥

ভাবতকৌমূদী

তত্ত্বেতি। সমাগমম্ অর্জুনাগমনং দিদৃক্ষ্ভির্দ্রষ্ট্রমিচ্ছুভিবস্মাভিবপি, তত্ত্র চ কৈলাসপর্ব্বত এব, ক্বত উদ্দেশা গমননির্দ্দেশো ঘশ্মৈ স তথোক্তঃ অর্জুন আসীদিতি শেষঃ। কিঞ্চ পুবা, মি মৎসমীপে, অমিততেজসা তেন পার্থেনার্জুনেন অহং বিস্থার্থী সন্, পঞ্চ বর্ধাণি স্বর্গে বৎস্থামি, ইতি সম্মঃ শপথঃ কৃতঃ। বটুপাদোহ্যং শ্লোকঃ ॥৮॥

তত্ত্বতি। তত্ত্ব কৈলাসপর্বতে, গাণ্ডীবধম্বানমর্জ্বনম্, অবাপ্তাম্ত্রং লব্ধদেবাল্তম ॥२॥ ইতীতি। কাবণম্ অর্জ্বনদর্শনবর্ণং কৈলাসপর্বতগমনে হেতুম্ ॥১০॥ তানিতি। শিবেন নির্বিম্নেন্, কুশলেন চ তত্ত্ব গাঁচ্ছতেতায়মোদন্ত ॥১১॥

ভারতভাবদীপঃ

নিহত ইতি ॥১॥ জযমর্জ্বনম্ ॥২॥ ক্তোন্দেশঃ পঞ্চমে বর্ষে মযাবশ্চমাগন্তব্যমিতি কৃতসঙ্কেতঃ ॥৩॥ শ্বেতং কৈলাসম্ ॥৪— ।॥ তত্রাপি দেশে অস্মাভিরিতি শেষঃ। উদ্দেশঃ

আমবাও অর্জুনেব আগমন দেখিবাব ইচ্ছায় তথন তাঁহার নিকট বলিয়াছিলাম যে—"আমরাও সেইখানেই যাইব"। পূর্ব্বে অমিততেজা অর্জুনও আমাব নিকট এইবাপ শপথ কবিয়াছিলেন যে—'আমি অন্ত্রশিক্ষাব জন্ম পাঁচ বংসব স্বর্গে বাস কবিব'॥৮॥

অতএব শত্রুবিজয়ী অর্জুন দেবাস্ত্র সকল লাভ কবিয়া দেবলোক হইতে পুনবায এই মর্ত্তালোকে আসিবেন ; তাহা আমবা সেইখানেই দেখিব" ॥১॥

এই কথা বলিয়া যুধিষ্ঠিব সমস্ত ব্রাহ্মণকে আহ্বান কবিলেন এবং সেই তপস্বীদেব নিকটে কৈলাসগমনেব সেই কাবণ বলিলেন ॥১•॥

তথন সেই উগ্রতপা ব্রাহ্মণেবা আনন্দিত চিত্ত পাণ্ডবগণকে প্রদক্ষিণ কবিয়া অমুমোদন কবিলেন যে—'আপনাবা নির্বিল্লে ও কুশলে গমন করুন ॥১১॥

⁽৮)···বিভার্ঘীতি পুরন্দরে—পি। (১) অত্র গাঙীবধগানম্ —বা ব কা নি। (১১)··· দুরা পার্থা: প্রদিদিণম্—বা ব কা।

ভ্থোদর্কমিং ক্লেশ্মচিবাদ্ভবতর্ষভ। ।
ক্ষত্রধর্মেণ ধর্মজ্ঞ। তীর্থা গাং পালয়িয়সি॥>২॥
তত্তু বাজা বচন্তেষাং প্রতিগৃহ্য তপস্থিনাম্।
প্রতম্বে সহ বিপ্রৈক্তর্জাতৃভিশ্চ পবন্তপঃ॥>৬॥
ক্রোপদ্যা সহিতঃ শ্রীমান্ হৈড়িম্বেয়াদিভিন্তদা।
বাক্ষসৈবন্তুয়াতো বৈ লোমশেনাভিবক্ষিতঃ॥>৪॥ (যুগ্মকম্)
কচিৎ পদ্যাং ততোহগচ্ছদ্রাক্ষসৈক্রহতে কচিৎ।
তত্র তত্র মহাতেজা ল্রাতৃভিঃ সহ স্থব্রতঃ॥>৫॥
ততো যুধিষ্ঠিবো রাজা বহুন্ ক্লেশান্ বিচিন্তয়ন্।
সিংহব্যান্ত্রগজাকীর্লামুদীটীং প্রযুয়ো দিশম্॥>৬॥
অবেক্ষমাণঃ কৈলাসং মৈনাককৈব পর্বতম্।
গন্ধমাদনপাদাংশ্চ শ্বেতঞাপি শিলোচ্চয়ম্॥>৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

স্থেতি। স্থমেব উদর্কো ভাবি ফলং যশ্ত তম্। গাং পৃথিবীম্॥১২॥
তদিতি। বাজা যুধিষ্ঠিবঃ। হৈডিম্বেযাদিভির্বটোৎকচপ্রভৃতিভিঃ॥১৩—১৪॥
কচিদিতি। স্বতঃ সম্যক্শাস্ত্রবিহিতনিযমশালী যুধিষ্ঠিবঃ॥১৫॥ '
তত ইতি। বিচিত্তযন্ অহভবন্। শিলোচ্যং প্রস্তবসমূহম্॥১৬—১৭॥

এবং ধর্মজ্ঞ ভবতশ্রেষ্ঠ ! আপনি অচিবকালমধ্যে ভাবি-স্থুখজনক এই ক্লেশ হইতে উত্তীর্ণ হইযা ক্ষত্রিযধর্ম অনুসাবে পৃথিবী পালন করিবেন'॥১২॥

তখন শক্রবিজয়ী যুখিষ্ঠিব তপস্বিগণেব সেই কথা স্বীকাব করিয়া সেই ব্রাহ্মণগণ, ভ্রাতৃগণ ও জৌপদীব সহিত তথা হইতে প্রস্থান কবিলেন; তখন ঘটোৎকচপ্রভৃতি বাক্ষসগণ তাঁহাব পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল এবং লোমশমুনিও তাঁহাব বক্ষায় প্রবৃত্ত থাকিয়া তাঁহাব সঙ্গে সঙ্গে চলিলেন ॥১৩—১৪॥

তাহাব পব মহাতেজা ও শান্তীয়-নিয়মানুসাবী বাজা যুধিষ্ঠিব ভাতৃগণেব সহিত সেই সেই পথে কোথাও পদব্রজে গমন কবিতে লাগিলেন, কোথাও বা বাহ্মসেরা তাহাদিগকে বহন কবিতে থাকিল ॥১৫॥

তদনন্তব রাজা যুধিষ্ঠিব কৈলাস ও মৈনাকপর্বত, গন্ধমাদনেব সন্নিহিত পর্বত সকল এবং শুভ্রবর্ণ প্রস্তবসমূহ দর্শন ও বহুতব ক্রেশ অনুভব করিতে থাকিয়া সিংহ, ব্যাদ্র ও হস্তিসমূহে পবিপূর্ণ উত্তব দিকে গমন কবিলেন ॥১৬—১৭॥

⁽১৪) প্ৰাদ্ধি বা ব কা পি নাস্তি।

উপযু্পরি শৈলানাং বহুনীশ্চ সবিতঃ শিবাঃ।
পৃষ্ঠং হিমবতঃ পুণ্যং যযৌ সপ্তদশেহহনি॥>৮॥
দদৃশুঃ পাণ্ডবা রাজন্! গন্ধমাদনমন্তিকাৎ।
পৃষ্ঠে হিমবতঃ পুণ্যে নানাক্রমলতার্তে॥>৯॥
সলিলাবর্ত্তসঞ্জাতৈঃ পুষ্পিতৈশ্চ মহীরুহৈঃ।
সমারতং পুণ্যতমমাশ্রমং র্ষপর্বণঃ॥২০॥ (যুগ্যকম্)
তমুপাগম্য বাজর্ষিং ধর্মাত্মানমবিন্দমাঃ।
পাণ্ডবা র্ষপর্ববাণমবন্দন্ত গতক্রমাঃ॥২১॥
অভ্যনন্দৎ স বাজর্ষিঃ পুত্রবদ্ভবতর্ষভান্।
পৃজিতাশ্চাবসংস্তত্র সপ্তরাত্রমবিন্দমাঃ॥২২॥
অন্তর্মহহনি সংপ্রাপ্তে তমুষিং লোকবিপ্রাতম্।
ভামন্ত্র্য র্ষপর্ববাণং প্রস্থানং প্রত্রেক্যেন্ ॥২০॥
ভামন্ত্র্য র্ষপর্ববাণং প্রস্থানং প্রত্রেক্যেন্ ॥২০॥

ভাবতকোমুদী

উপবীতি। শিবা জলগুণেন মঙ্গলজনিকা: সবিতঃ, অতিক্রম্যেতি শেবঃ ॥১৮॥
দদৃশুবিতি। গদ্ধমাদনমন্তিকাৎ তৎসমীপে। সলিল্মাবর্জেনাগমেন সঞ্চাতঃ ॥১৯—২০॥
তমিতি। গতরুমা বিশ্রামকবর্ণেনৈব তিরোহিতপরিশ্রমাঃ ॥২১॥
অভীতি। অভ্যনন্দৎ আদ্রিষত। পৃঞ্জিতা অতিথিসৎকারেণ সম্মানিতাঃ ॥২২॥

তাহাব পব তিনি পর্বতসমূহেব নিকটে নিকটে মঙ্গলজনক বহুতর নদী অতিক্রম কবিয়া কবিয়া সপ্তদশ দিবসে পবিত্র হিমালযের উপবে গমন কবিলেন ॥১৮॥

বাজা! তদনন্তব পাগুবেবা গন্ধমাদনপর্বতেব নিকটে নানাবিধ বৃক্ষলতায আবৃত ও পবিত্র হিমালযের উপবে অতিপবিত্র ব্যপর্বামুনির আশ্রম দর্শন কবিলেন, সে আশ্রমটী—জলসেকসমূৎপন্ন ও পুপ্পসমন্বিত বহুতব বৃক্ষে আবৃত ছিল॥১৯—২০॥

ভৎপবে শক্রবিজয়ী পাগুবগণ বিশ্রাম কবিয়া সেই ধর্মাত্মা রাজর্বি বৃষপর্ব্বাব নিকট উপস্থিত হইয়া তাঁহাকে নমস্কাব কবিলেন ॥২১॥

তখন বাজর্ষি বৃষপর্বা পাশুবগণকে পুত্রেব স্থায সাদব কবিলেন; স্বতবাং শক্রবিজয়ী পাশুবেরা সেই আশ্রেমে সম্মানিতভাবে সাত দিন বাস কবিলেন ॥২২॥

অষ্টমদিন প্রভাতকালে পাণ্ডবেরা জগদিখ্যাত সেই বৃষপর্ব্বামূনিব নিকট অন্তমতি লইয়া প্রস্থান কবিবাব ইচ্ছা করিলেন ॥২৩॥

⁽১৮) উপর্গির শৈলন্ত—বা ব হা।

একৈকশন্চ তান্ বিপ্রান্ নিবেল র্ষপর্ববি।

ন্থাসভূতান্ যথাকালে বন্ধূনিব স্তুসৎকৃতান্ ॥২৪॥
পাবিবর্হঞ্চ তং শেষং পবিদায় মহাত্মনে।
ততন্তে যজ্ঞপাত্রানি শুভান্যাভবণানি চ।
ন্থাদধুঃ পাণ্ডবাস্তিস্মিনাশ্রেমে র্ষপর্ববিণঃ॥২৫॥ (যুগ্মকম্)
অতীতানাগতে বিদ্বান্ কুশলঃ সর্বধর্ম্মবিং।
অন্ধশাসৎ স ধর্মজ্ঞঃ পুত্রবদ্ভবতর্মভান্ ॥২৬॥
তেহনুজ্ঞাতা মহাত্মানঃ প্রয়ুর্দিশমুত্তবাম্।
তান্ প্রস্থিতানভ্যগচ্ছদ্র্ষপর্ববা মহামতিঃ॥২৭॥
উপন্যস্থ মহাতেজা বিপ্রেভ্যঃ পাণ্ডবাংস্কদা।
অনুসংসার্য্য কোন্তেয়ানাশীর্ভিবভিনন্দ্য চ।
ব্রষপর্ববা নিবরতে পন্থানমুপদিশ্য চ॥২৮॥

ভাবতকৌমুদী

অষ্টম ইতি। সম্প্রাপ্তে উপস্থিতে। প্রত্যারোচযন্ কর্জু মৈচ্ছন্ ॥২৩॥
একেতি। নিবেন্ত বিজ্ঞাপ্য। পারিবর্হং পারিচ্ছদম্। ষট্পাদোহ্যং শ্লোকঃ ॥২৪ – ২৫॥
অতীতেতি। অতীতানাগতে কালে, বিশ্বান্ সর্বাং জানন্। অবশাসৎ উপদিষ্টবান্ ॥২৬॥
ত ইতি। তে পাগুবাঃ। অভ্যগচ্ছৎ কিষদ্দ্বমন্থগচ্ছৎ, স্নেহাদিত্যাশন্ধঃ ॥২৭॥
উপেতি। উপক্রম্ভ সমর্প্য, বিপ্রেভ্যস্তৎসহচরেভ্যঃ। অনুসংসাধ্য সম্প্রেয় । ষট্পাদোহযং
শ্লোকঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

কৃত:, সন্ধিরার্য: ॥৮->>॥ স্থোদর্কং স্থোদযম্॥১২-১৬॥ খেতং হিমাচলম্॥১৭--২৭॥

তৎপবে পাণ্ডবেবা, স্থাসভূত (গচ্ছিত) বন্ধুব স্থায় সমাদৃত সেই সহচর ব্রাহ্মণগণেব এক এক জনকে বৃষপর্ববাব নিকটে পবিচিত কবাইয়া দিয়া এবং সেই মহাত্মাব নিকট অবশিষ্ট পবিচ্ছদ সমর্পণ কবিয়া সেই বৃষপর্ববারই আশ্রমে যথাসময়ে মঙ্গলময় যজ্ঞপাত্র ও আভবণ সকল রাখিয়া দিলেন ॥২৪—২৫॥

তখন কার্য্যনিপুণ, সর্ব্বধর্মজ্ঞ, স্থায়বিং এবং ভূত-ভবিব্যতেব সমস্ত বেস্তা ব্যপর্বামুনি পাণ্ডবগণকে পুত্রেব স্থায উপদেশ দিলেন ॥২৬॥

তদনন্তব মহাত্মা পাণ্ডবগণ বৃষপর্ব্বাব অনুমতিক্রমে উত্তব দিকে প্রস্থান কবিলেন ; তথন মহামতি বৃষপর্ব্বাও কিছু দূব তাঁহাদেব অনুগমন কবিলেন ॥২৭॥

তাহাব পর মহাতেজা ব্যপ্রামুনি (পাণ্ডবগণেবই সহচর) ব্রাহ্মণগণেব

(२৫) ... গ্ৰদধু: পাণ্ডবা বাজন্। —বা ব কা নি।

নানামূগগণৈজু ফিং কোন্তেয়ঃ দত্যবিক্রমঃ।
পদাতির্জাতৃভিঃ দার্দ্ধং প্রাতিষ্ঠত যুধিষ্ঠিবঃ॥২৯॥
নানাক্রমবিচিত্রেয়ু বদন্তঃ শৈলদানুয়ু।
পর্বেতং বিবিশুঃ শ্বেতং চতুর্থেহহনি পাগুবাঃ॥৩০॥
মহাজ্রঘনসন্ধাশং দলিলোপহিতং শুভন্।
মণিকাঞ্চনরূপ্যস্থ শিলানাঞ্চ দমুচ্চযন্॥৩১॥ (যুগ্মকন্)
তে দমাদান্ত পন্থানং যথোক্তং ব্রধ্পর্বেণা।
অনুসম্র্র্ণরিধান্দেশং পশ্যন্তো বিবিধান্ নগান্॥২২॥
উপযুর্পবি শৈলস্থ গৃহাঃ পরমন্তর্গমাঃ।
স্বর্গমাংস্তেয়ু বহুন্ স্থথেনবাভিচক্রমঃ॥৩০॥-

ভাবতকৌমুদী

নানেতি। নানামৃগগগৈবছবিধপশুভিং, জুইং সেবিতম্। পদাতিং পাদচারী ॥২০॥
নানেতি। খেতং কৈলাসম্। মহাস্তো যো অভ্রঘনো ধাতুবিশেষ-নিৰ্জ্জলমেঘোঁ তথোঃ
সন্ধাশং তুলাম্, সলিলোপহিতং জলযুক্তম্। সমূচ্চযং সমূহভূতম্॥৩০—৩১॥

ত ইতি। অনুসক্তঃ অনুজ্গা়ু, যথোদেশং যথান্থানম্, নগান্ বৃক্ষান্ ॥৩২॥ উপবীতি। স্বত্র্যান্ পথঃ, তেযু তদ্গুহাতীবদেশেষু। অভিচক্রমুঃ জগাঃ॥৩৩॥

নিকটে পাগুবগণকে সমর্পণ কবিয়া, পথেব্ কথা বলিয়া দিয়া, আশীর্কাদ দাবা অভিনন্দিত কবিয়া এবং বিদায় দিয়া নিজে নিবৃত্তি পাইলেন ॥২৮॥

যথার্থপবাক্রমশালী কুন্তীনন্দন যুধিষ্ঠিব ভাতাদেব সহিত পদব্রজেই প্রস্থান করিলেন; সে পথে নানাবিধ পশু বিচবণ করিতেছিল ॥২৯॥ -

পাণ্ডবগণ, নানাবিধ বৃক্ষে বিচিত্র পার্ববিত্য সমতলভূমিতে বাস কবিয়া কবিয়া চতুর্থ দিনে কৈলাসপর্বতে যাইয়া প্রবেশ কবিলেন; সেই মঙ্গলময় কৈলাসপর্বত —বিশাল অভ্র (ধাতুবিশেষ) ও জলশৃশ্য মেঘের স্থায় বিবাজ কবিতেছিল এবং তাহাতে জল, মণি, স্বর্ণ, রৌপ্য ও প্রস্তবসমূহ ছিল ॥০০—৩১॥

পাণ্ডবেবা বৃষপর্বসুনিকথিত পথ ধবিয়া যথাস্থানে নানাবিধ বৃক্ষ দর্শন কবিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৩২॥

পর্বতেব নিকটে নিকটে অভিত্র্গম গুহাসমূহ ছিল এবং সেগুলিব ভীব দিযা আবও অভিত্র্গম বহুতর পথ ছিল , কিন্তু পাশুবেবা অনায়াসেই সে সকল পথে গমন কবিতে লাগিলেন ॥৩৩॥

⁽७•) नानाक्त्रानिकारधन्—वा व दा नि।

ধোম্যঃ কৃষ্ণা চ পার্থান্চ লোমশন্চ মহানৃষিঃ।
অগচ্ছন্ সহিতান্তত্র ন কশ্চিদবহীয়তে ॥৩৪॥
তে মুগদিজসংঘুটং নানাক্রমলতামুত্র্য্ ।
শাখামুগগণৈশ্চিব সেবিতং স্থমনোহবম্ ॥৩৫॥
পূণ্যং পদ্মসবোযুক্তং সপল্পন্মহাবনম্ ।
উপতস্থর্মহাভাগা মাল্যবন্তং মহাগিবিম্ ॥৩৬॥ (যুগ্মকম্)
ততঃ:কিন্পুক্ষাবাসং সিদ্ধচারণসেবিতম্ ।
দদৃশুদ্র ইবোমাণঃ পর্বতং গদ্ধমাদনম্ ॥৩৭॥
বিভাধবানুচবিতং কিন্নবীভিস্তথৈব চ ।
গজসংঘসমাবাসং সিংহব্যান্ত্রগণাযুত্ত্য্ ।
শরভোন্নাদসংঘুষ্টং নানামুগনিষেবিতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
তে গদ্ধমাদনবনং তন্নন্দেবনোপমন্ ।
মুদিতাঃ পাণ্ডুতন্যা মনোহ্লদয়নন্দ্ৰম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

ধোম্য ইতি। কৃষ্ণা দ্রোপদী, পার্থা: পাগুবা:। অবহীষতে সংঘচ্যতোহভবং ॥৩৪॥
'ত ইতি। মুগদিজ সংঘৃষ্টং পশুপক্ষিশন্দিতম্। শাথামুগগণৈবানবসমূহৈ:। প্রতি: ক্ষুদ্রসরোভির্যবেনিশ্চ সহেতি তম্। মাল্যবৃদ্ধং নাম ॥৩৫—৩৬॥

যুগাকেন গন্ধমাদনদর্শনমাহ—তত ইতি। হাইবোমাণ আশ্চর্যাদর্শনেন বোমাঞ্চিতদেহা:। তথৈব অহচবিতমিত্যর্থ:। শ্রভাণাং ভীষণহিংশ্রজস্তবিশেষাণাম্ উন্নাদেন উচ্চগর্জনেন সংঘূইং শন্ধিতম্। ষট্পাদোহযং শ্লোক: ॥৩৭—৩৮॥

ধৌম্য, জৌপদী, পাগুবগণ ও মহর্ষি লোমশ—ইহাবা মিলিত হইয়া সে পথে গমন কবিতে লাগিলেন, কিন্তু কেহই সংঘচ্যুত, হইলেন না ॥৩৪॥

ক্রমে সেই মহাত্মাবা 'মাল্যবান্'-নামক মহাপর্বতে যাইয়া উপস্থিত হইলেন ; সেই পর্বতে পশু-পক্ষী সকল বব করিতেছিল, নানাবিধ বৃক্ষ ও লতা ছিল, বানবগণ বিচরণ করিতেছিল এবং পদ্মময় পবিত্র সবোবব, ক্ষুদ্র জলাশয় ও বিশাল বন ছিল ॥৩৫—৩৬॥

সেই মাল্যবান্ পর্বত হইতেই পাগুবেবা গন্ধমাদনপর্বত দর্শন কবিলেন এবং তাহার আশ্চর্য্যদর্শনে তাঁহাদেব শবীর বোমাঞ্চিত হইল। কাবণ, সে পর্বতে কিন্নব, কিন্নরী, সিদ্ধি ও চারণগণ বাস কবে, বিভাধবগণ বিচরণ কবে এবং সিংহ, ব্যাঘ্র, হস্তী ও নানাবিধ মৃগ অবস্থান কবে, আব শবভেব (ভীষণ অষ্টপদ-হিংস্রজন্ত্ত-বিশেষেব) গর্জন হইযা থাকে ॥৩৭ — ৩৮॥

বিবিশুঃ ক্রমশো বীবাঃ শবণ্যং শুভকাননম্।
দৌপদীসহিতা বীবা সৈশ্চ বিপ্রৈর্মহাত্মভিঃ ॥৪০॥
শৃগন্তঃ প্রীতিজননান্ বন্ধূন্ মদকলান্ শুভান্।
শোত্রবম্যান্ স্থমধুবান্ শব্দান্ থগমুথেবিতান্ ॥৪১॥
সর্বর্জ ফলভাবাঢ্যান্ সর্বর্জ কুস্থমোজ্জ্লান্।
পশ্যন্তঃ পাদপাংশ্চাপি ফলভারাবনামিতান্ ॥৪২॥
আম্রানাত্রাতকান্ ভব্যান্ নাবিকেলান্ সতিন্দুকান্।
যুঞ্জাতকাংস্তথা জীবান্ দাড়িমান্ বীজপূবকান্ ॥৪০॥
পনসাল্ল কুচান্ মোচান্ থর্জ্জুরানম্বেতসান্।
পারাবতাংস্তথা কৌদ্রান্ নীপাংশ্চাপি মনোবমান্ ॥৪৪॥
বিল্লান্ কপিত্থান্ জন্থুংশ্চ কাশ্মবীর্বদবীস্তথা।
প্রশাসুভূত্মববটানশ্বথান্ ক্রীবিকাংস্তথা ॥৪৫॥
ভল্লাতকানামলকীর্হরীতকবিভীতকান্।
ইঙ্গুদান্ কবমর্দাংশ্চ তিন্দুকাংশ্চ মহাফ্লান্ ॥৪৬॥

ভাবতকোমুদী

চতুর্দশভি: কুলকেন গন্ধসাদনবনপ্রবেশসাহ—ত ইতি। মনোহ্রদ্যযোর্নদনম্ আনন্দ-জনকম্। মনোহাদযযোর্ ত্তিভেদান্তেদো বেদান্তসাবাদো দ্রেইবা:। শুভং বন্ধুন্ স্করান্। অপিশন্ধাল্লতাশ্চ। ভব্যান্ পথিকাদীনাং সঙ্গলকরানিতি নারিকেলবিশেষণম্। মোচান্ কদলীরুক্ষান্। কাশ্মবীর্গস্তাবীরুক্ষান্। প্রকান্ বৃক্ষান্। ফলভেদাত্তিদূকভেদ ইতি ন পৌনক্ষ্ক্যেম্। অতএব মহাফলানিতি বিশেষণম্। ক্রমে সেই মহাবীব 'পাণ্ডবগণ—জৌপদী ও সেই মহাত্মা ব্রাহ্মণদেব সহিত মিলিত হইয়া আনন্দিতচিত্তে গন্ধমাদনপর্বতেব বনেব ভিতবে যাইয়া প্রবেশ করিলেন; সে বনটা নন্দনবনের স্থায় মন ও চিত্তেব আনন্দজনক এবং বাসেব যোগ্য ছিল, আৰ তাহাব ভিতরে কুদ্র কুদ্র ও সুন্দৰ স্থানৰ বিভিন্ন বন ছিল। প্রবেশ কবিবাব সময়ে তাঁহাবা আনন্দজনক, স্থন্দর, অস্পষ্ট, শুভদূচক, কর্ণহাবী ও সুমধ্ব পক্ষিবব শুনিতেছিলেন এবং সকল ঋতুব ফলসমূহসম্পন্ন, সকল ঋতুব ফলভাবে অবনত নানাবিধ বৃক্ষ ও লভা দর্শন কবিতে-কুম্বনশোভিত এবং ছিলেন। সেই সকল বৃক্ষেব নাম—আম, আমডা, উত্তন নারিকেল, গাঁব, মুশ্লাতক, জীবক, দাড়িম, বীজপূবক, কাঁঠাল, ডহুযা, কদলী, কপিগ, অন্নবেত্তস (অন্নকুচাই), পারাবত, চম্পক, স্থন্দব স্থন্দব কদম্ব, বিষ,

⁽৪৩) আমানাঝাতকান্ ফুলান্—নি। (৪৪) পনসাল কুচান্ সোচা:—নি।

এতানন্তাংশ্চ বিবিধান্ গন্ধমাদনসামুষু।
ফলৈবমৃতকলৈস্তানাচিতান্ স্বাগ্যভিস্তরন্ ॥৪৭॥
তথৈব চম্পকাশোকান্ কেতকান্ বকুলাংস্তথা।
পুন্নাগান্ সপ্তপর্ণাংশ্চ কর্নিকাবান্ সকেতকান্ ॥৪৮॥
পাটলাঃ কুটল্বান্ রম্যান্ মন্দবেন্দাববাংস্তথা।
পাবিজ্ঞাতান্ কোবিদাবান্ দেবদারুক্রমাংস্তথা ॥৪৯॥
শালাংস্তালাংস্তমালাংশ্চ পিপ্পলানিপ্রদাংস্তদা।
শাল্মলীঃ কিংশুকাশোকান্ শিংশপাঃ সবলাংস্তথা ॥৫০॥
চকোবৈঃ শতপত্রিশ্চ ভূপ্পবাজিস্তথা শুকৈঃ।
কোকিলাঃ কলবিক্রৈশ্চ হাবীতৈর্জ্বিক্রীবকৈঃ ॥৫০॥
প্রিয়কৈশ্চাতকৈশ্চব তথান্তের্বিবিধঃ থগৈঃ।
শোত্রবম্যং স্থমধূবং কুজদ্বিশ্চাপ্যধিষ্ঠিতান্ ॥৫২॥ (কুলকম্)
সরাংসি চ মনোজ্ঞানি সমন্তাজ্জলচারিভিঃ।
কুমুদ্যঃ পুগুবীকৈশ্চ তথা কোকনদোৎপলৈঃ ॥৫০॥

ভারতকোমুদী

আচিতান্ ব্যাপ্তান্। পুশাদিভেদাৎ কেতকস্থাপি ছৈবিধ্যমতঃ সকেতকানিতি পুনক্ষক্তম্। মন্দরা মন্দারাঃ। খেতরক্তভেদেনাশোকভেদঃ। ইঙ্গুদানামপি তথিব ভেদঃ। শতপত্রৈদার্বাঘাটেঃ। অধিষ্ঠিতান্ পূর্ব্বোক্তান্ পাদপান্ পশুন্তো বিবিশুবিতি সম্বন্ধঃ॥৩৯—৫২॥

পঞ্চতঃ কুলকেন সরসাং দর্শনমাহ—সবাংশীতি। সবাংসি চ অপশ্রন্নিতি ব্যবহিতক্রিয়যা

জমু, গস্তারী, বদবী, পাকুড়, উড়ুম্বব, বট, অশ্বখ, ক্ষীবিক, ভল্লাতক, আমলকী, হবীতকী, বিভীতক, ইঙ্গুদী, কবমর্দ্দ এবং বৃহৎ ফলযুক্ত গাব, তাঁহাবা গন্ধমাদনপর্ববৈত্ব সমতল ভূমিতে এই সকল বৃক্ষ এবং অমৃতের স্থায় স্থায় ফলযুক্ত অক্যান্থ নানাবিধ বৃক্ষ দর্শন কবিতে লাগিলেন। আরও দেখিলেন—চম্পক, অশোক, কেতক, বকুল, পুনাগ, সপ্তপর্ণ, কর্ণিকাব, অক্থবিধ কেতক, পাটলা, কুটজ, মনোহব মন্দাব ও ইন্দীবব, পাবিজাত, কোবিদাব, দেবদাক, শাল, তাল, তমাল, পিপ্লল, ইঙ্গুদী, শাল্মলী, কিংশুক, অশোক, শিংশপা ও সবলবৃক্ষ বহিয়াছে এবং সেই সকল বক্ষেব উপত্রে চকোর, কুডলিয়া, ভূঙ্গবাজ, শুক, কোকিল, কলবিষ্ক, হারীত, জীবজীবক, প্রিয়ক ও চাতকপক্ষী এবং অন্যান্থ নানাবিধ পক্ষী কর্ণহাবী স্থমধুর রব করিতে থাকিয়া, অবস্থান করিতেছে ॥৩৯—৫২॥

তৎপবে নবশ্রেষ্ঠ পাণ্ডবেবা গন্ধমাদনপর্ববতেব সমতল ভূমিতে আবও বন-১৬৫ (১) কহলাবৈঃ কমলৈশ্চিব লাচিতানি সমন্ততঃ।
কাদবৈশ্চক্রবাকৈশ্চ কুরবৈর্জলকুকুটিঃ ॥৫৪॥
কাবগুবৈঃ প্লবৈর্ছংদৈর্বকৈর্মদ্গুভিবেব চ।
এতৈশ্চান্তেশ্চ কীর্ণানি সমন্তাজ্জলচাবিভিঃ॥৫৫॥
ছবৈন্তথা তামরদ-রদাদবমদালদেঃ।
পদ্যোদবচ্যুতরজঃকিঞ্জল্কারুণবঞ্জিতৈঃ॥৫৬॥
মঞ্জুমবৈর্মপুকবৈর্বিরুতান্ কমলাকরান্।
অপশ্যংস্তে নরব্যান্তা গন্ধমাদনদানুষু।
তথৈব পদ্যবিগুশ্চ মণ্ডিতাংশ্চ সমন্ততঃ॥৫৭॥ (কুলকম্)
শিখণ্ডিনীভিঃ সহিতাল্ল তামগুপকেরু চ।
মেঘতুর্য্যববোদ্দামমদনাকুলিতান্ ভূশ্য্॥৫৮॥
কুবৈর্ব কেকামপুবং সঙ্গীতং মধুবস্বরম্।
চিত্রান্ কলাপান্ বিস্তীর্য্য সবিলাদান্ মদালদান্॥৫৯॥

ভারতকোমুদী

দম্ম:। পুগুরীকৈ: শ্বেতপলৈ:। কোকনদানি রক্তোৎপলানি। কহলাবৈ: সোগদ্ধিবপলৈ:। আচিতানি ব্যাপ্তানি। কীর্ণানি ব্যাপ্তানি। তাসরসানাং পদ্মানাং বসা এব আসবা মন্তানি তৎপানানীতার্থ: তৈর্বো মদক্ষেন অলসৈনিক্রিকিং।। পদ্মাদবেভ্যুক্তানি যানি রক্তাংসি পরাগাং কিঞ্জন্ধা: কেশরাশ্চ তৈ: অকণং যথা স্থান্তথা বল্লিতি:। মল্লুক্তবি: ফুল্লবন্ধরি:। ক্যলাকরান্ জলাশ্যবিশেষান্। নরব্যাদ্রা: পাণ্ডবা:। পদ্মানাং ষত্ত: সমূহৈ:। বটুপাদোহন্ম শ্লোক:॥৫৩—৫৭॥

ত্রিভির্বিশেষকেণ মবৃবদর্শনমাহ—শিথেতি। শিথণ্ডিনীভিগ্যৃবীভি:। মেঘ: তুর্ঘাং ভাবতভাবদীপঃ

উপক্তস্থ নিবেল, অনুসংসাধ্য অনুগ্যা ॥২৮—৪৪॥ কাশ্বনী গণ্ডাবী, ক্ষীরিকা রাজাদনা ॥৪৫—৫৫॥ তামনসানাং রক্তোৎপলানাম্, রম এব আসবো মলং তজ্জেন মদেন দেখিলেন—বহুতব মনোজ্ঞ সবোবব এবং সকল দিকেই পদ্মসমূহশোভিত সাধাবণ জলাশয রহিয়াছে; সেগুলিব সর্বব্রেই জ্লেন উপরে শ্বেতোৎপল, রক্তোৎপল, শেতপদ্ম, সুবভি পদ্ম ও সাধাবণ পদ্ম শোভা পাইভেছে; সেগুলিব উপব দিয়া সকল দিকেই কলহংস, চক্রবাক, কুকল, পানকৌড়ি, কাবওব, পিবল, হংস, বক ও মদ্গুপদ্দী এবং অক্সান্ম জলচানী পদ্দী বিচরণ কবিতেছে এবং মধুব্যার অনারগণ পদ্মের মধুরূপ মল্পানে অলম হইয়। এবং পদ্মের প্রাণ ও কেশবে রঞ্জিত থাকিয়া বব কবিতেছে ॥৫৩—৫৭॥

আরও দেখিলেন—বনলোলুপ ময়বগণ ভূগ্য-(বাজ) স্বানির তুলা মেঘের

মযুবান্ দদৃশুর্ছ ফীন্ নৃত্যতো বনলালসান্।
কাংশ্চিৎ প্রিয়াভিঃ সহিতান্ বমমাণান্ কলাপিনঃ ॥৬০॥ (বিশেষকম্)
বল্লীলতাসঙ্কটেষু কুটজেষু স্থিতাংস্তথা।
কাংশ্চিচ্চ কুটজানাস্ত বিউপেষ্ ৎকটানিব ॥৬১॥
কলাপরুচিবাটোপনিচিতান্ মুকুটানিব।
বিববেষু তরূণাঞ্চ রুচিবং দদৃশুশ্চ তে ॥৬২॥ (যুগ্মকম্)
সিন্ধুবাবাংস্তথোদারান্ যন্মথস্যেব তোমবান্।
স্থবর্ণবর্ণকুস্থমান্ গিবীণাং শিখবেষু চ ॥৬৩॥
কর্ণিকাবান্ বিকসিতান্ কর্ণপুবানিবোত্তমান্।
তথাহপশ্যন্ কুক্তবকান্ বনবাজিষু পুষ্পিতান্॥৬৪॥ (যুগ্মকম্)

ভাবতকোমুদী

বাছবিশেষ ইব তস্ত ববেণ উদ্ধাম উৎকটো যো মদনস্তেন আকুলিতান্ বিহ্বলীক্বতান্। "কেকা বাণী মযুৱস্তু" ইত্যমরঃ। কলাপান্ পুচ্ছানি। কলাপিনো মযুবান্ ॥৫৮—৬০॥

ষাত্যাং যুগ্মকেনাপববিধমযুবদর্শনমাহ—বল্লীতি। বল্লীতিপ্রতিতিভিঃ লতাতিঃ শাখাতিশ্চ সঙ্কটেষু সঙ্কীর্ণেষু কুঞ্জবিছিতেষু স্থানেম্বিত্যথঃ। "শাখালতে সমে" ইত্যমবঃ। কুটজেষু বৃক্ষেষু, স্থিতান্ মযুবান্। বিটপেষু উপবিস্থাপাস্থ, উৎকটানিব নৃত্যোম্বণানিব, কলাপেন প্রসারিতপুচ্ছেন ক্ষচিরাটোপং স্থালবাড্যবং যথা স্থাত্তথা নিচিতান্ উপরি ব্যাপ্তান্, অতএব মুকুটানিব স্থিতান্, অপরমযুবান্। ক্ষচিবং মযুবাস্তবম্ ॥৬১—৬২॥

ষাভ্যাং যুমকেন কুস্থমদর্শনমাহ—সিন্ধি_বতি। সিন্ধুবাবান্ বৃক্ষবিশেষান্। তোমরান্ ভারতভাবদীপঃ

অলসাঃ ॥৫৬॥ বিরুতান্ বিশিষ্টশব্দযুতান্ ॥৫৭—৬০॥ কুটজেষ্ বৃক্ষবিশেষেষ্ বল্লীনাং লতাপ্রতানানি তৈঃ, সন্ধটেষ্ কুঞ্জীকৃতেষ্ ॥৬১—৬২॥ সিন্ধবারান্ পদ্মবিশেষান্ ॥৬৩—৬৪॥

ধ্বনি শুনিয়া প্রবল কামবেগে অত্যন্ত আকুল হইযা, মধুব কণ্ঠে 'কেকা' কপ মধুব সঙ্গীত গাহিয়া এবং মন্ততানিবন্ধন অলম, বিলাসযুক্ত ও বিচিত্র পুচ্ছ সকল প্রসাবিত কবিয়া, মযূরীগণেব সহিত মিলিত হইযা, লতামগুপেব ভিতবে হাষ্টচিত্তে নৃত্য কবিতেছে, আব কতকগুলি মযূর প্রিয়তমাদের সহিত বমণ কবিতেছে ॥৫৮—৬০॥

তৎপবে আবাব দেখিলেন—কতকগুলি মযূব কুটজবুক্ষেব লতা ও শাখাব কুঞ্জেব ভিতরে বহিষাছে, কতকগুলি মযূব কামোন্মত হইষা কুটজবুক্ষেব শাখায অবস্থান করিতেছে, কতকগুলি মযূব আড়ম্ববেব সহিত স্থূন্দবভাবে পুচ্ছদেশ বিস্তৃত কবায কুটজবুক্ষগুলিব মুকুটেব স্থায় শোভা পাইতেছে এবং কোন কোন মযূব বৃক্ষবিববে বহিয়াছে ॥৬১—৬২॥

কাষবশ্যে হিন্তু করান্ কামস্যেব শবোৎকবান্।
তথৈব বনবাজীনামুদাবান্ রচিতানিব ॥৬৫॥
বিরাজমানাংস্তেহপশ্যংস্তিলকাংস্তিলকানিব।
তথানঙ্গশবাকাবান্ সহকাবান্ মনোবমান্ ॥৬৬॥ (যুগ্মকম্)
অপশ্যন্ ভ্রমবান্ বাজন্। মঞ্জবীভির্বিবাজিতান্।
হিবণ্যদদৃশৈঃ পুজেদাবাগ্রিসদৃশৈবপি ॥৬৭॥
লোহিতবঞ্জনাভৈশ্চ বৈদ্ধ্যসদৃশৈবপি।
অতীব বৃক্ষা রাজন্তে পুজ্পিতাঃ শৈলসামুষু ॥৬৮॥ (যুগ্মকম্)
তথা শালাংস্তমালাংশ্চ পাটলান্ বকুলানপি।
মালা ইব সমাসক্তাঃ শৈলানাং শিখবেষু চ ॥৬৯॥

ভাবতকৌমুদী

অস্ত্রভেদান্। স্থবর্ণবর্ণানি কুস্তমানি যেষাং তান্। কর্ণপ্বান্ গিবীণামেব কর্ণালন্ধারান্। অপশ্রন্, তে পাণ্ডবা ইতি শেষঃ। কুকবকান্ পুষ্পবিশেষান্ ॥৬৩— ৬৪॥

ঘাভ্যাং যুমকেন তিলকপুপাত্রপুপদর্শনমাহ—কামেতি। কামবশ্চানাং জনানামেৎস্কা-করান্। শবোৎকবান্ বাণসমূহান্। বিধাত্রা বচিতান্, জ্ঞীণামিব বনবাজীনাম্ উদারান্ মহতঃ, তিলকান্ বিশেষকানিব বিবাজমানান্, তিলকান্ তিলকবৃক্ষপুপাণি, তথা অনঙ্গনাকারান্ মনোবমান্ সহকাবান আত্রপুপাণি, তে পাণ্ডবা অপশ্চন্ ॥৬৫—৬৬॥

পুনদ্বভাং যুগাকেন ভামবান্ বৃক্ষাংশ্চ বর্ণযতি — অপশ্রামিতি। হিরণ্যসদৃশৈ: স্বর্ণবর্ণো:।
অঞ্জনাতে: কজ্জলবর্ণো:, বৈদ্ধ্যসদৃশো: বৈদ্ধ্যমণিবৎ শ্রামবর্ণো:॥৬৭—৬৮॥

অক্স দিকে দেখিলেন—পর্বতেব শৃঙ্গে কামদেবেব বড বড় তোমরের (অন্ত্র-বিশেষেব) ত্যায় স্বর্ণবর্ণপুষ্পশোভিত সিন্ধুবাববৃক্ষ (নিসিন্দা গাছ) বহিয়াছে এবং বনশ্রেণীব ভিতবে পর্বতেবই উত্তম উত্তম কর্ণভূষণেব ত্যায বিকসিত স্থলপদ্ম ও ও প্রস্ফুটিত কুক্বকপুষ্প শোভা পাইতেছে ॥৬৩—৬৪॥

তাহাব পব তাহাবা দর্শন কবিলেন—কামী লোকদিগেব কামোংকণ্ঠাজনক ও কামবাণসমূহেব আয় এবং বিধাতৃনির্দ্যিত বনশ্রেণীব ললাটতিলকেব আয় বিশাল তিলকপুষ্পাসমূহ ও কামবাণেব তুল্য মনোহব আত্রপুষ্পাসমূহ শোভা পাইতেছে ॥৬৫—৬৬॥

বাজা! তাঁহারা আবও দেখিলেন—অমবগণ পুষ্পমঞ্জবীব রেণুতে রঞ্জিত হইযা বিচরণ কবিতেছে এবং পর্বতেব সমতল ভূমিতে স্বর্ণবর্ণ, অগ্নিবর্ণ, বজবর্ণ, কজ্জলবর্ণ ও বৈদ্ধামণিবর্ণ পুষ্পসমূহদাবা স্থুশোভিত বৃক্ষ সকল অত্যস্ত শোভা পাইতেছে ॥৬৭—৬৮॥

⁽৬৭) অপ্রান্ধারান—বা ব বা পি।

বিমলস্ফটিকাভানি পাণ্ডবচ্ছদনৈর্দ্ধিজেঃ।
কলহংসৈরুপেতানি সারসাভিরুতানি চ ॥৭০॥
সবাংসি বহুশঃ পার্থাঃ পশ্যন্তঃ শৈলসানুষু।
পার্যোৎপলবিচিত্রাণি স্থখপ্পর্শজলানি চ ॥৭১॥
এবং ক্রমেণ তে বীবা বীক্ষমাণাঃ সমন্ততঃ।
গন্ধবন্ত্যথ মাল্যানি বসবন্তি ফলানি চ ॥৭২॥
সবাংসি চ মনোজ্ঞানি রক্ষাংশ্চাতিমনোবমান্।
বিবিশুঃ পাণ্ডবাঃ সর্বের্ব বিস্মযোৎফুর্রলোচনাঃ॥৭০॥
কমলোৎপলকহলাব-পুণ্ডবীকস্থগন্ধিনা।
সেব্যমানা বনে তন্মিন্ স্থখম্পর্শেনি বায়ুনা॥৭৪॥ (কুলকম্)
ততো যুধিষ্ঠিরো ভীমমাহেদং প্রীতিমন্বচঃ।
অহো শ্রীমদিদং ভীম। গন্ধমাদনকাননম্॥৭৫॥

ভাবতকৌমুদী

পুন: ষড্ভি: কুলকেন শালবৃক্ষাদিদর্শনপূর্বকং প্রবেশমাহ—তথেতি। শৈলানাং শিথবেষু, সমাসক্তা মালা ইব শালাদীন পশুস্ত ইতি সম্বন্ধ:। পাগুবচ্ছদনৈঃ শ্বেতবর্ণপক্ষৈঃ দিছিঃ পক্ষিভিঃ করণৈঃ, বিমলক্ষটিকাভানীত্যয়য়ঃ। বহুশো বহুনি। মাল্যানি পুষ্পাণি, "মাল্যং মালাপ্রক্রনয়োঃ" ইতি বিশ্বঃ। উক্তর্মপেণ বায়ুনা সেব্যমানাঃ সর্ব্বে পাগুবাস্তন্মিন্ বনে বিবিশুবিত্যয়য়ঃ॥৬৯—৭৪॥ তত ইতি। আহ্-ব্রবীতি শ্ব। শ্রীমৎ কান্তিযুক্তম্॥৭৫॥

পর্বতশৃঙ্গসংলগ্ন মালার স্থায় শাল, তমাল, পাঁটল ও বকুলবৃক্ষ ছিল এবং খেতপক্ষ পক্ষিগণ উপবে উড়িতে থাকায় নির্দ্মল ফটিকেব স্থায় শুভবর্ণ, কলহংসযুক্ত, সারসপক্ষীব ববে মুখবিত, পদ্ম ও উৎপলসমূহ থাকায় বিচিত্র ও সুখস্পর্শ-জলসমন্বিত বহুতব সবোবর শোভা পাইতেছিল এবং সৌবভসমন্বিত পুষ্পা, স্থাত্ম ফল, মনোহর জলাশয় ও স্থান্দব স্থান্দর বৃক্ষ বিবাজ করিতেছিল, সকল দিকে এই সমস্ত দেখিতে থাকিয়া বিস্ময়ে উৎফুল্লনয়ন হইয়া পাণ্ডবেবা সকলে বনেব ভিতবে প্রবেশ করিলেন; তখন রক্তপদ্ম, খেতপদ্ম, সাধাবণ পদ্ম ও উৎপলেব সৌরভবাহী স্থাস্পর্শ বায়ু বহিত হইতে থাকিয়া তাঁহাদেব সেবা কবিতে লাগিল ॥৬৯—৭৪॥

তাহাব পব যুধিষ্ঠিব প্রীতিসহকারে ভীমের নিকট এই কথা বলিলেন— "ভীম! গন্ধমাদনপর্বতেব এই বনটা আশ্চর্য্য শোভাসম্পন্ন ॥৭৫॥ বনে ছিন্মিন্ মনোবম্যে দিব্যাঃ কাননজা ক্রমাঃ।
লতাশ্চ বিবিধাকাবাঃ পত্রপুষ্পাকলোপগাঃ।
ভান্ত্যেতে পুষ্পবিকচাঃ পুংস্ফোকিলকুলাকুলাঃ॥৭৬॥
নাত্র কণ্টকিনঃ কেচিন্ন চ বিগুল্ত্যপুষ্পিতাঃ।
মিশ্বপত্রফলা রক্ষা গন্ধমাদনসানুষু ॥৭৭॥
ভ্রমবাবাবমধুবা নলিনীঃ ফুল্লপক্ষজাঃ।
বিলোড্যমানাঃ পণ্ডেমাঃ করিভিঃ সকবেণুভিঃ॥৭৮॥
পশ্যেমাং নলিনীঞ্চান্তাং কমলোৎপলমালিনীম্।
স্থাবাং বিগ্রহবতীং সাক্ষাচ্ছ্রিয়মিবাপরাম্॥৭৯॥
নানাকুস্থমগন্ধাচ্যান্তস্থেমাঃ কাননোত্তমে।
উপগীয়মানা ভ্রমবৈ বাজন্তে বন্বাজয়ঃ॥৮০॥

ভাবতকোমুদী

বন ইতি। পত্রাণি পূজাণি ফলানি চ উপগচ্ছস্তি লভন্ত ইতি তে। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৭৬॥
নেতি। বিহুস্তি বিহুস্তে। সিশ্ধানি পত্রাণি ফলানি চ যেবাং তে ॥৭৭॥
ভ্রমরেতি। ভ্রমবাণামাবাবৈগুর্জনৈঃ মধুবা মনোহরাঃ, নলিনীঃ সরসীঃ ॥৭৮॥
পশ্রেতি। নলিনীং সরসীম্। ভ্রশ্ববাং মাল্যধাবিণীম্, বিগ্রহ্বতীং মৃর্ভিমতীম্ ॥৭৯॥
নানেতি। তম্ম গদ্ধমাদনপর্ববিতম্ম। বনানাং রাজয়ঃ শ্রেণয়ঃ ॥৮০॥

ভাবতভাবদীপঃ

কামবখানাং নবাণামে থ্রুক্যকবান্ ॥৬৫— ৬৯॥ ক্ষাটিকাভানি নির্মালানি, সারসানামভিক্ষতঞ্চ বেষু তানি স্বাংসীত্যুক্তবেণাশ্বয়ঃ ॥৭০—৭৪॥ হে ভীম।॥৭৫—৭৮॥ নলিনীং সরসীম,

কারণ, এই মনোহব বনে নানাবিধ স্বর্গীয় বন্ম বৃক্ষ ও লতা—পত্র, পুষ্প ও ফল ধারণ কবিবা শোভা পাইতেছে এবং এগুলিব উপরে পুষ্প সকল প্রফুটিত হইযা রহিবাছে, আর কোকিলগণ বিচবণ কবিভেছে ॥৭৬॥

গন্ধমাদনপর্বতেব এই সমতল ভূমিতে কোন বৃক্ষই কণ্টকযুক্ত নহে, কিংবা পুপাবিহীন নহে; অথচ সকল বৃক্ষেবই পত্র ও ফল স্নিশ্ব ॥৭৭॥

তা'ব পব এই সবোববগুলি দেখ; এগুলিতে পদ্ম সকল ফুটিয়া রহিষাছে, ইহাব উপব দিয়া ভ্রমবর্গণ মধুব বব কবিয়া বেডাইতেছে এবং হস্তিগণ হস্তিনীগণেব সহিত মিলিত হইয়া এগুলিকে আলোডন কবিতেছে ॥৭৮॥

এই আৰ এৰটা সৰোৰৰ দেখ—ইহাতে পদা ও উৎপলেৰ শ্ৰেণী ৰহিষাছে, তাহাতে মাল্যবাৰিণী মূৰ্ত্তিমতী সাক্ষাৎ অপৰা লদ্মীৰ ভ্যায় এটাকে দেখা যাইতেছে॥৭৯॥ পশ্য ভীম! শুভান্ দেশান্ দেবাক্রীড়ান্ সমন্ততঃ।
অমানুষগতিং প্রাপ্তাঃ সংসিদ্ধাঃ স্মো ব্রকোদব!॥৮১॥
লতাভিঃ পুষ্পিতাগ্রাভিঃ পুষ্পিতাঃ পাদপোত্তমাঃ।
সংশ্লিষ্টাঃ পার্থ! শোভন্তে গন্ধমাদনসানুষু ॥৮২॥
শিখণ্ডিনীভিশ্চবতাং সহিতানাং শিখণ্ডিনাম্।
নদতাং শৃণু নির্যোষং ভীম! পর্ববিতসানুষু ॥৮৩॥
চকোরাঃ শতপত্রাশ্চ মন্তকোকিলশাবিকাঃ।
পত্রিণঃ পুষ্পিতানেতান্ সংপতন্তি মহাদ্রুমান্ ॥৮৪॥
রক্তপীতারুণাঃ পার্থ। পাদপাগ্রগতাঃ খগাঃ।
পরম্পরমুদীক্ষন্তে বহবো জীবজীবকাঃ॥৮৫॥

ভারতকৌমুদী

পশ্যেতি। দেবানামাক্রীডান্ ক্রীডাস্পদীভূতান্। সংসিদ্ধাং সম্যক্ সিদ্ধবদ্ভূতাং ॥৮১॥
লতাভিরিতি। পুলিতপদন্বমেন লতাপাদপমোং সহাস্থ্যস্থাপ্ত্রপুক্ষত্বং ব্যজ্যতে ॥৮২॥
শিখেতি। শিথতিনীভির্ম্বীভিঃ। শিথতিনাং ময্বাণাম্ ॥৮৩॥
চকোবা ইতি। পত্রিণং পক্ষিণং, সম্পতন্তি গচ্ছন্তি ॥৮৪॥
বক্তেতি। হে পার্থ। ভীম।। জীবজীবকান্তদাখ্যাং, থগাং পক্ষিণং ॥৮৫॥

গন্ধমাদনের বিশাল বনেব মধ্যে এই অনেকগুলি ক্ষুদ্র ক্রন বহিয়াছে; এ-গুলি হইতে নানাবিধ পুষ্পেব সৌরভ ছুটিতেছে এবং এগুলিব উপব দিয়া ভ্রমবগণ গান করিয়া বেড়াইতেছে ॥৮০॥

ভীম! সকল দিকেই দেবগণেব মঙ্গলময় ক্রীড়াস্থানগুলি দেখ। বুকোুদর়। আমবা মানুষেব অগম্যস্থানে আসিয়া সিদ্ধ হইয়া গিয়াছি ॥৮১॥

পৃথানন্দন! গন্ধমাদনপর্বতেব সমতল ভূমিতে পুষ্পসমন্বিত উত্তম উত্তম বৃক্ষ শোভা পাইতেছে। তাহাব প্রধান কাবণ—পৃষ্পিতাগ্র লতাসমূহ ঐগুলিকে আলিঙ্গন করিয়া বহিষাছে ॥৮২॥

ভীম! মযুবগণ মযুবীগণেব সহিত মিলিত হইয়া পর্ব্বতেব সমতল ভূমিতে বিচবণ কবিতেছে এবং বব কবিতেছে; ভূমি ঐ বব শ্রবণ কর ॥৮৩॥

চকোব, কুড়লিয়া, মত্ত কোবিল ও শাবী—এই সকল পক্ষী পুষ্পসমন্বিত এই বিশাল বৃক্ষগুলির উপবে আসিয়া পড়িতেছে ॥৮৪॥

পৃথানন্দন! বক্তবর্ণ, পীতবর্ণ ও অরুণবর্ণ বহুতব জীবজীবক পদ্দী বুক্দের উপরে থাকিয়া প্রস্পুর অবলোকন কবিতেছে ॥৮৫॥

⁽৮১) ... मः मिन्नाः य वृत्कानव !--वा व का नि ।

হবিতারুণবর্ণানাং শাদ্বলানাং সমীপতঃ।
সাবসাঃ প্রতিদৃশ্যন্তে শৈলপ্রস্রবণেম্বপি ॥৮৬॥
বদন্তি মধুবা বাচঃ সর্বভূতমনোবমাঃ।
ভূঙ্গবাজোপচক্রাশ্চ লোহপৃষ্ঠাঃ পতত্রিণঃ ॥৮৭॥
চতুর্বিষাণাঃ পদ্মাভাঃ কুঞ্জবাঃ সকবেণবঃ।
এতে বৈদূর্য্যবর্ণাভং কোভয়ন্তি মহৎ সবঃ ॥৮৮॥
বহুতালসমূৎ সেধাঃ শৈলশৃঙ্গপরিচ্যুতাঃ।
নানাপ্রস্রবণেভ্যুন্চ বারিধারাঃ পতন্তি চ ॥৮৯॥
ভাস্কবাভাঃ প্রভাভিশ্চ শাবদাল্র্যনোপমাঃ।
শোভয়ন্তি মহাশৈলং নানারজ্বধাতবঃ ॥৯০॥
কচিদঞ্জনবর্ণাভাঃ ক্চিৎ কাঞ্চনসন্নিভাঃ।
ধাতবো হবিতালস্থ ক্চিদ্ধিঙ্গুলকস্থ চ ॥৯১॥

ভাবতকোমুদী

হবিতেতি। শাদলানাং নবতৃণমযন্থানানাম্। শৈলতা প্রস্তবনেষ্ জলপ্রপাতেষ্ ॥৮৬॥
বদন্তীতি। উপচক্রং পার্বত্যপক্ষিবিশেষং, লোহপৃষ্ঠাং কয়াঃ, পতত্রিণং পক্ষিণং ॥৮৭॥
চতুরিতি। চতুর্বিষাণাশ্চতুর্দন্তাঃ। সকবেণবো হস্তিনী দহিতাঃ ॥৮৮॥
বহিবতি। বহুতালসমুৎদেধা বহুবস্তালান্তালধ্বনয়ো যাবহুন্তিষ্ঠন্তি তাবহুচ্চাঃ ॥৮৯॥
ভাস্করেতি। শাবদাং শরৎকালীনা যে অভ্যযনা আকাশমেঘান্তত্বপুমাঃ ॥৯٠॥
ত্রিভিবিশেষকেণ গুহাং স্থানানি চ বর্ণঘতি ক্রচিদিতি। ক্রচিদ্ঞানবর্ণাভাঃ, ক্রচিচ্চ

হরিদ্বর্ণ ও অকণবর্ণ নবতৃণময় স্থানের নিকটে এবং পর্ববতের জলপ্রপাতের নিকটে সারসপক্ষিগণকে দেখা যাইতেছে ॥৮৬॥

ভূঙ্গরাজ, উপচক্র এবং কল্ক-(হাড়গিলা) পক্ষিগণ মধুর ও সমস্ত প্রাণীর চিস্তাকর্ষক রব করিতেছে ॥৮৭॥

চতুদ্দম্ভ ও পদাবর্ণ এই হস্তীগুলি হস্তিনীদের সঙ্গে মিলিয়া—বৈদ্র্য্যমণির স্থায শ্যামবর্ণ বিশাল সবোবরটাকে আলোডিত কবিতেছে ॥৮৮॥

পর্বতশৃঙ্গন্থিত অত্যুক্ত প্রস্রবণ হইতে জলধানা পতিত হইতেছে ॥৮৯॥
সূর্য্যেব স্থায় উজ্জ্বল এবং শবংকালেব মেঘেৰ স্থায় শুভ্রবর্ণ নানাবিধ বৌপ্যধার্থ
মহাপর্ববিতটাকে শোভিত কবিতেছে ॥৯০॥

কোণাও কজ্জনবর্ণ ধাতু, কোণাও ফর্নবর্ণ ধাতু, কোণাও হবিতালেব গুহা,

⁽२•) ভাররাভপ্রভা ভীমা:--বা ব বা নি।

মনঃশিলাগুহাশৈচব সন্ধ্যাত্তনিকরোপমাঃ।
শশলোহিতবর্ণাভাঃ কচিদ্গৈরিকধাতবঃ॥৯২॥
সিতাসিতাত্তপ্রতিমা বালসূর্য্যসমপ্রভাঃ।
এতে বহুবিধাঃ শৈলং শোভয়ন্তি মহাপ্রভাঃ॥৯৩॥ (বিশেষকম্)
গন্ধর্বাঃ সহ কান্তাভির্যথোক্তং রুষপর্বাণ।
দৃশ্যন্তে শৈলশৃঙ্গেরু পার্থ। কিম্পুরুষেঃ সহ॥৯৪॥
গীতানাং সমতালানাং তথা সান্ধাঞ্চ নিস্তনঃ।
শ্রেয়তে বহুধা ভীম! সর্ব্রভূতমনোহরঃ॥৯৫॥

ভাৰতকোমুদী

কাঞ্চনসন্ধিতা ধাতবং, কচিৎ হবিতালক্ত, কচিচ্চ হিন্তুলকক্ত গুহা ইত্যপকৰ্ষঃ, কচিমন:শিলাগুহাং, কচিৎ সন্ধ্যাযাং যোহজনিকরো মেদসমূহস্তত্পমা গুহাঃ, কচিৎ শশবৎ তদাখ্যমূগবৎ লোহিতবর্ণাভা গুহাঃ; কচিচ্চ গৈরিকা ধাতবো যাহ্ম তা গুহাঃ, কচিৎ সিতাসিতালপ্রতিমাঃ শুলুক্তমেঘবর্ণাঃ; কচিঘালহর্ষ্যসমপ্রভাশ্চ, এতে বহুবিধা মহাপ্রভা দেশা ইতি শেষঃ, শৈলং শোভযন্তি ॥১১—১৩॥

গন্ধৰ্কা ইতি। বৃষপৰ্কণা তদাখোন প্ৰাগুক্তেন বাজৰ্ষিণা ॥>৪॥

গীতানামিতি। সমস্তাল: কালক্রিয়ামানং যেষাং তেষাং সামাং গীতানাম্ ॥२৫॥

ভারতভাবদীপঃ

কমলোৎপলয়োরবান্তরজাতিভেদ:। বিগ্রহবতীং শবীরবতীম্ ॥৭৯॥ তন্ত্র শৈলম্ম ॥৮٠—৮৬॥ ভূঙ্গরাজাদয়: পিক্ষিবিশেষা: ॥৮৭॥ চতুর্বিষাণাশ্চতুর্দন্তা:, পদ্মাভা: শ্বেতা: ॥৮৮—৯৩॥ যথোজং বৃষপর্বাণা নিমিত্তভূতেন উক্তং ম্যাস্থবেণ। তথাহি সভাপর্বাণি ম্যেন বৃষপর্বাকথা যুধিষ্টিরং প্রতি সভাকরণপ্রসঙ্গাত্তত্ত্বেম্। "স প্রবাদেবচবিতং তদা তত্র বিশাম্পতে।। কথয়ামাস দৈতেয়: পাণ্ডুপুত্রেম্ ভারত।॥" ইতি সম্যঃ। প্রবাদেবোহস্থবঃ বৃষপর্বা॥৯৪—১০১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে একক্রিশদধিকশততমোহধ্যায়: ॥১৩১॥

কোথাও হিঙ্গুলেব গুহা, কোথাও মনঃশিলাব গুহা, কোথাও সান্ধ্যমেঘের স্থায় অকণবর্ণ গুহা, কোথাও শশেব স্থায় রক্তবর্ণ গুহা এবং কোথাও গৈরিকগুহা, আর কোথাও শুল্রমেঘের স্থায় স্থান, কোথাও কৃষ্ণমেঘের স্থায় স্থান এবং কোথাও নবীন সূর্য্যেব স্থায় স্থান—এইবাপ নানাবিধ মহাপ্রভাসস্পন্ন স্থানগুলি পর্ব্বভটাকে শোভিত কবিতেছে ॥১১—১৫॥

পৃথানন্দন ! বাজর্ষি ব্যপর্বা যেমন বলিযাছিলেন, তেমনই কিন্নবগণ ও গন্ধবর্ণী-গণের সহিত গন্ধবর্ণগকে এই সকল পর্বভিশৃঙ্গে দেখা যাইতেছে ॥১৪॥

⁽२৫) গীতানাং কবতালানাং গীতদামাঞ্চ নিম্বনাঃ। শ্রায়স্তে বহুধা ভীম ! সর্বভূতমনোহরা: ॥
—পি।

বন-১৬৬ (৯)

মহাগঙ্গামুদীক্ষম্ব পুণ্যাং দেবনদীং শুভাম্।
কলহংসগগৈজু ফ্টামুষিকিন্নবসেবিতাম্ ॥৯৬॥
ধাতুভিশ্চ দবিদ্ভিশ্চ কিন্নবৈর্ম্ গপক্ষিভিঃ।
গন্ধবৈরস্পবোভিশ্চ কাননৈশ্চ মনোরহৈঃ ॥৯৭॥
ব্যালৈশ্চ বিবিধাকারৈঃ শতশীর্ষিঃ সমন্ততঃ।
উপেতং পশ্য কোন্ডেয়! শৈলবাজমবিন্দম!॥৯৮॥ (যুগ্মকম্)
বৈশন্পায়ন উবাচ।

তে প্রীতমনসঃ শূবা প্রাপ্তা গতিমন্তুত্তমাম্।
নাতৃপ্যন্ পর্বতেক্ত্রস্থ দর্শনেন পবন্তপাঃ॥৯৯॥
দ্রোপত্যা সহিতা বীবাক্ত্রেশ্চ বিপ্রৈর্মহাত্মভিঃ।
উপেতমথ মাল্যৈশ্চ ফলবদ্ভিশ্চ পাদপেঃ।
আর্ম্রিষেণস্থ রাজর্ষেবাজ্রমং দদৃগুল্ডদা॥১০০॥

ভাবতকৌমুদী

মহেতি। উদীক্ষম্ব অবলোক্ষ। জুষ্টাং সেবিতাম্ ॥৯৬॥
ধাতৃভিরিতি। ধাতৃভির্বৈরিকাদিভি:। মৃগাং পশবং। ব্যালেঃ সর্পে: ॥৯৭—৯৮॥
ত ইতি। গম্যত ইতি গতিঃ স্থানং তাম্, অম্তুমাম্ অত্যুক্তমাম্ ॥৯৯॥
দ্রোপত্যেতি। মাল্যৈনানাবিধপুল্পৈঃ, "মাল্যং মালাপ্রস্থনযোঃ" ইতি বিশ্বং। আষ্টি বৈণশ্র
দৈববাণ্যা প্রাক্ প্রস্তুতশ্র। বটুপাদোহ্যং শ্লোকঃ ॥১০০॥

্ভীম! সকল প্রাণীবই চিত্তাকর্ষক ও সমান তালযুক্ত সামগানের বছবিধ ধ্বনি শুনা যাইতেছে ॥১৫॥

খাষি, কিন্নব ও কলহংস-সেবিভ, পুণ্য এবং মঙ্গলময় দেবনদী মহাগঙ্গাকে দর্শন কর॥৯৬॥

আব, শক্রবিজয়ী কুন্তীনন্দন! এই পর্ব্বতরাজ গন্ধমাদনেব প্রতি দৃষ্টিপাত কর; এই পর্ব্বতেব সকল দিকে নানাবিধ ধাতু, বহুতর নদী, কিন্নর, পশু, পন্দী, গন্ধর্ব, অপ্রবা, অনেক মনোহর বন এবং শতমস্তক নানাপ্রকাব সর্প রহিয়াছে" ॥১৭—১৮॥

মহাবীব ও শক্রবিজয়ী পাশুবেরা সর্কোৎকৃষ্ট স্থানে যাইয়া প্রীতচিত্ত হইয়া গদ্ধনাদনদর্শনে তৃপ্তিলাভ কবিতে পাবিলেন না ॥৯৯॥

তাহাব পৰ মহাবীৰ পাণ্ডবগণ—জৌপদী ও সেই মহায়া ব্ৰাহ্মণগণের

⁽১০٠) প্রথমং পাদক্ষং বা ব নি নান্তি, শ্রোপদীসহিতা বীলা:-- दा।

ততন্তে তিগ্মতপদং কৃশং ধমনিসন্তত্য্। পাবগং সর্বধর্মাণামান্তি ষেণমুপাগমন্ ॥১০১॥ ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিত্যযাং বৈধাসিক্যাং বনপর্ববি যক্ষযুদ্ধে গন্ধমাদন প্রবেশে একত্রিংশদধিকশততমোহধ্যাযঃ॥০॥ **

--0,40--

দ্বাত্রিংশদধিকশন্ততমোহধ্যায়ঃ।

--- °34°---

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিবন্তমাসাত তপসা দগ্ধকিল্বিষম্।

অভ্যবাদয়ত প্রীতঃ শিরসা নাম কীর্ত্তযন্॥১॥

ততঃ কৃষণ চ ভীমশ্চ যমৌ চাপি যশস্বিনৌ।

শিবোভিঃ প্রাপ্য রাজ্বিং পবিবার্য্যোপতস্থিবে॥২॥

ভাৰতকোসুদী

তত ইতি। তে পাগুবাদযঃ। ধমনিসম্ভতং ক্লশথাদেব শিরাব্যাপ্তদেহম্ ॥১•১॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভারতটীকাষাং ভাবতকৌমুদীসমাথ্যাষাং বনপর্বাণি যক্ষযুদ্ধে

একত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ॥०॥

-:*:--

যুগীতি। তম্ আষ্টি ষেণম্। নাম আজানঃ সংজ্ঞান্, বীর্ত্তমন্ পরিচমার্থং ক্রবন্ ॥১॥
তত ইতি। যমো নকুলসহদেবো। প্রাপ্য সম্বধ্য নমস্বত্যেতার্থং, পবিবার্য্য পরিবেষ্ট্য ॥२॥
সহিত মিলিত হইয়া যাইয়া তখন নানাবিধ পুস্প ও ফলবান্ বৃক্ষে পবিপূর্ণ বার্জবি
আর্টি ষেণেব আশ্রম দর্শন কবিলেন ॥১০০॥

তদনস্তব তাঁহাবা উগ্রতপা, কুশদেহ, শিবাব্যাপ্ত ও সর্ব্বধর্ণের পাবগানী আর্ষ্টিবেণেব নিকট উপস্থিত হইলেন ॥১০১॥

----°* °---

বৈশম্পায়ন বলিলেন—তপস্থাব প্রভাবে ঘাঁহাব পাপ বিনষ্ট হইযাছিল, সেই আর্টি বেণমূনিব নিকট উপস্থিত হইয়া, নিজেব নাম কীর্ত্তন কবিয়া প্রীতিসহকারে যুধিষ্টিব মস্তকদ্বাবা তাঁহাকে অভিবাদন কবিলেন ॥১॥

তাহাব পব দ্রোপদী, ভীম এবং যশকী নকুল ও সহদেব মস্তক্চাল লাছবি মাষ্টিবিণকে নমস্থাব কবিয়া তাঁহাকে পবিবেউনপূর্বক অবস্থান কলিলে। । ।

^{* &#}x27;···মইপ্রণশ্দধিক···'—বা ব কা পি, '···এলোন্ট্রাধিক '—নি। (২)···ঘমৌ চ ইত্পবিদ্যো—বা ব কা নি।

তথৈব ধোম্যো ধর্মজ্ঞঃ পাণ্ডবানাং পুবোহিতঃ।
যথান্যাযমুপাক্রামন্তম্বাং শংসিতত্রতম্ ॥৩॥
অন্মজানাৎ স ধর্মজ্ঞো মুনির্দিব্যেন চক্ষুষা।
পাণ্ডোঃ পুত্রান্ কুরুশ্রেষ্ঠানাস্থতামিতি চাত্রবীৎ ॥৪॥
কুরূণাম্বতং পার্থং পূজ্বিদ্বা মহাতপাঃ।
সহ ভ্রাতৃভিবাসীনং পর্য্যপূচ্ছদনাম্যম্ ॥৫॥
নানৃতে কুরুষে ভাবং কচ্চিদ্ধর্মে প্রবর্তমে।
মাতাপিত্রোশ্চ তে বৃত্তিঃ কচ্চিৎ পার্থ। ন সীদতি ॥৬॥
কচ্চিত্তে গুববঃ সর্বের বৃদ্ধা বৈস্থাশ্চ পূজ্বতাঃ।
কচ্চিন্ন কুরুষে ভাবং পার্থ। পাপেযু কর্মস্থ ॥৭॥

ভাবতকোমুদী

তথেতি। যথান্তায়ং বিনযজ্ঞাপনমাত্রপুবংসরমিত্যর্থং ব্রাহ্মণত্বাৎ, উপাক্রামত্পস্থিতঃ ॥৩॥ অন্বিতি। অন্বজানাৎ অবগতবান্। দিব্যেন চক্ষ্মা ধ্যানেনেত্যর্থং। আস্থ্রতাম্পবিশ্বতাম্ ॥৪॥ কুরুণামিতি। পার্থং রুধিষ্টিবম্, পূজ্যিত্বা আসনদানাদিনা সম্মান্ত ॥৫॥

নেতি। অনৃতে মিথ্যাবচনব্যবহাবযো:, ভাবমভিপ্রাযম্। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যারঃ, বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। এবমন্তত্ত্ব। বৃত্তির্ব্যবহাবঃ, ন সীদতি ন হীয়তে ॥৬॥

ভাৰতভাবদীপঃ

যুধিষ্টিব ইতি। নাম কীর্ত্তযন্ যুধিষ্টিরোহহং ত্বামভিবাদয়ে ইতি বদন্ ॥১—৩॥ মুনিঃ ত্বাষ্টিবেশঃ ॥৪—৫॥ বৃত্তির্যথাযোগ্যমাজ্ঞাপালনশ্রাদ্ধকরণাদিরপা ॥৬॥ বৈচ্চাঃ বিভযা

পাণ্ডবগণের পুবোহিত ধর্মজ্ঞ ধৌম্যও, দূঢব্রতশালী সেই ঋষির নিকট যথানিযমে উপস্থিত হইলেন ॥৩॥

তখন ধর্মজ্ঞ আষ্টি বৈণমুনি দিব্যজ্ঞানে কুরুশ্রেষ্ঠ পাগুবগণকে জানিতে পাবিলেন এবং বলিলেন—"তোমবা উপবেশন কর" ॥৪॥

তাহাব পর মহাতপা আষ্টি ষেণমূনি, ভ্রাতৃগণেব সহিত উপবিষ্ট কুকশ্রেষ্ঠ যুধিষ্ঠিবকে সম্মানিত করিয়া তাঁহাদেব আবোগ্যেব বিষয় জিজ্ঞাসা করিলেন (এবং বলিলেন—) ॥৫॥

"পৃথানন্দন! তুমি মিথ্যাবাক্য বলিতে বা মিথ্যা ব্যবহার করিতে ইচ্ছা কব না ত ? ধর্মকার্য্যে তোমার প্রবৃত্তি আছে ত ? এবং মাতা ও পিতাপ্রভৃতি গুরুজন-বর্গেব প্রতি তোমার উপযুক্ত ব্যবহাব বিনষ্ট হয় নাই ত ? ॥৬॥

⁽৩)···যথান্তায়মূপাক্রাস্ত:—বা ব কা নি। (¢) কুরুণামূষভং প্রাক্ত:—পি, ···প্রাপ্তম্—নি।

যুকৃতং প্রতিকর্ত্ত্ব কচিচদ্বাতুগ তুদ্ধৃত্য ।

যথান্তায়ং কুরুশ্রেষ্ঠ ! জানাসি ন বিকথিগে ॥৮॥

যথার্হং মানিতাঃ কচিচন্ত্রখা নন্দন্তি সাধবঃ ।

বনেম্বপি বসন্ কচিচন্বর্গমেবানুবর্ত্তসে ॥৯॥

কচিচদ্বোম্যস্ত্রদাচাবৈর্ন পার্থ ! পরিতপ্যতে ।

দানধর্মতপংশোচৈরার্জ্জবেন তিতিক্ষয়া ॥>০॥

পিতৃপৈতামহং রত্তং কচিচ্ছ পার্থানুবর্ত্তসে ।

কচিচদ্রাজর্মিয়াতেন পথা গচ্ছদি পাগুব । ॥>>॥ (যুশ্মকম্)

স্বে স্বে কিল কুলে জাতে পুত্রে নপ্তরি বা পুনঃ ।

পিতবঃ পিতৃলোকস্বাঃ শোচন্তি চ হসন্তি চ ॥>২॥

কিং রক্ত তুদ্ধতেইস্মাভিঃ সম্প্রাপ্তব্যং ভবিষ্যতি ।

কিং বাহস্ত স্কুতেইস্মাভিঃ প্রাপ্তব্যমিতি শোভনম্ ॥১০॥

ভাবতকৌমূদী

কচিদিতি। তে ত্বা। বৈভা বিভাবন্ত:, পূজিতা উপদেশলাভার্থং সম্মানিতা: ॥৭॥ স্বস্কৃতমিতি। প্রতিকর্জ্থ্য বীপ্সমা বিধাতুম্, হাত্থ্ ত্যক্তম্। বিকথসে শ্লাঘমে ॥৮॥ যথেতি। যথার্থং যথাযোগ্যম্। নন্দন্তি আনন্দমন্থভবন্তি ॥२॥ কচিদিতি। আচাবৈর্ব্যবহাব্যে। আর্জ্জবেন সাবল্যেন। বৃক্তং ব্যবহাব্য্ ॥১•—১১॥ স্ব ইতি। নপ্তবি পৌত্রে। শোচন্তি আশ্বযা, হসন্তি আনন্দেন॥১২॥

পৃথানন্দন! তুমি—সমস্ত গুৰুজন, বৃদ্ধ ও বিদ্বান্দিগেব সম্মান কবিয়া থাক ত ? এবং পাপকাৰ্যা কবিতে ইচ্ছা কব না ত ? ॥৭॥

কুকশ্রেষ্ঠ ! তুমি যথানিয়মে বাব বাব ধর্মকার্য্য কবিতে এবং পাপকার্য্য পরিত্যাগ কবিতে জান ত ! এবং আত্মশ্রাঘা কব না ত । ॥৮॥

তুমি যথাযোগ্য সমান কবায় সাধুলোকেবা আনন্দিত হন ত ? এবং তুমি বনে বাস করিয়াও ধর্মেবই অনুসবণ কব ত ? ॥১॥

পৃথানন্দন! তোমাব ব্যবহাবে ধৌমাপুনোহিত পবিতপ্ত হন না ত ?
কুস্তীনন্দন! তুমি—দান, ধর্ম, তপস্থা, শৌচ, সবলতা ও সহিষ্ণুতা দ্বারা পিতৃপিতামহের পদ্ধতিব অনুসবণ কব; ত ? এবং পাভ্নন্দন! বাজর্ষিবা যে পথে
চলিয়া গিয়াছেন, তুমি সেই পথে চলিতেছ ত ? ॥১০—১১॥

মাপন আপন বংশে পুত্র বা পৌত্র জন্মিলে, পিতৃলোকস্থিত পিতৃগণ শোকও করেন, হাস্তও করেন ॥১২॥ মাতা পিতা তথৈবাগ্নিগু রুবাত্মা চ পঞ্চমঃ। যস্তৈতে পুজিতাঃ পার্থ। তস্থ লোকাবুভৌ জিতৌ ॥১৪॥ যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! বাচ্যমাহৈতদ্যথাবদ্ধর্শ্মনিশ্চয়ম্। যথাশক্তি যথান্তায়ং ক্রিযতে বিধিবন্ময়া ॥১৫॥ আষ্টি ষেণ উবাচ।

অন্তক্ষা বায়ুভক্ষাশ্চ প্লবমানা বিহায়সা। জুষন্তে পর্বতশ্রেষ্ঠয়ুষয়ঃ পর্ববদন্ধিয়ু ॥১৬॥ কামিনঃ সহ কান্তাভিঃ পবস্পবমন্তব্রতাঃ। দৃশ্যন্তে শৈলশৃঙ্গস্থান্তথা কিম্পুরুষা নূপ!॥১৭॥

ভারতকৌসুদী

নমু কথং শোচন্তি হসন্তি বেত্যাহ—কিমিতি। অস্ত জাতত্ম পুত্রত্ম নপ্ত_{ন্}র্বা, হৃত্বতে পাপে সতি, সম্প্রাপ্তব্যং তুঃথমিতি শেষ:। শোভনং স্থথম্ ॥১৩॥

মাতেতি। পূজিতা যোগ্যোপচারেণ দেবিতা:। উভৌ ইহপরাথ্যো ॥১৪॥ ভগবন্নিতি। বাচ্যং ভবাদৃশেন বক্তব্যম্, আহ ভবান্ ব্রবীতি। ক্রিয়তে ত্বকৃত্তম্ ॥১৫॥ অবিতি। অন্তক্ষা জলমাত্রপাযিন:। প্লবমানা তবন্তঃ, বিহায়সা আকাশমার্গেণ। জুয়ন্তে সেবস্তে। পর্বাদম্বন্ধু প্রতিপৎপঞ্চদশ্যো: সন্ধিকালেযু ॥১৬॥

ভাবতভাবদীপঃ

বিদিতা: ॥৭॥ স্বষ্ঠু ক্বতমশু তম্পকাবিণং তুদ্ধতমপকাবিণং হাতুং তাজুং ন বিকথসে জ্ঞাতাশ্মীতি ন শ্লাঘদে ॥৮ —১৪॥ যথাবিৎ মাহ যথা মামাহ ॥১৫॥ পর্ববদন্ধিষু প্রতিপৎ-

কারণ, (তাঁহাবা ভাবেন—) উহাব পাপে আমাদের কি ত্রংখভোগ কবিতে হইবে ? না—উহাব পুণ্যে আমাদেব সুখভোগ করিতে হইবে ? ॥১৩॥

কুন্তীনন্দন! মাতা, পিতা, অগ্নি, গুৰু ও আত্মা—এই পাঁচটীব যিনি সেবা কবেন, তাঁহার পক্ষে ইহলোক ও পবলোক—এই উভয় লোকই জয় কবা হয"॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্! আপনি আপনাদেব স্থায় লোকের বক্তব্য এই ধর্ম্মনিরূপণ যথাযথভাবেই বলিলেন; আমিও শক্তি এবং স্থায় অনুসাবে যথাবিধানে ইহা করিয়া থাকি" ॥১৫॥

আর্ষ্টি ষেণ বলিলেন—"জলমাত্রপায়ী ও বাযুমাত্রভোজী ঋবিবা পূর্ণিমা ও প্রতিপদের কিংবা অমাবস্থা ও প্রতিপদেব সন্ধিসময়ে আকাশপথে আসিয়া এই পর্ববিতের সেবা করেন ॥ ৬॥

⁽১৫) ভগবয়ার্যা। মাহৈতৎ—বা ব কা নি।

অবজাংসি চ বাসাংসি বসানাঃ কৌশিকানি চ।

দৃশ্যন্তে বহবঃ পার্থ! গন্ধর্বাপ্সবসাং গণাঃ ॥১৮॥

বিভাধরগণাশৈচব শ্রেষণঃ প্রিয়দর্শনাঃ।

মহোবগণণাশৈচব শ্রুপর্ণাশেচাবগাদয়ঃ ॥১৯॥

অস্ম চোপরি শৈলস্থ শ্রুমন্তে পর্বসিম্ধিরু।
ভেবীপণবশঙ্খানাং মুদঙ্গানাঞ্চ নিম্বনাঃ ॥২০॥

ইহস্থৈবেব তৎ সর্বাং শ্রোতব্যং ভরতর্বভাঃ।।

ন কার্য্যা বঃ কথঞ্চিৎ স্থান্তত্রাভিগমনে মতিঃ ॥২১॥

ন চাপ্যতঃ পরং শক্যং গন্তং ভরতসত্তমাঃ।।

বিহাবো হৃত্ত দেবানাম্মানুষগতিস্ত সা ॥২২॥

স্বিচ্চপলকর্মাণং মনুষ্যমিহ ভারত।।

দ্বিষন্তি সর্ববভূতানি তাড়য়ন্তি চ রাক্ষসাঃ ॥২০॥

ভাবতকোমুদী

কামিন ইতি। কান্তাভিঃ প্রিয়তমাভিঃ। অন্তর্তা অনুকূলাঃ ॥১৭॥
অবেতি। অবজাংসি নির্মালানি, বসানাঃ পবিদ্যানাঃ, কোশিকানি কোমাণি ॥১৮॥
বিছেতি। প্রথিণো মাল্যধাবিণঃ। অপর্পাঃ স্বর্ণচূড়াঃ কিবীটিন ইত্যর্থঃ ॥১৯॥
অথাশ্বস্তঃ স বিসম্ণালমশ্বায়াগ্রতো নিক্ষিপ্য পুষ্কবিণীতীরে সংবিবেশ। ততঃ শয়ানো মধুবং গীতমশৃণোৎ ॥৮॥

স শ্রেছাহচিন্তয়ৎ—নেহ মনুযাগতিং পশ্যামি। কম্ম খল্বয়ং গীতশব্দ ইতি ॥৯॥

অথাপশ্যৎ কন্যাং পরমরূপদর্শনীয়াং পুষ্পাণ্যবচিন্নতীং গায়জীঞ্চ। অথ সা রাজ্ঞঃ সমীপে পর্য্যক্রামৎ ॥১০॥

তামব্রবীদ্রাজা—কস্থাদি ভদ্রে! কা বা ত্বমিতি। সা প্রভ্যুবাচ— ক্যাম্মীতি। তাং বাজোবাচ—অর্থী ত্বয়াহমিতি॥>>॥

অথোবাচ কন্যা—সমযেনাহং শক্যা ত্বয়া লব্ধুং নান্যথেতি। বাজা তাং সময়মপুচ্ছৎ। কন্যোবাচ—নোদকং যে দর্শয়িতব্যমিতি॥>২॥

ভারতকৌমুদী

অথেতি। আশ্বন্ত: অপনীতশ্রমা, বিসেন পদ্মত্তন যুক্তং মুণালং নলদমিতি বিস্
মুণালম্, মধ্যপদলোপী সমাসা:। "মুণালং নলদে ক্লীবং জ্বীনপুংসক্ষোর্বিসে" ইতি মেদিনী।
সংবিবেশ উপবিষ্টবান্ ॥৮॥

স ইতি। কন্স মন্ত্রান্তা, মন্ত্রান্তেব গীতশবশ্রবণাৎ । ন।

অথেতি। পরমেণ রূপেণ দর্শনীযাং স্থদৃশ্রাম্। পর্য্যক্রামদাগচ্ছৎ ॥১০॥

তামিতি। কন্তা অজাতবিবাহা। ত্বশা অর্থী তৎপ্রার্থীত্যর্থ: ॥১১॥

তাহার পর বাজা প্রান্তি দূব কবিয়া, অশ্বেব সম্পূর্যে পদ্মেব মূণাল এবং বিণ্যাঘাস সমর্পণপূর্বক সেই পুষ্কবিণীব তীবে প্রথমে উপবেশন কবিলেন, পরে শয়ন কবিয়া মধুব গীতধ্বনি শুনিতে পাইলেন ॥৮॥

তিনি সেই গীতধ্বনি শুনিয়া চিন্তা কবিলেন—'এখানে মনুয়োব গতি দেখি না, অথচ এ গীতধ্বনি কাহার ?' ॥১॥

তাহার পর তিনি দেখিলেন—পরমম্বন্দবী একটা কন্তা পুষ্প চয়ন কবিতেছে, আব গান গাহিতেছে। তৎপবে সেই কন্তাটা বাজাব নিকটে আগমন করিল॥১০॥

তখন রাজা তাহাকে বলিলেন—"ভদ্রে। তুমি কাহাব ? কেই বা তুমি ?" কন্যাটী বলিল—"আমি কন্যা"। বাজা তাহাকে বলিলেন— "আমি তোমাকে প্রার্থনা কবি" ॥১১॥

পরে কন্যাটা বলিন—"আপনি একটা শপথ কবিয়া আমাকে লাভ করিতে পাবেন, অন্থ প্রকারে নহে"। বাজা তাহাব নিকট শপথেব বিষয় জিজ্ঞাসা করিলেন; সে বলিন—"আমাকে জন্ম দেখাইতে পাবিবেন না" ॥১২॥ স রাজা তাং বাঢ়মিত্যুক্ত্যু তামুপযেমে। ক্বতোদ্বাহশ্চ রাজা পরিক্ষিৎ ক্রীড়মানো মুদা পরময়া যুক্তস্তৃফীং সঙ্গম্য তয়া সহাস্তে॥১৩॥

ততস্তত্ত্বোদীনে রাজনি সেনাহম্বগচ্ছৎ। পদং পদেন দৃষ্ট্বা চ রাজানং পরিবার্য্যাতিষ্ঠৎ ॥১৪॥

পর্য্যাশ্বন্তশ্চ রাজা তরৈব সহ শিবিকয়া প্রায়াদবঘটিতয়া স্বনগরমনু-প্রাপ্য রহসি তয়া সহাস্তে ॥১৫॥

তত্রাভ্যাসম্খেহপি কশ্চিত্তং নাপশ্যৎ। অথ প্রধানামাত্যোহভ্যাস-চরাস্তম্ম স্ত্রিয়োহপূচ্ছৎ—কিমত্র প্রয়োজনং বর্ত্তইতি ॥১৬॥

ভারতকৌমুদী

অথেতি। সময়েন কেন্চিৎ শপ্থেন। সময়ং শপ্থম্॥১২॥

স ইতি। বাচং নোদকং দর্শবামীতি প্রতিজ্ঞানে। আন্তে তিষ্ঠতি শ্ব ॥১৩॥

তত ইতি। আদীনে অবতিষ্ঠমানে, দেনা তত্ত্যৈব বাহিনী। পদেন রাজ্ঞঃ পদচিহন্দর্শনেন, পদং বাজঃ স্থিতিস্থানম্। পরিবার্য্য পবিবেষ্ট্য ॥১৪॥

পবীতি। প্র্যাশ্বন্ধঃ স্থানোদর্শনেন নিরুদ্বেগচিত্তঃ, ত্যা ভার্য্যয়া। প্রাযাদগচ্ছৎ, অবঘটিতয়া দঞ্চলিতয়া। বহসি নির্জ্জনে, ত্যা ভার্য্যয়া॥১৫॥

তত্ত্বতি। অভ্যাদে নিকটে তিষ্ঠতীতি সং। নাপখৎ, মণ্ডুকস্থতাযান্তভা বাজভার্ঘ্যাযাঃ, প্রভাবাদিতি ভাবং। তম্ম বাজ্ঞঃ, অভ্যাদচবাং নিকটচাবিণীং। প্রযোজনম্, যুদ্মাকমত্রাবস্থান ইতি শেষঃ ॥১৬॥

"তাহাই হইবে" এই কথা বলিষা বাজা তাহাকে বিবাহ কবিলেন এবং বিবাহ কবিষা রাজা পবিক্ষিৎ তাহাব সহিত মিলিত হইয়া পবম আনন্দে বিহাব করতঃ অবস্থান কবিতে লাগিলেন ॥১৩॥

বাজা সেইখানেই অবস্থান করিতেছেন, এমন সময়ে ভাঁহাব সৈম্মগণ সেখানে আগমন কবিল এবং তাহাবা বাজাব চবণচিহ্ন দেখিয়া ভাঁহাব অবস্থানেব স্থান জানিতে পাবিয়া তথায় যাইযা বাজাকে পবিবেষ্টন করিয়া বহিল ॥১৪॥

ভৎপরে বাজা আশ্বস্ত হইষা সেই ভার্য্যার সহিতই সঞ্চলিত শিবিকায় আবোহণ কবিষা প্রস্থান কবিলেন এবং আপন বাজধানীতে যাইয়া কোন নির্জ্জন স্থানে সেই ভার্য্যার সহিত অবস্থান করিতে লাগিলেন ॥১৫॥

সেখানে কোন লোক ।নিকটে থাকিষাও বাজাকে দেখিতে পাইত না। তাহার পব একদা প্রধানমন্ত্রী যাইয়া বাজাব নিকটবর্ত্তিনী বমণীদিগকে জিজ্ঞাসা কবিলেন—"এখানে তোমাদের থাকার কি প্রয়োজন আছে ?" ॥১৬॥

⁽১¢)···প্ৰায়াদবঘোটিতয়া—বা ব কা ।

অথাক্রবংস্তাঃ দ্রিয়ঃ—স্ত্রিয়মপূর্ববামিহ পশ্যামস্তাঞ্চ রাজা সময়েনোপ-ভুঙ্*ক্তে*, যথোদকং মে ন দর্শয়িতব্যমিতি ॥১৭॥

দ তথা বচনং শ্রুত্বাহনুদকং বনং কার্যিছোদাবরৃক্ষং বহুপুপ্পফলমূলম্, তস্ত মধ্যে মুক্তাজালমযীং পার্শ্বে বাপীং স্থগূঢ়াং স্থধোপলিপ্তাম্, দ বহুস্থাপ-গম্য রাজানমত্রবীৎ ॥১৮॥

বনমিদমুদারমকুদকম্। সাধবত্র রম্যতামিতি ॥১৯॥

ভাবতকৌমূদী

অথেতি। সমযেন শপথেন। উদকপ্রদর্শননিবাবণাধ্যৈব ব্যমত্ত স্থিতা ইত্যাশয়ঃ ॥১৭॥ দ ইতি। অমূদকং জলবিহীনম্। উদাবাঃ প্রশন্তা বৃক্ষা যত্ত তৎ, বহুনি পুশাণি ফলানি মূলানি চ যত্ত তত্তাদৃশঞ্চ বনং কার্যযিষ্ধা, তন্তা বনন্তা মধ্যে, একন্মিন্ পার্থে, মূক্তা-জালময়ীং রাজ্যো জলদর্শননিবারণায় মূক্তাজালখচিতবজ্ঞাদিনা আর্তজলাম্, অতএব ম্বগ্রামতীবগুপ্তাম্, ম্থ্যা চূর্ণলেপেন উপলিপ্তাম্ উপলিপ্তমন্তাম্, বাপীং কাঞ্চিন্দীর্ঘিকাঞ্চ কার্যযিন্তেতি সম্বন্ধঃ। বহুদি নির্জ্জনে। উদকাদর্শনশপথশ্রবণেন তদ্ধর্শনন্ত্যৈব তন্তার্যানাশকত্মস্তাবনয়া মন্ত্রিণায়মূপায়ঃ প্রাত্তম্কতঃ। যেন উদকাদর্শনাদেব বাজা প্রবিশেৎ, উদক্দর্শনেন চ মণ্ড্কস্থতা বিনশ্রেৎ, তত্ত্বচ ত্যক্তরাজকার্য্যোহিপি বাজা পুনঃ স্বকর্মণি প্রবর্ত্তেত্যবধেয়ম্ ॥১৮॥

তঘনবাসং রাজ্ঞে বোচযতি—বনমিতি। উদাবং প্রশন্তম্। দাধু স্বষ্ঠু ॥১৯॥

ভাবতভাবদীপঃ

মারণন্তজনাতাত্তপি কর্মাণি রুঞ্চাধৈতবিতাবলেনৈব সিধ্যন্তীতি মণ্ড্,কাথ্যাযিকঘৈবাহ—
ভূম ইতি ॥১—১৪॥ অবঘোটিতযা শ্লক্ষীকৃত্যা ॥১৫॥ অভ্যাসন্তোহপি নিকটন্থোহপি,
নাপশ্রৎ ক্রীভাসক্তং রাজানমিতি শেষঃ। প্রযোজনং কর্তব্যম্ ॥১৬—১৯॥ অতি-

তথন সেই রমণীবা বলিল—"এখানে আমবা একটা অপূর্ব্ব বমণী দেখিতেছি; এই রমণীটা বাজাকে বলিযাছিল যে, "আমাকে জল দেখাইতে পাবিবেন না।" বাজা সেই শপথ করিয়াই তাহাব সহিত সম্ভোগ কবিতেছেন" ॥১৭॥

মন্ত্রী সেই কথা শুনিষা জলবিহীন একটা উন্তান নির্মাণ কবাইলেন; তাহাতে স্থান স্থান বৃদ্ধ ও বহুতর ফল, ফুল ও মূল নির্মিত হইল; আব তাহার মধ্যে একপার্শ্বে একটা দীর্ঘিকা নির্মাণ কবাইলেন; তাহাব ঘাটগুলি চূর্ণলেপে লিপ্ত কবিলেন এবং মুক্তাখচিত বসনদারা (নিপুণভাবে) তাহার জল আবৃত কবিলেন; স্থতরাং সে দীঘিটা গুপুই বহিল। তাহাব পব মন্ত্রী যাইয়া নির্জানে বাজাকে বলিলেন—॥১৮॥

[্]ৰ (১৮) অত বিবিধাঃ পাঠভেদাঃ সন্থি।

স তস্তা বচনাত্তিয়ব সহ দেব্যা তদ্বনং প্রাবিশৎ। স কদাচিত্তিস্মিন্ কাননে রম্যে তথ্যিব সহ ব্যবাহরৎ। অথ ক্ষুত্ফার্দ্দিতঃ প্রান্তোহতিমুক্তকা-গাবমপশ্যৎ ॥২০॥

তৎ প্রবিশ্য রাজা সহ প্রিয়য়া স্থসংস্কৃতাং বিমলাং সলিলপূর্ণাং বাপী-মপশ্যৎ ॥২১॥

দৃষ্ট্বৈব চ তাং তম্মাশ্চ তীরে সহৈব তয়া দেব্যা ব্যতিষ্ঠত ॥২২॥
অথ তাং দেবীং স রাজাহব্রবীৎ—সাধ্ববতর বাপীসলিলমিতি ॥২৩॥
সা তদ্বচঃ শ্রুত্বাহ্বতীর্য্য বাপীং শুমজ্জন্ন পুনরুদমজ্জৎ ॥২৪॥

ভারতকোমুদী

স ইতি। ব্যবাহরৎ জতবিচরণাত্মকং ব্যায়ামমকবোৎ। অতিম্ক্তকাগারং মাধবীলতাগৃহম্, "অতিম্ক্তঃ পুঞ্,কঃ ভাগাসন্তী মাধবীলতা" ইত্যমবঃ ॥২০॥

তদিতি। স্থদংশ্বতাং স্থপরিশ্বতাম্। মন্ত্রিচাতুর্ব্যেণৈর জলপ্রদর্শনমিতি বোধ্যম্ ॥২১॥ দৃট্বৈতি। তাং বাপীম্। দেব্যা মহিস্তা, ব্যতিষ্ঠত দণ্ডাযমানোহভূৎ ॥২২॥ অথেতি। সাধু ভদ্রম্। এতৎ সর্বং প্রাগুক্তশপথবিশ্মরণাদের জাতমিতি বোধ্যম্ ॥২৩॥ সেতি। সা দেবী। স্থামজ্জৎ জলে নিমগ্রাহভবৎ, উদমজ্জৎ উদ্তিষ্ঠৎ ॥২৪॥

"মহাবাজ! এই বনটী বডই মনোহর, অথচ জলবিহীন; স্থতবাং আপনি এখানে আশানুরূপ বিহার ককন" ॥১৯॥

মন্ত্রীর উক্তি অনুসারে সেই মহিষীব সহিতই বাজা সেই বনে প্রবেশ কবিলেন। তাহাব পর কোন সমযে বাজা সেই মনোহব উন্তানেব মধ্যে মহিষীর সহিতই ক্রত বিচবণ কবিলেন। তৎপবে তিনি পবিশ্রান্ত এবং ক্ষুধায় ও পিপাসায কাতব হইযা একটা মাধবীলতাব মণ্ডপ দেখিতে পাইলেন॥২০॥

বাজা প্রিয়তমাব সহিত সেই মাধবীলতামগুপে প্রবেশ কবিয়া স্থপবিষ্কৃত, নির্ম্মল ও জলপূর্ণ একটা দীঘি দেখিতে পাইলেন ॥২১॥

সেই দীঘিটা দেখিয়াই বাজা তাহার তীবে দেই রাণীব সহিত দাভাই-লেন ॥২২॥

তাহাব পব বাজা বাণীকে বলিলেন—'ভাল, এই দীঘির জলে তুমি অবতবণ কব'' ॥২৩॥

বাজাব সেই কথা গুনিযা রাণী দীঘিতে নামিয়া নিমগ্ন হইলেন, আব উঠিলেন না॥২৪॥ তাং স মৃগয়মাণো বাজা নাপশ্যৎ। বাপীমথ নিঃস্রাব্য, মণ্ডূকং শ্বভ্রুখে দৃষ্ট্বা ক্রুদ্ধ আজ্ঞাপয়ামাস স রাজা—সর্ববন্ধ ক্রবন্ধঃ ক্রিয়তামিতি, যো ময়ার্থী স মাং মৃতমণ্ডূকোপায়নমাদায়েবোপতিষ্ঠেদিতি ॥২৫॥

অথ মণ্ড্কবধে ঘোরে ক্রিয়মাণে দিক্ষু সর্বাহ্ন মণ্ড্কান্ ভয়মাবি-বেশ ॥২৬॥

তে ভীতা মণ্ডুকা মণ্ডুকরাজ্ঞে যথারত্তং অবেদয়ন্ ॥২৭॥

ততো মণ্ডুকরাট্ তাপসবেশধারী রাজানমভ্যগচ্ছৎ, উপেত্য চৈন-মুবাচ॥২৮॥

মা বাজন্! ক্রোধবশং গমঃ, প্রসাদং কুরু, নার্ছসি মণ্ড,কানামনপ-রাধিনাং বধং কর্ত্তুমিতি। শ্লোকো চাত্র ভবতঃ—॥২৯॥

ভারতকৌমুদী

তামিতি। মুগ্যমাণঃ অন্বিশ্তন্। বাপীং বাপীজলম্, নিংস্রাব্য নিংসার্য্য। মণ্ড_ুকং ক্ষিন্তেকম্, শ্বন্তুথে তত্ততাগর্তমুখে। ময়া অর্থী মমাস্তিকে প্রার্থী ভবেৎ ॥২৫॥

অথেতি। ক্রিয়মাণে রাজলোকৈঃ ॥২৬॥

ত ইতি। মণ্ডুকবাজ ইত্যদন্তবাভাব আৰ্বঃ ॥২ ৭॥

তত ইতি। মণ্ডুকরাট স মণ্ডুকানাং রাজা ॥২৮॥

মেতি। ক্রোধবশং মা গম ইত্যন্ত্রয়:। ভবতো ভবিতুমর্হতঃ ॥২ ।।

তখন রাজা অন্নেষণ কবিয়াও বাণীকে দেখিতে পাইলেন না। তাহার পর তিনি দীঘিব জল সবাইয়া দিয়া, একটা গর্ত্তের মুখে একটা ব্যাঙ্ দেখিয়া, কুদ্ধ হইয়া আদেশ করিলেন যে, "সমস্ত ব্যাঙ্ মাবিয়া ফেল এবং যে ব্যক্তি আমাব নিকট কোন বিষয়ে প্রার্থী হইবে, সেও যেন মৃত ব্যাঙ্ উপহার লইয়াই আমাব নিকট উপস্থিত হয়"॥২৫॥

তদনন্তব রাজার লোকেবা সকল দিকেই ভয়ঙ্করভাবে ভেকবধ করিতে লাগিলে ভেকজাতির ভয় উপস্থিত হইল ॥২৬॥

তখন তাহাবা ভীভ হইষা ভেকবাজেব নিকট যাইয়া সেই বৃত্তান্ত জানাইল ॥২৭॥

তাহার পব ভেকদিগের বাজা তপস্বীর বেশ ধাবণ করিয়া রাজা পবিক্ষিতের নিকট প্রস্থান কবিলেন এবং তাঁহাব নিকট উপস্থিত হইয়া বলিলেন—॥২৮॥

"রাজা! আপনি ক্রোধেব অধীন হইবেন না, প্রসন্ন হউন; আপনি নিবপরাধ ভেক বধ করিবেন না। এ বিষয়ে ছইটী শ্লোকও হইতে পারে—॥২৯॥ মা মণ্ড, কান্ জিঘাংস ত্বং কোপং সন্ধারয়াচ্যুত!।
প্রক্ষীয়তে ধনোদ্রেকো জনানামবিজানতাম্॥৩০॥
প্রতিজানীহি নৈতাংস্থং প্রাপ্য ক্রোধং বিমোক্ষ্যদি।
অলং কৃত্বা তবাধর্ম্মং মণ্ডুকৈঃ কিং হতৈর্হি তে॥৩১॥
তমেবংবাদিনমিউজনশোকপরীতাত্মা রাজাহথোবাচ—॥৩২॥

নহি শ্বন্যতে তন্মবা, হনিষাম্যেতান্। এতৈর্হি ছুরাজ্মভিঃ প্রিয়া মে ভক্ষিতা। সর্কথৈব যে বধ্যা মণ্ডুকাঃ। নার্হসি বিদ্বন্! মামুপরোদ্ধু-মিতি॥৩৩॥

স তদ্বাক্যমুপলভ্য ব্যথিতেন্দ্রিযমনাঃ প্রোবাচ—॥৩৪॥

ভারতকৌমুদী

মেতি। হে অচ্যুত। ধর্মাদভটে। রাজন্। জং মণ্ড্কান্ ভেকান্, মা জিঘাংস হন্তমিচ্ছ। কোপং সন্ধায়য সংবৃণ্। স্থায্যসন্থায়ঞ্চ অবিজ্ঞানতাং জনানাম্, ধনোদ্রেকঃ ধনাদীনামভ্যুদ্যঃ, প্রক্ষীয়তে হ্রুসতি ॥৩০॥

প্রতীতি। খনেতৎ প্রতিজানীহি যৎ, এতান্ মণ্ডুকান্, প্রাপ্য বিষয়ীকৃত্য, ক্রোধং ন বিমোক্ষ্যদি ন কবিক্সদি। তব অধর্মং কৃষা অলং পাপং ন কুর্বিত্যর্থঃ। হতৈর্মণ্ডুকৈঃ, তে তব কিং ফলম্, অপি তু কিমপি ন ॥৩১॥

তমিতি। ইষ্টজনশু প্রিষাযাঃ শোকেন পবীতো ব্যাপ্ত আত্মা মনো যক্ত সঃ ॥৩২॥ নহীতি। বিদ্বন্নিতি সম্বোধনেন মণ্ড্কানামপবাধং জানাদীতি স্ফিতম্॥৩৩॥

ভাবতভাবদীপঃ

মৃক্তকাগারং বাসন্তীগৃহম্ ॥২০—২০॥ ধনোন্তেকঃ শ্রীতপসোরুৎকর্মঃ ॥৩০॥ প্রতিজানী ছি
নিশ্চযং কুক, প্রাপ্য প্রাপ্যা, মৃত্যুং ক্রোধং স্ত্রীশোকজম্, অলং রুস্বা মা কুরু ॥৩১—৩৪॥

ধার্মিক বাজা! আপনি ভেকদিগকে বধ কবিবাব ইচ্ছা কবিবেন না, জ্রোধ সংবৰণ কব্দন। কাৰণ, যাহাবা স্থায্য ও অস্থায্য জ্ঞানে না, সেই সকল লোকের উন্নতি হ্রাস পায ॥৩০॥

আপনি প্রতিজ্ঞা ককন যে, ভেকদিগেব উপবে ক্রোধ কবিবেন না এবং অধর্ম্মও কবিবেন না। কাবণ, ভেক বধ কবায আপনাব ফল কি ?" ॥৩১॥

মণ্ডূকবাজ এইরূপ বলিতেছিলেন, তখন প্রিয়াশোকার্ত্ত চিত্ত রাজা পবিক্ষিৎ বলিলেন—॥৩২॥

"আমি ক্ষমা করিব না, ইহাদিগকে বধই করিব। কাবণ, এই ছ্বাত্মারা আমাব প্রিয়তমাকে ভক্ষণ কবিয়াছে; অতএব ভেকগণ সর্ব্বপ্রকাবেই আমার বধ্য; স্মৃতরাং হে বিদ্বন্। আপনি আমাকে অন্তবোধ করিতে পারেন না"॥৩এ প্রদীদ রাজন্! অহমায়ুর্নাম মণ্ডুকরাজঃ, মম সা চহিতা স্থােভনা নাম। তস্থা হি দৌঃশীল্যমেতৎ—বহবস্তয়া রাজানো বিপ্রলব্পুর্ব। ইতি॥৩৫॥

তমব্রন দ্রাজা—তয়াহস্মার্থী, সা মে দীয়তামিতি ॥৩৬॥
অথৈনাং কাজে পিতাহদদদব্রনী চৈনাম্, এনং বাজানং শুল্রাষ্ট্রেতি ॥৩৭॥
স এবমুক্ত্ব্বা ছহিতরং ক্রেদ্ধঃ শশাপ—যন্মাত্বয়া রাজানো বিপ্রলব্ধা বহবঃ,
তম্মাদব্রহ্মণ্যানি ত্রাপত্যানি ভবিষ্যন্তীত্যনৃতকত্বাত্তবেতি ॥৩৮॥

দ রাজা তামুপলভ্য তস্থাং স্থরতগুণনিবদ্ধহদয়ো লোকত্রয়েশ্বর্য্য-মিবোপলভ্য হর্ষবাষ্পকলয়া বাচা প্রণিপত্যাভিপূজ্য মণ্ড্,কবাজমত্রবীৎ— অনুগৃহীতোহস্মীতি ॥৩৯॥

ভারতকৌমূদী

স ইতি। স মণ্ড্কবাট্, উপলভ্য শ্রুষা, ব্যথিতমিন্দ্রিযমেব মনো যস্ত সং ॥৩৪॥
প্রদীদেতি। সা সভার্য্যাহং প্রাপ্তপূর্বা। বিপ্রলব্ধ পূর্বাং পূর্বাং বঞ্চিতাং ॥৩৫॥
তমিতি। ত্যা অর্থী অন্মি তাং প্রার্থ্যামীত্যর্থং ॥৩৬॥
অথেতি। রাজ্যে পবিক্ষিতে, পিতা মণ্ড্করাজ্য, এনাং ক্যাম্ ॥৩৭॥

স ইতি। স মণ্ড্বরাজ:। বিপ্রলক্ষা: প্রতাহিতা:। তক্ষাৎ বাজ্ঞাং প্রতাবণাকবণাৎ, তব অনৃতক্ত্বাৎ ততুপক্রমে মিথ্যাব্যবহারাচ্চ, তব অপত্যানি, অব্রহ্মণ্যানি ব্রাহ্মণানা-মহিতক্বাণি। ব্রহ্মণ্যেতি তত্র সাধোঁ যঃ ।৩৮॥

न ইতি। রাজা পরিক্ষিৎ। স্থরতগুণেন নিবদ্ধমারুষ্টং হাদ্যং যক্ত নঃ। হর্ষবাম্পেণ -আনন্দবাম্পেণ কলা মধুবাকুটা তথা। অভিপূজ্য নমস্কাবেণ ॥৩२॥

মণ্ডুকরাজ পরিক্ষিতের সেই কথা শুনিয়া ব্যথিতচিত্ত হইযা বলি-লেন—॥৩৪॥

"রাজা। আপনি প্রসন্ন হউন। আমি ভেকজাতিব রাজা, আমার নাম— 'আযু'; আপনার সেই ভার্য্যা আমাবই কন্তা; তাহাব নাম—'স্থুণোভনা'। তাহাব এইটাই কুস্বভাব যে, সে—পূর্বেও বহুতর রাজাকে প্রতাবিত কবিয়াছে"॥৩৫॥

তথন পরিক্ষিং রাজা মণ্ডুকবাজকে বলিলেন—''আমি তাহাকে প্রার্থনা কবি, আপনি তাহাকে আমায় দান ককন" ॥৩৬॥

তাহাব পব মণ্ড্,কবাজ আপন কন্সা স্থশোভনাকে পবিক্ষিতেব হস্তে দান কবিলেন এবং কন্সাকে বলিলেন—"তুমি এই রাজার পরিচর্য্যা করিতে থাক" ৩৭॥ স চ মণ্ড,করাজো গুহিতব্যসুজ্ঞাপ্য যথাগত্মগচ্ছৎ ॥৪০॥

অথ কম্মচিৎ কালস্ম তস্থাং কুমাবাস্ত্রয়স্তস্ম রাজ্ঞঃ সংবভূবুঃ—শলো দলো বলগেচতি ॥৪১॥

ততন্তেষাং জ্যেষ্ঠং শলং সময়ে পিতা বাজ্যেহভিষিচ্য তপসি ধৃতাত্মা বনং জগাম ॥৪২॥

অথ কদাচিচ্ছলো মুগয়ামনুচরন্ মূগমাসাগু রথেনাম্বধাব । সূত্ঞোবাচ —শীঘ্রং মাং বাহয়স্বেতি ॥৪৩॥

স তথোক্তঃ সূতো রাজানমব্রবীৎ—ন ক্রিয়তামনুবন্ধঃ, নৈষ শক্যস্ত্রয়া মুগো গ্রহীভুম্। যগুপি তে বথে যুক্তো বাম্যো স্থাতামিতি ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। অফুজাপ্য স্বামনে অফুজাং কার্য়িস্বা 18 । ।।

অথেতি। কশুচিৎ কালশু অতিক্রমে সতীতি শেষঃ। ইতি নামভিঃ॥৪১॥

তত ইডি। পিতা পবিক্ষিৎ। ধৃতাত্মা মনসি গৃহীতযত্মঃ ॥৪২॥

অথেতি। মৃগযাং কর্ত্ত্মিতি শেষ:। বাহয়ত্ব মৃগান্তিকং প্রাপয় ॥৪৩॥

দ ইতি। অমুবন্ধ: ক্রতগমনে আগ্রহাতিশয়:। ন শক্য:, অনযোরশ্বযোর্যন্দগাসিত্বাৎ। বাম্যো মহাক্রতগামিনাবশ্ববিশেষো। তদা এব মৃগো গ্রহীতুং শক্য ইতি শেষ: ॥৪৪॥

মণ্ডুকবাজ এইবাপ বলিয়া ক্রুদ্ধ হইয়া কন্যা স্থানোভনাকে অভিসম্পাত করিলেন—'যেহেতু তুই বহু বাজাকে প্রতাবিত করিয়াছিস্ এবং মিথা ব্যবহাব কবিয়াছিস্, সেই হেতু তোর সম্ভান ব্রাহ্মণের অহিতকাবী হইবে' ॥৩৮॥

এদিকে বাজা পৰিক্লিং সুশোভনাকে লাভ কৰিয়া, বতিগুণে তাহাতে আকৃষ্টচিত্ত হইয়া, ত্রিভুবনেৰ ৰাজত্বই যেন লাভ কৰিয়া, ভূতলে পতিত হইয়া, নমস্কাৰ কৰিয়া, আনন্দৰাষ্পাগদ্গদৰাক্যে মণ্ডুকরাজকে বলিলেন—"অনুগৃহীত হইলাম" ॥৩৯॥

মগু,করাজও কন্সাব অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৪০॥
তাহাব পব কিছুকাল অতীত হইলে সেই স্থশোভনার গর্ভে পবিক্ষিতেব
তিনটী পুত্র জন্মিল; তাহাদেব নাম হইযাছিল—শল, দল ও বল ॥৪১॥

তদনন্তব পিতা পবিক্ষিৎ জ্যেষ্ঠপুত্র শলকে বাজ্যে অভিষিক্ত করিয়া তপস্থায় মনোনিবেশপূর্ব্বক বনে গমন কবিলেন ॥৪২॥

তাহাব পর কোন সময়ে শল বথে আরোহণ কবিয়া মৃগয়া করিবার জন্ম বহির্গত হইযা, একটা মৃগ পাইয়া তাহাব পিছনে ধাবিত হইলেন এবং সার্থিকে বলিলেন—''আমাকে সম্বর মৃগের নিকটে লইয়া যাও''॥৪৩॥ ততোহব্রবীশ্রোজা সূত্র্, আচক্ষ্ব মে বাম্যো বাজিনো ত্বাপৃচ্ছামীতি ॥৪৫॥ স এবমুক্তো রাজভয়ভীতঃ সূতো বামদেবশাপভয়ভীতণ্চ সন্নাচধ্যো রাজ্ঞে—বামদেবস্থাখো বাম্যো মনোজবাবিতি ॥৪৬॥

অথৈনমেবং ব্রুবাণমব্রবীদ্রাজা—বামদেবস্থাত্রমং যাহীতি॥৪৭॥

স গন্থা বামদেবাশ্রমং তম্ব্যব্রবীৎ—ভগবন্। মূগো মে বিদ্ধঃ পলায়তে, তং সম্ভাবয়িতুমর্হসি বাম্যো দাতুমিতি ॥৪৮॥

তমব্রবীদৃষিঃ—দদানি তে বাম্যো, ক্বতকার্য্যেণ ভবতা মমৈব বাম্যো নির্যাত্যো ক্রিপ্রমিতি ॥৪৯॥

ভারতকৌমূদী

তত ইতি। তা তাং পৃচ্ছামি, মে আচক্ষ, বাম্যো বান্ধিনো বুত্ত ন্ত ইতি শেষঃ ॥১৫॥

দ ইতি। বামদেবতা মুনেং, বাম্যো বামীদংজ্ঞকো ॥৪৬॥

অধেতি। এনং স্তম্ । ৪ १।

न हेलि। त्य यथा। नखादिष्कः धर्द्भ् १८७।

রাজা সেইবাপ বলিলে. সাবথি রাজাকে বলিল—"মহাবাজ! বিশেষ আগ্রহ করিবেন না। কাবণ, আপনি ঐ হরিণকে ধ্রিতে পারিবেন না। তবে আপনার রথে যদি 'বামী'-নামক ক্রতগামী তুইটা অহা যুক্ত করিতে পাবা যায়, তবে উহাকে ধ্রিতে পারিবেন" ॥৪৪॥

তাহার পর রাজা সার্থিকে বলিলেন—''তোমাকে জিজ্ঞাসা করি, তুমি আমার নিকট বল—বামী অথ কোথায় আছে'' ।৪৫॥

রাজা এইনপ বলিলে, সারথি রাজার ভয়ে এবং বামদেবের শাপেব ভয়ে ভীত হইয়া রাজাকে বলিল—'বামদেবমূনির 'বামী'-নামক মনের স্থায় ফ্রতগামী তুইটা অথ আছে" ॥৪৬॥

সার্থি এইরূপ বলিলে, রাজা তাহাকে কহিলেন—"বামদেবের আশ্রমে চল" ॥৪৭॥

ক্রমে বাজা বামদেবেব আশ্রমে যাইয়া তাঁহাকে বলিলেন—"ভগবন্। আমি একটা হরিণ বিদ্ধ করিয়াছি, অথচ সে পলাইতেছে। স্থতবাং সেটাকে ধরিবার জন্ম আপনার বামী তুইটা দিতে পাবেন গু"॥৪৮॥

তখন বামদেব বাজাকে কহিলেন—"আমি আপনাকে বামী ছুইটা দিতেছি, আপনি কিন্তু কুতকার্য্য হইয়া আবার সহুবই আমাব নিকটে ফিবাইয়া দিবেন" ॥৪৯॥

⁽৪৫) **দত্র নানাবিধাঃ পাঠভেদাঃ দন্তি।**

স চ তাবশ্বে প্রতিগৃহানুজ্ঞাপ্য চর্ষিং প্রায়াদ্বামীয়ুক্তেন রথেন মূগং প্রতি। গচ্ছংশ্চাত্রবীৎ সূত্র—অশ্ববদ্রাবিমাবযোগ্যে প্রাহ্মণানাম্। নৈতো প্রতিদেয়ে বামদেবায়েত্যুক্ত্বা মূগমবাপ্য স্বনগরমেত্যাশ্বাবন্তঃপুরেহস্থাপয়ৎ ॥৫০॥

অথর্ষিশ্চিন্তয়ামাস— তরুণো রাজপুত্রঃ কল্যাণং পত্রমাসাগ্য রমতে, ন মে প্রতিনির্যাতয়তি। অহো কন্টমিতি ॥৫১॥

স মনসা বিচিন্ত্য মাসি পূর্ণে শিশ্যমত্রবীৎ—গচ্ছাত্রেয! রাজানং ক্রহি, যদি পর্য্যাপ্তম্, নির্যাতয়োপাধ্যায়ায় বাম্যাবিতি ॥৫২॥

স গত্বৈবং তং রাজানমত্রবীৎ, রাজা প্রত্যুবাচ—রাজ্ঞামেতদ্বাহনম্, অনহা ব্রাহ্মণা রত্নানামেবংবিধানাম্। কিং ব্রাহ্মণানামশ্যৈ কার্য্যম্। সাধু গম্যতামিতি ॥৫৩॥

ভারতকৌমূদী

তমিতি। মমৈব সমীপে, নির্বাত্যো প্রত্যর্পণীযো ॥৪२॥

স ইতি। অহজাপ্য স্বগমনে অহজাং কাব্যত্তা। অশ্বে তৌ বামদেববাম্যো ॥৫০॥

অথেতি । কল্যাণমূত্তমমিত্যর্থঃ, পত্তং বাহনম্ "সর্বাং স্থাদ্বাহনং যানং যুগ্যং পত্তঞ্চ ধোবণম্" ইত্যমবঃ । প্রতিনির্ধাত্যতি প্রত্যপ্রিতি ॥৫১॥

স ইতি। পর্য্যাপ্তং কার্য্যং সমাপ্তম্, তদা নির্যাত্য প্রত্যর্পয় ॥৫২॥

ভারতভাবদীপঃ

বিপ্রলক্ষা বঞ্চিতা: ॥৩৫—৩৭॥ ব্রহ্মাণ্যং ব্রাহ্মণহিতং তেন রহিতানি অব্রহ্মণ্যানি ॥৩৮—৪৩॥ বাম্যো বামদেবীযোঁ বথে যুক্তো, অশ্বো অশ্বতরো বামীপ্রযুক্তেনেতি বাক্যশেষাৎ ॥৪৪—৫০॥

তথন রাজা সেই অশ্ব তুইটাকে গ্রহণ করিয়া, মুনির অনুমতি লইয়া, সেই অশ্বযুক্ত রথে আবোহণ পূর্বক হরিণের প্রতি ধাবিত হইলেন এবং তথন সাবিথিকে কহিলেন—"এই উৎকৃষ্ট অশ্ব তুইটা ব্রাহ্মণেব পক্ষে অযোগ্য। স্থৃতরাং এ তুইটাকে আমি বামদেবকে ফিরাইয়া দিব না"। এই কথা বলিয়া হরিণ লাভ করিয়া, রাজধানীতে যাইযা সেই অশ্ব তুইটাকে অন্তঃপুরে রাথিয়া দিলেন॥৫০॥

তাহার পর বামদেব চিন্তা করিলেন—"যুবক রাজপুত্র ভাল বাহন পাইয়া আমোদ কবিতেছেন, আমাকে ফিরাইযা দিতেছেন না। হায়! কি কণ্ঠ" ॥৫১॥

তিনি মনে মনে এইবপ চিন্তা করিয়া একমাস পূর্ণ হইলে একজন শিশ্যকে বলিলেন—"আত্রেয়। তুমি যাও, যাইয়া রাজাকে বল,—যদি কার্য্য সমাপ্ত হইয়া থাকে, তবে অশ্ব ছুইটা অধ্যাপকমহাশয়কে ফিরাইয়া দিন" ॥৫২॥ ন গত্তিত প্রপাধ্যায়ায়াচফ, তচ্ছ ুত্বা বচনমপ্রিয়ং বামদেবঃ ক্রোধপরী-তাত্মা স্বয়মেব বাজানমভিগম্যাখার্থমচোদয়ৎ, ন চাদদদ্রাজা ॥৫৪॥

বামদেব উবাচ।

প্রযক্ত বাম্যো মম পার্থিব! তং কৃতং হি তে কার্য্যমাভ্যামশক্যম্। যা তা বধীদরুণো ঘোরপাশৈর্ত্তক্ষক্তস্থান্তরে বর্ত্তমানম্॥৫৫॥

রাজোবাচ।

অনড্যাহোঁ স্বব্ৰতো সাধুদান্তাবেতদ্বিপ্ৰাণাং বাহনং বামদেব !। , তাভ্যাং যাহি ত্বং যত্ৰ কামো মহৰ্ষে ! ছন্দাংসি বৈ ত্বাদৃশং সংবহন্তি ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি। অনহা ব্যবহারে অযোগ্যা:, বজানাং শ্রেষ্ঠবন্ত নাম্।৫৩।

ন ইতি। ক্রোধেন পরীতাত্মা ব্যাপ্তচিতঃ। অচোদ্যৎ প্রাণোদ্যৎ 1081

প্রযাছেতি। বাম্যো উত্মো ম্যাখো। অভাবৈরশক্যং কার্য্যম্, আভ্যাং বামীভ্যাং কৃতম্। তা তাম্। ব্রহ্মকত্রভ বাহ্মণক্ষতিবযোঃ, অভরে বহিঃ।৫৫।

অনেতি। অনজাহোঁ বৃষভোঁ, স্বৰতোঁ স্থানিষমোঁ, সাধুদান্তোঁ স্থানিজতোঁ। ছন্দাংসি বেলা এব স্থাদৃশং সংবহন্তি, তেনানভূহোবপি ন প্রযোজনমিতি ভাবঃ ।৫৬।

আত্রেয় যাইয়া সেই রাজাকে এইরূপই বলিল; তখন রাজা প্রত্যুত্তব করিলেন—"এই বাহন রাজাদেরই উপযুক্ত; কিন্তু ব্রাহ্মণেবা এই জাতীয় উত্তম বস্তুব অযোগ্য। স্থৃতবাং অশ্বদ্ধারা ব্রাহ্মণদের কি প্রয়োজন আছে ? আপনি ভালভাবে চলিয়া যান" ॥৫৩॥

আত্রেয় যাইয়া এই কথাই অধ্যাপককে বলিল। তখন বামদেব সেই অপ্রিয় কথা শুনিয়া ক্রুদ্ধ হইয়া নির্ফেই বাজার নিকট যাইযা অথ তুইটী ফিরাইয়া দিতে বলিলেন: কিন্তু রাজা দিলেন না ॥৫৪॥

তথন বামদেব বলিলেন—"রাজা। এই অশ্ব ছুইটা অন্থ অশ্বের অসাধ্য কার্য্য করিয়াছে; এখন আমার অশ্ব ছুইটা আমাকে দিন। আপনি ব্রাহ্মণ ও ক্ষত্রিযের বাহিবে আসিয়া পড়িয়াছেন, অতএব বরুণদেব যেন ভয়ন্তব পাশ ছাবা আপনাকে বন্ধন না কবেন"॥৫৫॥

রাজা বলিলেন—"বামদেব! স্থনিযমযুক্ত এবং স্থাশিক্ষিত ছুইটা বৃষ্ট্ ব্রাহ্মণদের উপযুক্ত বাহন। স্থতবাং মহর্ষি! আপনি তাহা দ্বাবাই যেখানে ইচ্ছা হ্য গমন করুন। অথবা বেদ্ট ত আপনার মত লোককে বহন কবিয়া থাকে" থেঙা

বামদেব উবাচ।

ছন্দাংসি বৈ মাদৃশং সংবহন্তি লোকে২মুগ্মিন্ পার্থিব! যানি সন্তি। অস্মিংস্ত লোকে মম যানমেতদম্মদিধানামপরেষাঞ্চ রাজন্!॥৫৭॥

ব্লাজোবাচ।

চত্বারম্বাং বা গর্দ্দভাঃ সংবহস্ত শ্রেষ্ঠাশ্বতর্য্যো হরয়ো বাতরংহাঃ।
তৈম্বং যাহি ক্ষত্রির্থৈয়েব বাহো মথৈব বাম্যো ন তবৈতো হি বিদ্ধি ॥৫৮॥
বামদেব উবাচ।

যোরং ব্রতং ব্রাহ্মণকৈতদান্ত্রেতদ্রাজন্ ! যদি হা জীবমানঃ।

অয়ন্ময়া ঘোররূপা মহান্তশ্চদ্বারো বৈ যাতুধানাঃ হুরোদ্রাঃ।

মযা প্রযুক্তান্ত্রধমীপ্সমানা বহস্ত দ্বাং শিতশূলাশ্চতুর্দ্ধা ॥৫৯॥

ভারতকৌমুদী

ছন্দাংসীতি। হে পার্থিব। যানি ছন্দাংসি জগতি সন্থি, তানি চ্ছন্দাংসি বেদাং তদ্ধায়ন-জনিতানি প্ণ্যানীত্যর্থ:, মাদৃশং ব্রাহ্মণম্, অম্ঘিন্ লোকে পরলোক এব, সংবহন্তি হুর্গং নযন্তি। কিন্তু হে রাজন্। অন্মিন্ লোকে মম এতদামীদ্বমেব অন্মনিধানাম্ অপরেযাং যুদ্মদাদীনাঞ্চ যানং বাহনম্। অতো দীষতাং বামীদয়মিতি ভাবং ॥৫৭॥

চন্দার ইতি। মন্দত্তাশ্চন্ধাবো গর্দ্ধভাং, শ্রেষ্ঠাশ্বতর্যাং, বাতরংহা বায়ুবেগাং, রংহংশব্দোহত্ত অদন্তঃ, হবয়ো ঘোটকা বা ত্বাং সংবহস্ত। তং তৈর্বাহি। বাহ ঈদৃশং বাহনম্,
ক্ষত্রিবন্দ্রৈব যোগ্য ইতি শেবং। অতএব এতো বাম্যো অশ্বো, মমৈব, ন তব, ইতি হি
বিদ্ধি জানীহি॥৫৮॥

ঘোরমিতি। এতৎ অত্যাচারিদমনরপং ঘোবং বতং বাহ্মণশ্রাহম্নয়:। যদি এতৎ তৎ ব্রতমবলম্বেতি শেষঃ, জীবমানঃ অহং জীবরশ্মি। তদা হা হে রাজন্। ময়া প্রযুক্তাঃ, অযম্মবা লোহমবাঃ, শিতশূলাঃ, ঘোরকপাঃ, স্থবোদ্রাঃ অত্যুগ্রস্বভাবান্চ, মহাস্তশ্চথারো যাত্ধানা রাহ্মসাঃ, ছম্বধমীপ্সমানাঃ নস্তঃ, ছাং চতুর্দ্ধা চতুস্বভীকৃত্য বহস্ত। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৫৯॥

বামদেব বলিলেন—"রাজা। জগতে যে বেদ আছে, তাহা (তাহা অধ্যয়ন কবায় যে ধর্ম হয়, সেই ধর্ম) আমার মত ব্রাহ্মণকে পবলোকেই যথা-স্থানে লইয়া যায়। কিন্তু ইহলোকে আমাব এই অশ্বযুগলই আমাব মত লোকের এবং অন্থান্য লোকেব বাহন"॥৫৭॥

রাজা বলিলেন—"মূনি! মংপ্রদন্ত চাবিটা গর্জভ, শ্রেষ্ঠ অশ্বতরী, কিংবা বাযুব তুল্য বেগবান্ অশ্ব আপনাকে বহন কৰুক; আপনি সেই গুলিছাবাই যাতায়াত ককন, কিন্তু এই অশ্ব তুইটা ক্ষত্রিয়েরই উপযুক্ত; স্মৃতরাং আপনি অবগত হউন যে, এই অশ্ব তুইটা আমারই—আপনাব নহে" ॥৫৮॥

রাজোবাচ।

যে ত্বাং বিত্র ক্রিণং বামদেব ! বাচা হস্তং মনসা কর্ম্মণা বা।
তে ত্বাং সশিয়মিহ পাত্যস্ত মদ্বাক্যনুমাঃ শিতশূলাসিহস্তাঃ ॥৬০॥
বামদেব উবাচ।

মমৈতো বাম্যো প্রতিগৃহ্ রাজন্। পুনর্দদামীতি প্রপত্ত মে ত্বয়। প্রযক্ত শীন্ত্রং মম বাম্যো ত্বমশ্বো যতাত্মানং জীবিতুং তে ক্ষমং স্থাৎ ॥৬১॥

ভারতকৌমুদী

য ইতি। হে বামদেব ! যে বাক্ষসা:, ত্বাম্, বাচা মনসা কর্মণা বা, হন্তং পরং নাশ-যিতুমিচ্ছন্তমিত্যর্থঃ ব্রাহ্মণং বিহুঃ, তে শিতশ্লাসিহন্তা বাক্ষসাঃ, মন্বাক্যেন হ্লাঃ প্রেরিতাঃ সন্তঃ, ইহৈব সশিশ্যং ত্বাং পাত্যন্ত ॥৬০॥

মমেতি। হে বাজন্। স্থ মে সমীপ এব প্রনর্দদামীতি প্রপত্ত অঙ্গীক্বতা, এতে মম বাম্যো প্রতিগৃহ আনীতবানিতি শেষঃ। অতএব মম বাম্যো বামীসংজ্ঞকো অধ্যে শীব্রং প্রযক্ত, যদি তে আত্মানম্, জীবিত্বং জীবিতং বক্ষিত্বং ক্ষমমূচিতং স্থাৎ ॥৬১॥

ভারতভাবদীপঃ

পত্রং বাহনম্ ॥৫১—৫৪॥ অন্তরং ভেদে ॥৫৫—৫৭॥ বাহো বাহনম্ ॥৫৮॥ যদেতৎ বাহ্মণস্থ স্বমাজীবমানোহস্থৈতদিহ ঘোবমনিষ্টপাকং বতং কর্মাহবিত্যন্বয়:। বহন্ত চতুর্দিশ্ব প্রাপ্যস্ত চতুর্দ্ধা ক্বন্থেতি শেষঃ ॥৫৯॥ যে স্বাং মাং হস্তমূদ্যুক্তং তে মদীযাভামেব পাত্যস্থি-

বামদেব বলিলেন—"মুনিবা বলেন—অত্যাচারীকে দমন করা ব্রাহ্মণেব অপবিহার্য্য ব্রত। স্থতবাং বাজা। আমি যদি সেই ব্রত অবলম্বন পূর্ব্বক জীবন ধাবণ কবিয়া আসিতে থাকি, তবে আমাব আদেশে লোহেব আয দৃঢ়শবীব, ভয়ন্তবমূর্ত্তি, ভয়ন্তবস্থভাব ও তীক্ষণূলধাবা চানিটা বিশাল বাক্ষস তোমাব বধ কামনাপূর্ব্বক তোমাকে চাবি খণ্ড কবিয়া বহন করুন"। ১৯।

বাজা বলিলেন—"বামদেব। যে বাক্ষসেবা তোমাকে বাক্য, মন ও কর্ম্মনিবা পবহিংসক ব্রাহ্মণ বলিবা জানে, তাহাবা আমাব মাদেশে তাফু শূল ও অসি ধাবণ কবিয়া এখনই শিয়াবর্গেব সহিত তোমাকে নিপাতিত ককক" ১৬০॥

বামদেব বলিলেন—"বাজা। তৃমি আমাব সমক্ষেই 'আবার দিব' এইরূপ শৌকাব কবিয়া আমাব এই ঘোড়া গুইটা লইয়া আদিয়াহ। সূত্রাং মদি তোমাব জীবন বকা কবা উচিত হয়, তবে সহর তৃমি আমাব দেই বানী সহ গুইটা কিবাইয়া দাও"॥৬.॥

রাজোবাচ।

ন ব্রাহ্মণেভ্যো মৃগয়া প্রসূতা ন দ্বাহনুশাস্যাগ্যপ্রভৃতি ছসত্যম্।
তবৈবাজ্ঞাং সম্প্রণিধায় সর্ব্বাং তথা ব্রহ্মন্! পুণ্যলোকং লভেয়ম্ ॥৬২॥
বামদেব উবাচ।

নানুযোগা ব্রাহ্মণানাং ভবন্তি বাচা রাজন্। মনসা কর্মণা বা।

যন্ত্বেং ব্রহ্ম তপসাম্বেতি বিদ্বান্ তেন শ্রেফো ভবতি ছি জীবমানঃ ॥৬৩॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্তে বামদেবেন রাজন্! সমুত্তস্থু রাক্ষদা ঘোররূপাঃ। তৈঃ শূলহক্তৈর্বধ্যমানঃ স বাজা প্রোবাচেদং বাক্যমুক্তিন্তদানীম্ ॥৬৪॥

ভারতকৌমূদী

া নেতি। ব্রাহ্মণেন্ডো মৃগয়া ন প্রস্থতা বিধাত্রা ন বিহিতা। অতএব এতদ্যানমন্দদিধানামিতি যত্ত্বং তদসত্যমেব ঈদৃশশু যানশু মৃগয়ায়া এবোপয়াগিত্বাদিতি ভাবং।
তথাপি অসত্যং বদস্তমপি তা তাম্, ন অহশান্দি ন দণ্ডয়ামি, দয়য়ৈবেত্যাশয়াঃ। কিন্ত
হে ব্রহ্মন্। অগ্রপ্রভৃতি তব সর্বামেবাজ্ঞাম্ এতয়ামীপ্রত্যপ্রবৃত্তবিক্তামিত্যভিপ্রায়ঃ,
সংপ্রবিধার সম্যক্ প্রবিধানেন পালয়িত্বা, য়থা পুর্ণ্যলোকং লভেরম্॥৬২॥

নেতি। হে রাজন্! বাচা মনসা কর্মণা বা বান্ধণানাম্ অন্থযোগা দণ্ডা ন ভবন্তি। যো বিন্ধান্, বন্ধ বাহ্মণম্, এবমদণ্ডাম্, অন্বেতি জানাতি, স বিদ্ধান্ জীবমানঃ সন্, তেন তপ্রদৈব শ্রেষ্ঠো ভবতি। অতো মন্দণ্ডচিন্তাপি তবান্তায্যেতি ভাবঃ ॥৬৩॥

এবমিতি। সম্তক্ষ্ণ, বামদেবপ্রভাবাদেব, তদেব চ বান্দণমাহাত্ম্যমিতি ভাব: ॥৬৪॥
ভারতভাবদীপঃ

ত্যর্থ: ॥৬০—৬১॥ অসত্যং মিথ্যাবাদিনমপি তা তাং নাত্শান্মি ন দণ্ডায়ামি, অগ্নপ্রভৃতি তবাজামিতি সম্বন্ধ: । তবাপরাধান্ ক্ষমিয়ে আজ্ঞরা চ বর্তিয়ে ইতি ববদয়ং জেনম্॥৬২॥ এতৎ প্রত্যাচটে নেতি। অন্ধ্যোগঃ শাসনম্, অদণ্ডা ব্রাহ্মণা ইত্যর্থ: । ব্রন্ধ ব্রাহ্মণজাতিং যো ব্রাহ্মণসেবী স জীবত্যতো নশ্যতীত্যর্থ: , বর্বনমিপ নির্থকমিতি ভাব: ॥৬৩—৬১॥

রাজা বলিলেন—"বিধাতা ব্রাহ্মণদেব পক্ষে মৃগযা বিধান কবেন নাই। স্থতবাং তুমি মিথ্যা কথা বলিতে থাকিলেও আমি দযা করিয়াই তোমার দণ্ড করিতেছি না। কিন্তু ব্রাহ্মণ। এই অশ্বপ্রত্যর্পণ ব্যতীত তোমার সমস্ত আদেশ পালন করিয়াই আমি পুণ্যলোক লাভ করিব" ॥৬২॥

বামদেব বলিলেন—"বাজা! বাক্য, মন, কিংবা কর্মদাবা ব্রাহ্মণদের দণ্ড হয় না; যে জ্ঞানী লোক ব্রাহ্মণকে এইরূপ অদণ্ডনীয় বলিয়া জানে, সেই লোক সেই ভপস্থাদ্বারাই জীবলোকে শ্রেষ্ঠ হয়" ॥৬৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজ। যুধিষ্ঠির। বামদেব এইরূপ বলিবামাত্র

ইক্ষ্বাকবো যদি প্রক্ষন্ ! দলো বা বিধেয়া মে যদি চেমে বিশোহপি।
নাৎপ্রক্ষ্যেহং বামদেবশ্য বাম্যো নৈবংবিধা ধর্মশীলা ভবন্তি ॥৬৫॥
এবং ক্রবন্ধের স যাতুধানৈর্হতো জগামাশু ষহীং ক্ষিতীশঃ।
ততো বিদিন্থা নৃপতিং নিপাতিতমিক্ষ্বাকবো বৈ দলমভ্যযিঞ্চন্ ॥৬৬॥
রাজ্যে তদা তত্র গল্পা স বিপ্রঃ প্রোবাচেদং বচনং বামদেবঃ।
দলং রাজানং ব্রাহ্মণানাং হি দেয়মেবং রাজন্। সর্ববধর্মেরু দৃষ্টম্ ॥৬৭॥
বিভেষি চেত্ত্বমধর্মান্ধরেক্র ! প্রয়চ্ছ মে শীঘ্রমেবাল বাম্যো।
এতচছু ল্পা বামদেবশ্য বাক্যং স পার্থিবঃ সূত্রমুবাচ রোষাৎ ॥৬৮॥

ভাবতকোমূদী

ইক্ষাকব ইতি। হে ব্রহ্মন্। ইক্ষাকবঃ স্বকীয়েকাকুবংখাঃ, দলন্তদাখ্যো প্রাতা, বাশলাৎ বলাখ্যো প্রাতা চ, যদি মে বিধেযা বচনে স্থিতা আজ্ঞাকবা ইতি যাবৎ, যদি চ ইমে বিশো বৈখা অপি মে বিধেযাঃ, তদা ইমে বাক্ষ্যান্ বারয়ন্থিতি শেষঃ। কিন্তু অহম্, বামদেবভা বাম্যো অখ্যো, নোৎশ্রক্ষ্যে ন দাস্থামি। যেন হি এবংবিধা অসত্যভাষিণো বামদেবাদ্যঃ, ধর্মনীলা ন ভবস্তি ॥৬৫॥

এবমিতি। মহীং জগাম ভূমো পপাত। দলং শলকনিষ্ঠন্ধাতবম্ ॥৬৬॥ রাজ্য ইতি। দেয়ম্—গৃহীতং বস্তু প্রত্যর্পণীয়ম্ ॥৬৭॥ বিভেষীতি। বাম্যো শলেন গৃহীতাবৃত্তমাবশ্বো। পার্থিবো দলঃ ॥৬৮॥

ভয়ঙ্করমূর্ত্তি চাবিটা রাক্ষদ উত্থিত হইল এবং শূলধারী সেই রাক্ষসেবা বধ করিতে উত্তত হইলে, তথন শলবাজা উচ্চস্ববে এই কথা বলিলেন"—॥৬৪॥

"ব্রাহ্মণ! ইক্ষ্বাকুরংশীয়েবা, দল এবং এই বৈশ্যেবা যদি আমার আদেশের অধীন হন, তবে তাঁহারা এই রাক্ষদদিগকে বারণ করুন। আমি বামদেবেব অশ্বদ্ধ প্রত্যর্পণ করিব না। কাবণ, বামদেবের মত লোকেরা ধার্মিক হয় না"॥৬৫॥

শলরাজা এইবাপ বলিভেছিলেন, এমন সময়েই সেই বাক্ষদেবা তাঁহাকে বধ করিল, অমনিই তিনি ভূতলে পতিত হইলেন। তাহারা পব ইক্ষাকু কণীয়েবা শলরাজাকে নিহত জানিয়া তাঁহাব কনিষ্ঠ ভাতা দলকে রাজ্যে অভিষিক্ত করিলেন ॥৬৬॥

তখন সেই ব্রাহ্মণ বামদেব সেই বাজ্যে যাইয়া দলবাজাকে এই কৈথা বলিলেন
—"রাজা। ব্রাহ্মণেব নিকট হইতে কোন বস্তু আবাব দিব বলিয়া নিয়া তাহা
ফিবাইয়া দিতে হয়। এইরূপই সকল শাস্ত্রে দেখা যায়" ॥৬৭॥

রাজা! ূআপনি যদি অনর্মেব ভন্ন কবেন, তবে অন্ত সম্ববই আমাব

একং ছি মে সায়কং চিত্ররূপং দিগ্ধং বিষেণাছর সংগৃহীতম্। যেন বিদ্ধো বামদেবঃ শয়ীত সন্দণ্ডমানঃ শ্বভিরার্ত্তরূপঃ॥৬৯॥ বামদেব উবাচ।

জানামি পুত্রং দশবর্ষং তবাহুং জাতং মহিস্যাং সেনজিতং নরেন্দ্র !।
তং জহি ত্বং মন্বচনাৎ প্রণুমস্তূর্ণং প্রিয়ং সায়কৈর্ঘোররূপৈঃ ॥৭০॥
মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্তে বামদেবেন রাজন্। অন্তঃপুরে রাজপুত্রং জঘান।
স সায়কস্থিগ্যতেজা বিস্ফঃ শ্রুত্বা দলস্তত্র বাক্যং বভাষে॥৭১॥
রাজোবাচ।

ইক্ষ্বাকবো হন্ত চবামি বঃ প্রিয়ং নিহন্মীমং বিপ্রমন্ত প্রমথ্য। আনীয়তামপরস্তিগ্যতেজাঃ পশ্যধ্বং মে বীর্য্যমন্ত ক্ষিতীশাঃ!॥৭২॥

ভারতকৌমুদী

একমিতি। বিষেণ দিঞ্চং লিপ্তম্থম্। শ্বভিঃ কুকু বৈঃ ॥৬৯॥
জানামীতি। দশবর্ধং দশবর্ধবয়স্কম্, সেনজিতং সেনজিলামকম্। প্রাণ্ড্রঃ প্রযুক্তঃ ॥৭০॥
এবমিতি। তিগ্যতেজাঃ থবকিরণঃ, বিমৃষ্টো দলেন নিক্ষিপ্তঃ ॥৭১॥
ইক্ষ্মাক্র ইতি। হে ইক্ষ্মাক্রঃ। ক্ষিতীশাঃ! বো যুগ্মাকম্॥৭২॥

ভারতভাবদীপঃ

দল: কনিষ্ঠো ভাতা, বিধেয়া আজ্ঞাকাবিণ: ॥৬৫॥ নিপাতিতং মৃতম্ ॥৬৬—৬৯॥ তং জহি তব সাযকত্তংপুত্ৰমেব হিংসিয়তি ন তু সামিত্যর্থ: ॥৭০—৭১॥ এবমৃক্যা বামদেবেন

সেই অশ্ব তুইটী ফিরাইয়া দিন"। বামদেবের এই কথা শুনিয়া দলবাজা কুদ্ধ হইয়া সার্থিকে বলিলেন—॥৬৮॥

"সারথি! আমার পূর্ববসংগৃহীত বিষলিপ্তমুখ বিচিত্রাকৃতি একটীমাত্র বাণ আনয়ন কর; যাহা দারা বিদ্ধ ও পীড়িত হইযা বামদেব শয়ন কবিবে এবং কুর্কু বগণ উহাকে ভক্ষণ কবিবে"॥৬৯॥

বামদেব বলিলেন—"বাজা। আমি জানি যে, তোমাব মহিষীর গর্ভে জাত 'সেনজিং' নামে দশবর্ষ বয়স্ক একটা পুত্র আছে; তুমি আমার বাক্যে প্রণোদিত হইয়া এই ভয়ন্কব বাণ দ্বাবা সন্ধরই সেই প্রিয়পুত্রটীকে বধ কব" ॥৭০॥

মার্কণ্ডেয বলিলেন—"বাজা যুধিষ্ঠিব। বামদেব এইকপ বলিলে, দল-নিক্ষিপ্ত সেই তীক্ষতেজা বাণ অন্তঃপুরে যাইয়া সেই বাজপুত্রকে বধ করিল; এই ঘটনা শুনিয়া তখন দল এই কথা বলিলেন—॥৭১॥

বামদেব উবাচ।

যং ত্বমেনং সাযকং ঘোবরূপং বিষেণ দিশ্বং মম সন্দর্ধাসি।
ন ত্বমেতং শরবর্ষ্যং বিমোক্ত্যুং সন্ধাতুং বা শক্যসে মানবেন্দ্র ! ॥৭৩॥
রাজোবাচ।

ইক্ষ্যাকবঃ। পশ্যত মাং গৃহীতং ন বৈ শক্ষোম্যেষ শবং বিমোক্ত্যুষ্।
ন চাস্থ কর্ত্ত্বুং নাশমভ্যুৎসহামি আয়ুত্মান্ বৈ জীবতু বামদেবঃ ॥৭৪॥
বামদেব উবাচ।

সংস্পৃথৈসনাং মহিষীং সায়কেন ততস্তমাদেনসো মোক্ষ্যসে স্বম্। ততস্তথা কৃতবান্ পার্থিবস্ত ততো মুনিং বাজপুত্রী বভাষে ॥৭৫॥ রাজপত্নুবাচ।

যথাযুক্তং বামদেবাহুমেনং দিনে দিনে দিনে দিনাতী নৃশংসম্। ব্রাহ্মণেভ্যো মৃগযতী সূনৃতানি তথা ব্রহ্মন্ । পুণ্যলোকং লভেয়ম্ ॥৭৬॥ ভারতকৌমুদী

যমিতি। মম উপরি। ন শক্তাদে, ময়ৈব স্বনাহস্তভনাদিতি ভাবঃ ॥৭৩॥

ইক্ষ্বাক্ব ইতি। গৃহীতং বামদেবেন স্তন্ধীকৃতম্। অভ্যুৎসহামি শক্ষোমি ॥৭৪॥ সংস্পৃশ্ৰেতি। হে বাজন্। স্বম্, সাযকেন মন্বধার্থোজতেনানেন শবেণ, এনাং মহিষীং সংস্থা, ততঃ তন্মাৎ মন্বধোজমজনিতাৎ, এনসঃ পাপাৎ, মোক্ষ্যসে, মহিষীসংস্পর্শব্যৈব মহাপুণ্যকাবণস্বাদিতি ভাবঃ ॥৭৫॥

যথেতি। হে ব্রহ্মন্ বামদেব। অহমেনং নৃশংসং পতিম্, দিনে প্রত্যহমেব, দলবাজা বলিলেন—"ইক্ষ্বাকুবংশীয়গণ। আমি আপনাদের প্রিয় কার্য্য কবিতেছি; আমি আজ এই ব্রাহ্মণটাকে মথিত কবিয়া বধ কবিব। অতএব ক্ষত্রিয়গণ। আব একটা তীক্ষ্ব বাণ আন্যান ককন, আজ আমাব বল দেখুন" ॥৭২॥

বামদেব বলিলেন—"বাজা। তুমি আমাব উপরে এই যে বিষলিপ্তমুখ ভয়ঙ্কব বাণ সন্ধান কবিতে প্রবৃত্ত হইঘাহ; তুমি এই দারুণ বাণ নিক্ষেপ করিতে কিংবা সন্ধান কবিতেও সমর্থ হইবে না" ॥৭৩॥

দলরাজা বলিলেন—"ইক্ষ্যাকুবংশীরগণ! আপনারা দেখুন—আমাকে স্তব্ধ করিয়াছে। স্মৃতবাং আমি আর বাণক্ষেপ করিতে পারিতেছি না এবং এই বাক্ষাটাকে বিনষ্ট কবিতেও সমর্থ হইতেছি না। অতএব বামদেব দীর্ঘায়ু হইয়া জাবিত থাকুক" ॥৭৪॥

বামদেব বলিলেন —"রাজা। আপনি এই বাণদ্বারা এই মহিষীকে স্পর্শ করিয়া এই পপে হইতে মুক্ত হইবেন"। তাহাব পব রাজা তাহাই কবিলেন। তৎপরে মহিষী বামদেবকে বলিলেন ॥৭৫॥

বামদেব উবাচ।

ত্বয়া ত্রাতং রাজকুলং শুভেক্ষণে। বরং রুণীম্বাপ্রতিমং দদানি তে। প্রশাধীমং স্বজনং রাজপুত্রি! ইক্ষ্বাকুরাজ্যং স্থমহচ্চাপ্যনিন্দ্যে!॥৭৭॥ রাজপত্নুবাচ।

বরং র্ণে ভগবন্নেবমেষ বিমৃচ্যতাং কিল্মিষাদত্য ভর্তা।
শিবেন চ থ্যাহি সপুত্রবান্ধবং বরো র্তো ছেষ মযা দ্বিজাগ্র্য ! ॥৭৮॥
মার্কণ্ডেয় উবাচ।

শ্রুত্বা বচঃ স মুনী রাজপুত্র্যাস্তথাহস্থিতি প্রান্থ কুরুপ্রবীর !।
ততঃ স রাজা মুদিতো বভূব বাম্যে চাস্মৈ প্রদদে সম্প্রণম্য ॥৭৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং বনপর্ববি
মার্কণ্ডেয়সমাস্থায়াং মণ্ডূকোপাখ্যানে দ্বিষষ্ট্যবিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

যথাযুক্তং যথোচিতম্, সন্দিশন্তী উপদিশন্তী, তথা বান্ধণেভ্যঃ স্থনুতানি সত্যপ্রিয়াণি বাক্যানি, মুগযতী অন্বিয়ান্তী বক্তু,মিচ্ছন্তীত্যর্থঃ, পুণ্যলোকং লভেষম্ ॥৭৬॥

ত্বযেতি। ত্রাতং স্বচাবিত্রাদেব বক্ষিতম্। স্বন্ধনং পতিপ্রভৃতিম্॥৭৭॥

ব্বমিতি। কিন্বিষাৎ ব্রহ্মহত্যোগ্যমজনিতাৎ পাপাৎ "চবেদ্ব্রতমহত্বাপি ঘাতার্থঞ্চেৎ সমাগতঃ" ইতি শ্বতেঃ। শিবেন শুভেন, ধ্যাহি চিন্তুয, সপুত্রবান্ধবং পতিম্ ॥৭৮॥

ভাৰতভাবদীপঃ

স্তম্ভিতহন্তপদো রাজোবাচ—ইক্ষ্বাকব ইতি ॥৭৪॥ সংস্পৃশ্য হন্বা, এনসো ব্রহ্মহত্যাধ্যবসায জাৎ পাপাং ॥৭৫॥ এনং নৃশংসম্, ভর্জাবং দিনে দিনে স্থন্তানি কল্যাণকবানি বাক্যানি সন্দিশন্তীতি সমন্ধঃ। ব্রাহ্মণেভ্যো মৃগযতী ব্রাহ্মণান্ সেবিতুমিচ্ছন্তী ॥৭৬—৭৯॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ॥১৬২॥

মহিষী বলিলেন—''ব্রাহ্মণ বামদেব। আমি প্রত্যহই এই নৃশংস পতিকে যথোচিত উপদেশ দিয়া থাকি, ব্রাহ্মণদিগকেও সত্য ও প্রিয় বাক্য বলিতে ইচ্ছা কবি এবং তাহাতেই পুণ্যলোক লাভ কবিব বলিয়া ধাবণা করি"॥৭৬॥

বামদেব কহিলেন—"শুভদর্শনে! আপনিই বাজবংশ বক্ষা কবিলেন। অতএব আপনি নিকণম বব গ্রহণ ককন, আমি আপনাকে তাহা দান করিব। অনিন্দ্যস্থলবি! বাজপুত্রি! আপনি এই স্বজনগণ এবং বিশাল ইক্ষ্বাক্সা শাসন ককন"॥৭৭॥

মহিষী বলিলেন—"ভগবন্ ব্রাহ্মণশ্রেষ্ঠ। আমি এইরূপ বর প্রার্থনা করি— আমাব এই ভর্ত্তা আজই পাপ হইতে মুক্ত হউন এবং আপনি—পুত্র ও বন্ধুবর্গেব সহিত উহাব মঙ্গল চিন্তা ককন। আমি এই বব প্রার্থনা কবিলাম"॥৭৮॥

 ^{&#}x27;…দ্বিনবত্যধিক…'—বা ব কা, '…ত্রিনবত্যধিক…'—পি, '…পঞ্চনবত্যধিক…' —নি।

ত্রিষফ্ট্যধিকশততমো২খ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়মূষযো ব্রাহ্মণা যুধিষ্ঠিরল্চ পর্য্যপৃচ্ছূন্ --ঋষিঃ কেন দীর্ঘায়ু-রাসীদকঃ॥>॥

মার্কণ্ডেরস্ত তান্ সর্বান্তবাচ—মহাতপা দীর্ঘায়ুশ্চ বকো রাজর্ষিঃ, নাত্র কার্য্যা বিচারণা ॥২॥

> এতচ শ্রুত্বা তু কোন্তেয়ো ভ্রাতৃভিঃ সহ ভারত !। মার্কণ্ডেয়ং পর্য্যপৃচ্ছদ্ধর্মবাজে। যুধিষ্ঠিবঃ॥৩॥

ভারতকৌমূদী

শ্রুতি। স রাজা দলঃ। বাম্যো উত্তমার্শ্বো, অস্মৈ বামদেবাষ ॥৭৯॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমূদীসমাখ্যাযাং বনপর্ব্বণি

মার্কণ্ডেষসমাস্থায়াং দ্বিষষ্ট্যধিকশততমোহধ্যায়: ॥•॥

--(%*;)---

মার্কণ্ডেরমিতি। ঋষযো ধৌম্যাদযঃ ব্রাহ্মণাশ্চাপবে। বকো নাম মূনিঃ ॥১॥ মার্কণ্ডেয় ইতি। অত্র মহাতপন্থাদিয়ু, বিচাবণা ন কার্য্যা, নিঃসন্দেহস্বাৎ ॥২॥

ভারতভাবদীপঃ

মার্কণ্ডেযম্ব্য ইত্যাদেবধ্যায়তাৎপর্য্য ব্রহ্মবিত্যালব্ধং চিবজীবিত্বমূপি তৃঃথমিপ্রমতো বিদেহকৈবল্যমেব শ্রেষ্ঠমিতি ॥১—৩৫॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্ববি নৈলক্ষীযে ভাবতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৬৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"কুক্শ্রেষ্ঠ। বামদেব মহিষীব সেই কথা শুনিয়া বলিলেন —'তাহাই হউক'। তাহাব পব দলবাজা আনন্দিত হইলেন এবং প্রণাম কবিয়া বামদেবেৰ অশ্ব তুইটী বামদেবকেই দিলেন" ॥৭৯॥

বৈশস্পায়ন বলিলেন—ঋষিপণ, ব্ৰাহ্মণগণ ও যুধিষ্ঠিব মাৰ্কণ্ডেয়মুনিব নিকট জিজ্ঞাসা কবিলেন—"বকমুনি দীৰ্ঘাযু ছিলেন কেন ?" ॥১॥

মার্কণ্ডেয় হাঁহাদেব সকলকে বলিলেন—"বাজর্ষি বক যে মহাতপা ও দীর্ঘাযু ছিলেন, এ বিষয়ে কোন বিচাব কবা কর্ত্তব্য নহে" ॥২: বকদাল্ভ্যো মহাত্মানো ক্রায়েতে চিরজীবিনো।
স্থায়ো দেবরাজস্থ তার্ষী লোকসম্মতো ॥৪॥
এতদিচ্ছামি ভগবন্! বকশক্রসমাগমম্।
স্থপত্রঃধসমাযুক্তং তত্ত্বেন কথয়স্ব মে॥৫॥
মার্কণ্ডেয় উবাচ।

রুত্তে দেবাস্থরে রাজন্! সংগ্রামে লোমহর্ষণে।
ত্রষাণামপি লোকানামিন্তো লোকাধিপোহতবৎ ॥৬॥
সম্যগ্রহতি পর্জ্জন্যঃ শস্তদম্পদ উত্তমাঃ।
নিরাময়াঃ স্থর্দির্ম্ছাঃ প্রজ্ঞা ধর্মপরায়ণাঃ॥৭॥
মুদিতশ্চ জনঃ সর্ব্যঃ স্থর্দের্যু ব্যবস্থিতঃ।
তাঃ প্রজা মুদিতাঃ সর্ব্যা দৃষ্ট্যা বলনিসূদনঃ॥৮॥

ভারতকোমুদী

এতদিতি। প্রাতৃভি: সহেত্যনেন তেষামপি তচ্ছুবণাকাজ্ঞা গ্রোত্যতে ॥৩॥
বকেতি। দাল্ভ্যোথপি ম্নিবিশেষ:। লোকানাং সম্মতো প্রিয়ো ॥৪॥
এতদিতি। ইচ্ছামি, শ্রোতৃমিতি শেষ:। তত্ত্বন যাথার্থ্যেন ॥৫॥
বৃত্ত ইতি। বৃত্তে ভূতে। লোকাধিপ: প্রজেশ্বব: ॥৬॥
সম্যাগিতি। একত্র ধর্মঃ পুণ্যম্, অন্তর ধর্মো ক্যায়:। আসন্নিত্যুভ্যত্ত শেষ:॥৭॥
মৃদিত ইতি। বলনিসদন ইন্দ্র:, তাঃ সর্বাঃ প্রজা মৃদিতা দৃষ্ট্রা মৃদিতঃ, অভূদিতি শেষ:।

ভরতনন্দন! কুন্তীপুত্র ধর্মবাজ যুধিষ্ঠিব ভ্রাতাদের সহিত এই কথা শুনিয়া মার্কণ্ডেযেব নিকট জিজ্ঞাসা কবিলেন—॥৩॥

''সেই বক ও দাল্ভ্যমূনিকে মহাত্মা, চিবজাবী, দেববাজেব সথা এবং লোক-প্রিয় বলিয়া শুনা যায় ॥৪॥

অতএব ভগবন্। আমি এই বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি। স্কৃতবাং আপনি আমাব নিকট বক ও ইন্দ্রের সেই সুখ-তুঃখযুক্ত সম্মেলনের বৃত্তান্তটী যথাযথভাবে বলুন" ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"দেবগণ ও অস্থ্রগণের সেই লোমহর্ষণ যুদ্ধ হইযা গেলে, ইন্দ্র ত্রিভূবনেবই বাজা হইলেন ॥৬॥

তখন হইতে মেঘ যথাসময়ে বর্ধা করিতে লাগিল, শস্তাদম্পৎ উত্তমভাবে জন্মিতে থাকিল এবং প্রজাবা নীরোগ, ধার্মিক ও স্থায়পবায়ণ হইয়া উঠিল ॥৭॥

এবং সকল লোকই আপন আপন ধর্মে থাকিতে লাগিল; সমস্ত প্রজাও

ততস্ত মুদিতো রাজন্! দেবরাজঃ শতক্রতুঃ।

ঐরাবতং সমাস্থায় অপশ্যন্মদিতাঃ প্রজাঃ ॥৯॥

আশ্রমাংশ্চ বিচিত্রাংশ্চ নদীশ্চ বিবিধাঃ শুভাঃ।

নগরাণি সমৃদ্ধানি পেটান্ জনপদাংস্তথা।

প্রজাপালনদক্ষাংশ্চ নরেক্রান্ ধর্মাচারিণঃ ॥>০॥

উদপানং প্রপা বাপী তড়াগানি সরাংদি চ।

নানাব্রহ্মসমাচারৈঃ দেবিতানি দিজোত্তমৈঃ ॥>>॥ (কলাপকম্)

ততোহবতীর্য্য রম্যায়াং পৃথ্যাং রাজন্। শতক্রতুঃ।

তত্র রম্যে শিবে দেশে বহুরক্ষসমাকৃলে।

পূর্বেস্তাং দিশি বম্যায়াং সমুদ্রাভ্যাসতো নৃপা।॥>২॥

তত্রাশ্রমপদং রম্যং মৃগদিজনিষেবিতম্।

তত্রাশ্রমপদে বম্যে বকং পশ্যতি দেবরাট্ ॥>০॥ (যুগ্যকম্)

ভারতকৌমুদী

ততো দেবরাজঃ শতক্রত্বং, ঐরাবতং হন্তিনম্, সমাস্থায় সমাক্ষ্য মৃদিতাঃ প্রজা আশ্রমাদীংশ্চাপশ্রদিতি সম্বন্ধঃ। থেটান্ নিকুটগ্রামান্। দশমঃ শ্লোকঃ ষ্ট্পাদঃ। উদপানং কৃপঃ,
প্রপা পানীয়শালা, বাপী দীর্ঘিকা, তডাগানি বৃহজ্জলাশ্যাঃ, স্বাংসি ততঃ ক্ষুজ্জলাশ্যাশ্চ।
নানা ব্রহ্মসমাচাবা বেদাচারা যেবাং তৈর্দ্বিজাত্তমৈঃ, সেবিতানি উদপান্নাদীনি চাপশ্রদিতি
পূর্ব্বেণান্বয়ঃ॥৮—১১॥

তত ইতি। শিবে উৎপাতাভাবান্মঙ্গলকবে। সমূদ্রস্থ অভ্যাসতঃ সমীপে। দ্বাদশঃ শ্লোকোহপি ষট্পাদঃ। মুগদিজৈঃ পশুপক্ষিভির্নিষেবিতম্ ॥১২—১৩॥

আনন্দিত হইল; ইহা দেখিয়া ইত্রও আনন্দিত হইলেন। বাজা! তাহাব পব ইন্দ্র ঐরাবতহন্তীতে আরোহাহণ কবিয়া ক্রমশঃ দেখিতে লাগিলেন—বিচিত্র আশ্রম, নানাবিধ শুভজনক নদী, সমৃদ্ধিশালী নগব, ক্ষুত্র গ্রাম, দেশ, প্রজাপালননিপুণ ও ধার্মিক রাজা, কৃপ, পানীয় শালা, দীর্ঘিকা, বৃহৎ জলাশয় ও ক্ষুত্র জলাশয় সকল বহিয়াছে এবং নানাবিধ-বৈদিকাচাব-সম্পন্ন ব্রাহ্মণেবা সেই কৃপপ্রভৃতিব ব্যবহাব কবিতেছেন ॥৮—১১॥

বাজা! তাহার পব দেবরাজ ঐবাবতহস্তী হইতে ভূতলে অবতবণ কবিযা দেখিলেন—পূর্ববিদকে সমূদ্রেব নিকটে বহুতর বৃক্ষে পরিপূর্ণ, সুন্দব ও মঙ্গলকব স্থানে পশু-পক্ষি-পবিপূর্ণ সুন্দব একটা আশ্রম বহিষাছে; সেই আশ্রমে বকমুনি অবস্থান করিতেছেন ॥১২—১৩॥ বকস্ত দৃষ্ট্বা দেবেন্দ্রং দৃঢ়ং প্রীতমনাহভবৎ।
পালাসনার্ঘ্যদানেন ফলমূলৈরথার্চ্চয়ৎ ॥>৪॥
স্থথোপবিষ্টো বরদস্ততন্ত বলসূদনঃ।
তত্র প্রশ্নং বকং দেব উবাচ ত্রিদলেশ্বরঃ ॥>৫॥
শতং বর্ষসহস্রাণি মুনে! জাতস্থা তেহনঘ!।
সমাখ্যাহি মম ব্রহ্মন্! কিং ছঃখং চিরজীবিনাম্॥>৬॥
বক উবাচ।

অপ্রিয়েঃ সহ সংবাসঃ প্রিয়েশ্চাপি বিনা ভবঃ
অসদ্ভিঃ সম্প্রয়োগশ্চ তদ্দুঃশং চিরজীবিনাম্ ॥>৬॥
পুত্রদাববিনালোহত্র জ্ঞাতীনাং স্বন্ধদামপি।
পরেষায়ত্ততা কৃচ্ছুং কিং নু তুঃশ্বতরং ততঃ ॥>৮॥

ভারতকোমুদী

বক ইতি। দৃদং সাতিশ্যম্। আর্চ্চয়ৎ দেবেন্দ্রমেব ॥>৪॥
স্থাতি। বলস্থানো বলনামকদৈত্যহস্তা। বকং মৃনিম্॥>৫॥
শতমিতি। বর্ষসহস্রাণি অতীতানীতি শেষ: ॥>৬॥
অপ্রিথৈবিতি। অপ্রিথৈর্জনৈ:। বিনা ভবো বিচ্ছেদ:। সম্প্রযোগো মেলনম্॥>৭॥
পুত্রেতি। জ্ঞাতীনাং স্বয়দামপি বিনাশ:। আযত্ততা অধীনতা ॥>৮॥

বকমুনি দেববাজকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন এবং আসন, পাছ, অর্ঘ্য, ফল ও মূলদ্বারা তাঁহাব পূজা করিলেন ॥১৪॥

তাহাব পব ববদাতা, বলদৈত্যহন্তা ও দেবাধিপতি ইন্দ্র সেই স্থানে সুথে উপবেশন করিয়া বকমুনিব নিকট প্রশ্ন কবিলেন—॥১৫॥

"নিষ্পাপ মূনি! আপনি জনিবাব পবে লক্ষ বংসব অতীত হইয়া গিয়াছে। অতএব ব্রাহ্মণ! আপনি আমাব নিকট বলুন যে, চিবজীবীদিগেব কি কি তুঃখ হয়"॥১৬॥

বক্ষমুনি বলিলেন—অপ্রিয় লোকেব সহিত যে বাস, প্রিয় লোকেব সহিত যে বিচ্ছেদ এবং অসৎ লোকেব সহিত যে মেলন, তাহাই চিবজীবীদিগেব তুঃখ ॥১৭॥

পুত্র, কলত্র, জ্ঞাতি ও বন্ধুবর্গেব বিনাশ এবং পরাধীনতাব ক্লেশ, এই সকল অপেক্ষা অধিক হৃঃখ আব কি হুইতে পারে ? ॥১৮॥

⁽১৫)---ততঃ প্রশ্নং বকং দেব--বা ব কা:निन्।

নান্তদ্বংখতবং কিঞ্চিল্লোকেরু প্রতিভাতি মে।
অর্থবিহীনঃ পুরুষঃ পরিঃ সংপরিভ্যতে ॥১৯॥
অকুলানাং কুলে ভাবং কুলীনীনাং কুলক্ষয়ম্।
সংযোগং বিপ্রয়োগঞ্চ পশ্যন্তি চিরজীবিনঃ ॥২০॥
অপি প্রত্যক্ষমেবৈতত্তব দেব! শতক্রতা!।
অকুলানাং সমুদ্ধানাং কথং কুলবিপর্য্যয়ঃ ॥২১॥
দেবদানবগদ্ধর্বব-মন্তুয্যোরগরাক্ষসাঃ।
প্রাপ্তুরন্তি বিপর্য্যাসং কিন্দু হুঃখতরং ততঃ ॥২২॥
কুলে জাতাশ্চ ক্লিশ্যন্তে দৌকুলেয়বলানুগাঃ।
আহিচ্যর্দরিদ্রোবমতাঃ কিন্দু হুঃখতরং ততঃ ॥২০॥
লোকে বৈধর্ম্যমেতত্ব দৃশ্যতে বহুবিস্তরম্।
ভোনহীনাশ্চ হায়ন্তে ক্লিয়ন্তে জানকোবিদাঃ।
বহুতুঃধর্পরিক্রেশং মানুয়্যিহ দৃশ্যতে ॥২৪॥

ভারতকৌমূদী

নেতি। যৎ, অর্থের্ধ নৈ:। সংপরিভূয়তে 'তিরক্তিয়তে ॥১৯॥
অকুলানামিতি। অকুলানাং জনানাম্, কুলে ভাবঃ সন্তাম্, ধনদ্বারা ॥২০॥
অপীতি। অপীতি প্রশ্নে। কুলবিপর্য্যয়ো বংশোন্নতিঃ ॥২১॥
দেবেতি। বিপ্র্যাসম্ অবস্থাবৈপবীত্যম্ ॥২২॥
কুল ইতি। দরিদ্রাব্যতা ইতি বিদর্গলোপেহপি সন্ধিবার্ধঃ ॥২৩॥

ধনহীন লোককে অন্তে যে তিবস্কাব কবে, ইহা অপেক্ষা জগতে অন্ত কিছু হংখজনক আছে বলিয়া আমাব মনে হয় না ॥১৯॥

অকুলীনের কুলোৎপত্তি, কুলীনেব কুলনাশ, অপ্রিযেব সহিত সংযোগ এবং প্রিয়ের সহিত বিয়োগ, এইগুলিই চিবজীবীরা দেখিয়া থাকে ॥২০॥

দেব! ইন্দ্র! সমৃদ্ধিশালী অকুলীনদিগেব কি প্রকাবে কুলেব উন্নতি হয়, ইহা আপনাব প্রত্যক্ষ করা আছে ত ? ॥২১॥

দেব, দানব, গন্ধর্ব্ব, মনুষ্যু, নাগ ও রাক্ষ্স ইহাবা যে অবস্থাব বৈপরীত্য প্রাপ্ত হন, তাহা হইতে অধিক তুঃখ আর কি আছে ? ॥২২॥

সংকুলসম্ভূত লোকেবা হৃষ্ণুলজাত লোকদেব বশবর্তী হইয়া এবং দবিজেরা ধনিকর্তৃক অবজ্ঞাত হইয়া যে ক্লেশ অনুভব কবে, তাহা হইতে অধিক তৃঃখ কি আছে ? ॥২৩॥

⁽२8) --- क्रिश्रास्त श्रीक्रकाविताः --- व व व ।

ইন্দ্ৰ উবাচ।

পুনবেব মহাভাগ! দেবর্ষিগণসেবিত!।
সমাখ্যাহি মম ব্রহ্মন্! কিং স্থথং চিরজীবিনাম্॥২৫॥
বক উবাচ।

অন্টমে দ্বাদশে বাপি শাকং যৎ পচ্যতে গৃহে।
কুমিত্রাণ্যনপাশ্রিত্য কিং বৈ স্থধতরং ততঃ ॥২৬॥
যত্রাহানি ন গণ্যন্তে নৈনমাহুর্মহাশনম্।
অপি শাকং পচানস্থ স্থধং বৈ মঘবন্! গৃহে॥২৭॥
অর্জিভং স্বেন বার্ষ্যেণ নাপ্যপাশ্রিত্য কঞ্চন।
ফলং শাক্ষপি শ্রেয়ো ভোক্ত্যুং হুরূপণং গৃহে॥২৮॥

ভারতকৌমূদী

লোক ইতি। বৈধর্ম্যং বৈপরীত্যম্, বহবো বিশুবাঃ প্রদাবা যত্র তৎ। জ্ঞাযস্তে এভিবিতি জ্ঞানানি শাস্ত্রাণি তেষু কোবিদা অভিজ্ঞাঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৪॥

পূর্ব্বমল্লাভিধানাৎ পূন: পৃচ্ছতি পুনবিতি। সমাখ্যাহি ক্রহি ॥২৫॥ অষ্টম ইতি। দিবসক্ত অষ্টমে ঘাদশে বা মুহুর্ত্তে। গৃহে স্বকীয় এব ॥২৬॥

যত্রেতি। যত্র ভোক্তরি বিষয়ে, দ্বাভ্যাং দিনাভ্যাং পবং ত্রিভ্যো দিনেভ্যো বা পরমন্তর্রোযং যাশুতি ইত্যেবংরূপেণ অহানি ন গণ্যন্তে গৃহস্থেন, এনং মহাশনম্ উদ্বিকং নাহুঃ। পচানশু পচমানশু। গৃহে পূর্ববিৎ স্বকীয় এব ॥২ ৭॥

অর্জ্জিতমিতি। শ্রেষ: সাধু, অরূপণম্, গৃহে স্বকীয এব ॥২৮॥

জগতে এই জাতীয় বহুতব বৈপবীত্য দেখা যায় যে, মূর্থেরা আমোদ করে, আর জ্ঞানীবা ক্লেশ পান। এইরূপ মান্ত্যেব বহু তঃখ এবং বহু ক্লেশ দেখা যায়" ॥২৪॥

ইন্দ্র বলিলেন—"হে দেবর্ষিগণসেবিত মহাভাগ ব্রাহ্মণ ৷ চিবজীবীদিগেব কি সুখ, তাহা পুনবায় আমার নিকট বলুন" ॥২৫॥

বক বলিলেন—"মানুষ ছুষ্ট বন্ধুকে অবলম্বন না করিয়া আপন গৃহে দিনেব অষ্টম বা দ্বাদশ মূহূর্ত্তেও শাকমাত্র পাক করিয়াও যে জীবন ধাবণ কবে, তাহা অপেক্ষা অধিক সুখ কি আছে ? ॥২৬॥

গৃহস্থ যাহার জন্ম দিন গণনা করে না, ভাহাকে উদরিক বলে না। আর ইন্দ্র! আপন গৃহে শাক্ষাত্র পাক কবিয়া জীবন ধারণ করিলেও, ভাহাই সুখ ॥২৭॥

কাহাকেও অবলম্বন না করিয়া আপন ক্ষমতায় অজিত ফল বা শাকও আপন গৃহে বিনা গ্লানিতে যে ভোজন করা হয়, তাহাই ভাল ॥২৮॥ পরস্থ তু গৃহে ভোক্ত্রঃ পবিভূতস্থ নিত্যশঃ।

য়মৃষ্টমিপি ন শ্রেয়ে বিকল্লোহয়মতঃ সতাম্ ॥২৯॥

য়্বন্ধি লোলুপো যন্ত পরামং ভোক্ত্রমিচ্ছতি।

ধিগন্ত তম্ম তভুক্তং রূপণস্থ তুরাত্মনঃ।৩০॥

যো দত্ত্বাহতিথিভূতোভাঃ পিতৃভ্যশ্চ দিজোক্তমঃ।

শিষ্টাম্মানি যো ভূঙ্কে কিং বৈ স্থপতরং ততঃ॥৩১॥

অতো মৃষ্টতরং কিঞ্চিৎ পূতং কিঞ্চিছতক্রতো!।

দত্ত্বা যন্ত্বতিথিভ্যোহমং ভূঙ্কে তেনৈব নিত্যশঃ॥৩২॥

যাবতো হান্ধমঃ পিগুনিশ্নাতি সততং দিজঃ।

তাবতাং গোসহস্রাণাং ফলং প্রাপ্নোতি দায়কঃ।

যদেনো যৌবনকৃতং তৎ সর্বাং নশ্যতে ধ্রুবম্॥৩০॥

ভারতকৌমুদী

পরছেতি। পরিভূততা গলগ্রহরূপয়াৎ পরেণ তিরস্কৃততা। স্থ্যুটমপি অতিমধ্বমপি। অতঃ অশ্রেমোরপ্যাৎ অযং প্রগৃহভোজনকরঃ, সতাং বিকরো মতছিক্দরকর এব ॥২ন॥

শবদিতি। শবং কুরু র ইব। রূপণতা কুত্রদয়তা ।৩০।

য ইতি। যো বিজোত্তম:, যশ্চাতা:। শিষ্টানি অবশিষ্টানি ।৩১।

অত ইতি। মৃষ্টতরং মধুরতরম্, পূতং পবিত্রঞ্চ নাস্টীতি শেষ: ॥৩২॥

যাবত ইতি। অন্ধন: অন্ধতা বিজঃ অতিথিভূতা। এন: পাপম্। বট্পাদোহয়ং

লোকা ।৩০।

পবগৃহে পরকর্ত্ত্ব সর্ববদা তিরস্কৃত হইয়া অতিমধুর অন্নও যে ভোজন করে, তাহা তাহার পক্ষে ভাল নহে। এই জগুই এই কল্পটা সজ্জনের মত-বিরুক্ত ॥২৯॥

যে লোভী লোক কুকুরের মতই পবান্ন ভোজন করিতে ইচ্ছা কবে, সেই হরাত্মা ক্ষুদ্রহদয়ের সেই ভোজনকে ধিক্ ॥৩০॥

যে ব্রাহ্মণ বা অন্য যে লোক অতিথি, পোষ্যবর্গ এবং পিতৃলোককে দান কবিয়া অবশিষ্ট অন্ন ভোজন করে, তাহার পক্ষে তাহা অপেক্ষা অধিক সুখ কি আছে ? ১৩১৪

দেববাজ ! যে লোক প্রত্যহ অতিথিকে অন্ন দান কবিয়া তাহার সহিতই ভোজন করে, তাহার পক্ষে তাহা অপেক্ষা কিছুই মধুর বা কিছুই পবিত্র নাই ॥৩২॥

⁽৩০) শ্ববং কীলালপো যন্ত—বা ব কা পি। -বন-২১১ (১)

সদক্ষিণস্থ ভুক্তস্থ দ্বিজস্থ তু করে গতম্। যদ্বাবি বারিণা সিঞ্চেন্ডেরেয়নস্তরতে ক্ষণাৎ ॥৩৪॥ এতাশ্চান্থাশ্চ বৈ বহুবীঃ কথয়িত্বা কথাঃ শুভাঃ। বকেন সহ দেবেন্দ্র আপৃচ্ছ্য ত্রিদিবং গতঃ ॥৩৫॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বিণি মার্ক ণ্ডেয়সমাস্থায়াং বকশক্রসংবাদে ত্রিষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

—°*°—

চ তুঃষষ্ট্যধিকশততমো২ধ্যায়ঃ।

---:*:---

বৈশস্পায়ন উবাচ।

ততঃ পাণ্ডবাঃ পুন্মার্কণ্ডেয়মূচুঃ—কথিতং ব্রাহ্মাণমহাভাগ্যমিদানীং ব্রাজন্মহাভাগ্যং শুশ্রেষামহ ইতি ॥>॥

ভারতকৌমুদী

সেতি। বারি প্রতিগ্রহজ্বন, বাবিণা উৎসর্গজ্বেন, এনঃ পাপন, তরতে হস্তি ॥৩৪॥
এতা ইতি। ববেন ম্নিনা। আপৃচ্চ্য গমনং পৃথা ॥৩৫॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্ঘ্য-মহাকবি-পদ্দুষ্ণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকোম্দীসমাখ্যায়াং বনপর্বাণি
মার্কণ্ডেয়সমাস্থায়াং ত্রিষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥৩॥

--:*:---

তত ইতি। মহাভাগ্যমত্ত মাহাত্ম্যমেব। শুশ্রধামহে শ্রোতুমিচ্ছামঃ ॥১॥

অতিথিব্রাহ্মণ যতগুলি অন্নেব গ্রাস ভোজন কবেন, অন্নদাতা সর্ব্বদাই ততগুলি গোসহস্রদানের ফললাভ কবেন এবং অন্নদাতার যৌবনবয়সে যে সকল পাপ করা হইয়াছিল, নিশ্চয়ই সে সকল পাপ নষ্ট হয় ॥৩৩॥

অতিথিব্রাহ্মণ ভোজন কবিয়া তাহার দক্ষিণা গ্রহণ করিবার সময়ে হস্তে যে প্রতিগ্রহেব জল ধারণ কবেন, দাতা উৎসর্গজলদারা আবার যে জলকে সিক্ত কবেন, সেই জল তৎক্ষণাৎ দাতার পাপ নষ্ট করে"॥৩৪॥

দেববাজ বকমুনিব সহিত এই সকল কথা এবং অন্যান্ত বহুতর শুভ কথা বলিয়া তাঁহার নিকট জিজ্ঞাসা করিয়া স্বর্গলোকে চলিয়া গেলেন" ॥৩৫॥

---:#:---

বৈশম্পায়ন বলিলেন—তাহার পব পাগুবেরা পুনরায মার্কণ্ডেয়কে

* '…ত্তিনবত্যধিক…' —বা ব কা, 'চতুর্নবত্যধিক…' —িপ, '…ব্য়বত্যধিক…' —িন।

তানুবাচ মার্বণ্ডেয়ো মহর্ষিঃ— শ্রেয়তামিদানীং বাজ্যানাং মহাভাগ্য-মিতি ॥২॥

কুর্ন্নণামন্যতমঃ স্থাহোতো নাম রাজা মহর্ষীনভিগম্য নির্ভ্য রথস্থমেব রাজানমৌশীনরিং শিবিং দদর্শাভিমুখম্ ॥৩॥

তো সমেত্য পরস্পরেণ যথাবয়ঃ পূজাং প্রযুজ্য গুণসাম্যেন তুল্যাত্মানো বিদিত্বাথযোগ্যস্থ পন্থানং ন দদতুঃ॥৪॥

তত্র নারদঃ প্রাত্মরাসীৎ—কিমিদং ভবন্তৌ পরস্পারস্থ পন্থানমারত্য তিষ্ঠত ইতি ॥৫॥

তাবৃচতুর্নারদম্—নৈতদ্ভগবন্ ! পুর্বেকশ্মকত্রাদিভিবিশিষ্টস্থ সমর্থায় বা। আবাঞ্চ সধ্যং পরস্পারেণোপগতৌ। তচ্চাবধানতোহত্যুৎকৃঊমধরোত্তরং পরিভ্রষ্টম্ ॥৬॥

ভারতকৌমুদী

তানিতি। রাজন্তানাং ক্ষত্রিযাণাম্, মহাভাগ্যং মাহাত্ম্যম্ ॥২॥

কুরূণামিতি। ঔশীনবিম্ উশীনবপুত্রম্, শিবিং নাম ॥৩॥

তাবিতি। সমেত্য মিলিত্বা। পূজাম্—অভিবাদনেনাশিষা চ গৌববম্। প্রানং ন **দদত:— অপক্বটেনৈবোৎকৃষ্টায পথো দাননি**য়মাদিতি ভাব: ॥॥

তত্ত্বেতি। প্রান্থরাদীৎ তথাবিধোঁ তো দৃষ্টা অবদচ্চেতি শেষঃ। ইদমিতি তিঠত ইতি ক্রিয়াযা বিশেষণম্। আবৃত্য নিরুধ্য ॥৫॥

কহিলেন—"আপনি ব্রাহ্মণের মাহাত্ম্য বলিয়াছেন, এখন আমবা ক্ষব্রিয়ের মাহাত্ম শুনিতে ইচ্ছা করি"॥১॥

তখন মহর্ষি মার্কণ্ডেয় তাঁহাদিগকে বলিলেন—"এখন তোমবা ক্ষত্রিয়ের মাহাত্ম্য প্রবণ কর-॥২॥

কুরুবংশসম্ভূত 'সুহোত্র'-নামে এক রাজা একদা মহর্ষিদের নিকটে যাইয়া ফিবিয়া আসিবার সময়ে রথারঢ় উশীনরপুত্র শিবিরাজাকে সম্মুখে দেখিতে পাইলেন ॥৩॥

ক্রমে, ভাঁহাবা পবস্পর মিলিত হইয়া আপন আপন ব্যদ অনুসারে প্রস্পুর গৌরব প্রদর্শন কবিযা, গুণসাম্যনিবন্ধন উভয়ই উভয়কে সমান বুঝিয়া, পবস্পর পরস্পবকে পথ ছাড়িয়া দিলেন না ॥৪॥

তথন সেখানে নাবদ উপস্থিত হইলেন এবং তাঁহাদিগকে সেইরূপ দেখিয়া বলিলেন—"আপনারা প্রস্পার প্রস্পারের পথ রুদ্ধ করিয়া এভাবে রহিয়াছেন क्न ?" ॥८॥

নারদত্ত্বেবমূক্তঃ শ্লোকত্রয়মপঠৎ ॥৭॥

ক্রঃ কোরব্য! মূদবে মৃত্যু ক্রে চ কোরব।।
সাধুশ্চাসাধবে সাধুঃ সাধবে নাপ্নু য়াৎ কথম্ ॥৮॥
কৃতং শতগুণং কুর্য্যান্নান্তি দেবেরু নির্ণয়ঃ।
উশীনরঃ সাধুশীলো ভবতো বৈ মহীপতিঃ॥৯॥

ভারতকৌমুদী

তাবিতি। - নৈতৎ—জাবাভ্যাং বিবাধপূর্ককং পথো নিরোধনং ন রুতমিতার্থং। পূর্বে প্রাচীনাশ্চ তে কর্মকর্জাদয়ঃ পথিত্যাগকর্জাদয়শ্চতি তৈ:। আদিপদাৎ অন্তর্জাপক-ব্যবস্থাপকযোগ্রহণম্। বিশিষ্টক্ত গুণৈরুৎকৃষ্টক্ত, সমর্থায প্রবলায বা, পয়া উপদিশ্রতে নিরুষ্টেন দেয়ত্যা নির্দিশ্রতে। উপগতৌ গুণশাস্যাদঙ্গীরত্বক্ষো। তচ্চ তত্ক, জধরো-তরম্ আব্যোক্রতমাধমভাবং, অবধানতঃ অবধানপূর্ককনির্ণাৎ, অত্যুৎকৃষ্টং দর্ববৈধ্ব, পরিভাইং বিচ্যুতং গুণসাম্যায়ির্ণেতুমশক্যমিত্যর্থঃ ॥৬॥

নারদ ইতি। শ্লোকত্রয়ং পছত্রযমপঠৎ, তয়োরুপদেশাযেতি ভাব: ॥१॥

কৃব ইতি। শিব্যপেক্ষয়। হংহাজভ নিকর্বপ্রদর্শনায়েব কোরব্যকোরবেতি হংহোজ-সংখাধনম্। হে কোরব্য। হংহাজ। ক্রৃবঃ থলস্বভাবো জনঃ, মৃদবে জনায, ক্রৃবতা-মেব কুর্যাদিতি শেষঃ, ব্যবহারস্থ স্বভাবাহুসারিস্বাদিতি ভাবঃ। এবমন্তজাপ্যুল্লেযম্। এবঞ্চ হে কোরব। সাধুঃ সাধবে কথং নাপ্লুয়াৎ সাধুব্যবহারং ন কুর্যাৎ, অপি তু কুর্যাদেবেত্যর্থঃ। অতঃ সাধুস্থং সাধোঃ শিবিতোহপ্সপেতি ভাবঃ ॥৮॥

ভাবতভাবদীপঃ

বিভাবলং যুদ্মপ্রজাপালনাদিব্যগ্রেঘপি বাজস্বতীতি দর্শযিতুমাহ—তত ইতি 13—৫। নৈতৎ যৎপন্থান্তাজ্য ইত্যেতন্নেত্যর্থ:, তত্র হেতু:—পূর্ব্বেতি। পূর্ব্বে চ তে কর্মকত্রাদয়শেচতি বিগ্রহ:, অন্নমন্থ্রভূতয়: আদিশবার্থ:। অবধানতো বিচারত:, অধরেতি আবয়ো-

তথন শিবিবাজা ও সুহোত্ররাজা নাবদকে বলিলেন—"ভগবন্! আমরা বিবোধ কবিয়া পরস্পর পরস্পরের পথ রুদ্ধ করি নাই; কিন্তু প্রাচীন ব্যবস্থাপকেরা বলেন যে, অধিক গুণশালীকে এবং প্রবলকে পথ ছাড়িয়া দিবে; কিন্তু আমরা সমানগুণসম্পন্ন বলিয়া পরস্পব সথা হইয়াছি। সেই জন্মই আমাদের মধ্যে উৎবর্ষ ও অপকর্ষ নির্ণয় করা তুদ্ধর হইয়া পড়িয়াছে" ॥৬॥

তাঁহারা এইবাপ বলিলে, নাবদ তিনটা শ্লোক পাঠ কবিলেন—॥৭॥

"কুরুনন্দন! জূব লোক, কোমল লোকেব নিকটেও জূর ব্যবহারই কবে, আবার কোমল লোক জূব লোকের নিকটেও কোমল ব্যবহারই করিয়া থাকে এবং সাধু অসাধুর নিকটেও সাধুতাই করেন; স্থতরাং কুরুনন্দন। সাধু সাধুর নিকট সাধুতা করিবেন না কেন ? ॥৮॥ জ্বেৎ কর্দর্যাং দানেন সত্যেনানৃত্বাদিনম্। ক্ষময়া ক্রুরকর্মাণমসাধুং সাধুনা জ্বেৎ ॥>०॥

তত্নভাবেব ভবন্তাবুদাবোঁ, য ইদানীং ভবদ্যামন্মতরঃ, দোহপদর্পতু। এতদ্বৈ নিদর্শনমিত্যুক্ত্যা ভূফীং নারদো বভূব ॥১১॥

এতচ্শ্রুত্বা কৌরব্যঃ শিবিং প্রদক্ষিণং কৃত্বা পন্থানং দত্ত্বা বহুকর্মভিঃ প্রশস্য প্রযথো ॥>২॥

ভাবতকৌমুদী

অথ সাধুরহমন্তবে সাধুত্বমকার্থমেবেত্যাহ—কৃত্যিতি। ক্রুবাদির্জনঃ, অন্তবে কৃত্যাদি ক্রব্যবহাবাদিকম্, শতগুণং কুর্যাৎ সর্ববৈত্রব কুর্যাদিত্যর্থঃ। অয়ং নির্ণযো দেবেছিপ নান্তি। কাকা প্রশ্রো ব্যজ্যত ইতি অন্ত্যেবেত্যর্থঃ। কিঞ্চ ঔশীনরো মহীপতিঃ শিবিঃ, ভবতঃ সকাশাৎ সাধুশীলঃ। অতো ভবত এবাপসর্পণম্চিতমিত্যাশয়ঃ॥১॥

অথ ভবতো নির্ণযুগাকিঞ্চিৎকরত্বা শিবিরেব সন্তুসাধুশীলো বস্তুতঃ স্থাদিত্যাহ—জযেদিতি।
বৃদ্ধিমান্ জনো দানেন, কদর্যাং ক্লপণং জনম্, জযেৎ আঘত্তীকুর্য্যাৎ, সত্যেন অনূতবাদিনং জযেৎ,
ক্ষমন্না ক্রুবকর্মাণং জয়েৎ, সাধুনা ব্যবহারেণ চ অসাধুং জয়েৎ। অতস্তুদপেক্ষমা শিবেরসাধুত্বেথপি
সাধুব্যবহারেণ্র তং জয়েতি ভাবঃ ॥>•॥

তদিতি। উদারো গুণৈর্মহান্তো। ভবস্তাাং ভবতোং, অন্তত্তব উদার্ঘ্যেন প্রধানতরং। অত বৈশব্দোহ্বধারণে। নিদর্শনম্ উদার্ঘ্যবিষ্ধে দৃষ্টাস্তঃ ॥১১॥

এতদিতি। বছকর্মভিঃ শিবেবছতবদৎকর্মোল্লেখেঃ, প্রশস্ত শিবিম্॥১২॥

সেই ক্রুব প্রভৃতি লোক অস্তত্তত ক্রুবব্যবহাব প্রভৃতিই করিয়া থাকে। এ নিয়ম কি দেবতাদেব মধ্যেও নাই ? (অবগ্যই আছে)। আর এক কথা— উশীনরপুত্র শিবিরাজা আপনা অপেক্ষা সাধুপ্রকৃতি ॥১॥

তা'র পর, বৃদ্ধিমান্ লোক দান করিয়া ক্বপণকে, সত্য বলিয়া মিথ্যাবাদীকে, ক্ষমা কবিয়া নিষ্ঠুবকে এবং সাধু উপায়ে অসাধুকে জয় কবিবেন ॥১০॥

অতএব আপনারা উভয়েই উদারপ্রকৃতি, স্থতবাং আপনাদের মধ্যে আবার যিনি বিশেষ উদার, তিনিই এখন সরিয়া যান; তাহা হইলে এইটাই উদার্য্যের পরম নিদর্শন হইবে।" এই কথা বলিয়া নারদ নীরব হইলেন॥১১॥

এই কথা শুনিয়া সুহোত্রবাজা শিবিবাজাকে প্রদক্ষিণ কবিয়া, তাঁহাকে পথ ছাড়িয়া দিয়া এবং তাঁহার সংকর্ম অনুসারে তাঁহার প্রশংসা কবিয়া প্রস্থান কবিলেন ॥১২॥

⁽১১)--ভবন্ত্যামগ্রতমঃ--বা ব কা নি।

'তদেতদ্রাজ্যে মহাভাগ্যমিত্যুক্তবান্ নারদঃ ॥>৩॥ ইতি শ্রীমহাভারতে, শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বাণি মার্ক ণ্ডেয়-দিমাস্থায়াং শিবিচরিতে চতুঃষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ **

পঞ্চর্ফ্যিধিকশততমো২ধ্যায়ঃ।

--3*:2---

মার্কণ্ডেয় উবাচ।

ইদমন্যচ্ছু য়তাম্—য্যাতির্নাহুযো রাজ। রাজ্যস্থঃ পৌরজনার্ত আসাঞ্চত্ত্বে। গুর্বার্থী ব্রাহ্মণ উপেত্যাব্রবীৎ—ভো রাজন্! গুর্বার্থং ভিক্ষেয়ং সময়াদিতি ॥১॥

ভারতকৌমুদী

তদিতি। বাজ্ঞঃ স্থহোত্তত্ত ক্ষত্তিযত্ত, মহাভাগ্যং মাহাত্মাম্। জন্তথা দ নাপদর্পেৎ ॥১৩॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকোমূদীসমাধ্যাযাং বনপর্ব্বণি

মোর্কণ্ডেয়সমাস্থায়াং চতু:ষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ॥०॥

--:*:--

ইদমিতি। অক্তর্পাখ্যানম্। আসাঞ্চক্রে রাজাসনে উপবিবেশ। গুর্বর্থী গুরোরর্থে ভিক্ষাকারী। সময়াৎ কশ্মাচিৎ শপথাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

ন্তারতম্যং নান্তীত্যর্থ: ॥৬—१॥ জুর ইতি পূর্বার্কে খলরক্তং নাপ্নুয়াৎ সাধুষ্য বৈ কথং ন কুর্যাদিত্যর্থ: ॥৮—১২॥ বাজ্ঞ: শিবে: ॥১৩॥।

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলকণ্ঠাযে ভারতভাবদীপে চতু:ষষ্ট্যধিকশতভ্মোহধ্যায়: ॥১৬৪॥

তথন নারদ বলিয়াছিলেন—"ইহাই ক্ষত্রিয়ের মাহাত্ম্য"॥১৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"তোমর। এই আর একটা উপাখ্যান শ্রবণ কর— নহুষনন্দন যথাতিবাজা একদা আপন বাজ্যে পৌবজনে পবিবেষ্টিত হইয়া বিসিয়া আছেন, এমন সময়ে গুকুব নিমিত্ত ভিক্ষাকাবী এক ব্রাহ্মণ আসিয়া বলিলেন—"বাজা ? আমি এক শপথ অনুসাবে গুরুর জন্ম আপনার নিকট প্রার্থনা করিব" ॥১॥

^{* &#}x27;...চতুর্নবত্যধিক…'—বা ব কা, '…পঞ্চনবত্যধিক…'—পি, '…সপ্তনবত্যধিক…'—নি ।

রাজোবাচ—ত্রবীতু ভগবান্ সময়মিতি ॥২॥
্ত্রাহ্মণ উবাচ।

বিৰেষণং পরমং জীবলোকে কুর্য্যানরঃ পার্থিব! যাচ্যমানঃ।
তত্ত্বাং পৃচ্ছামি কথং তু রাজন্! দভাদ্ভবান্ দয়িতঞ্চ মেহভাতা।
রাজোবাচ।

ন চানুকীর্ত্তয়েদত দত্ত্বা অ্যাচ্যমর্থং ন চ সংশৃণোমি। প্রাপ্যমর্থঞ্চ সংশ্রেন্ত্য তঞ্চাপি দত্ত্বা স্বস্থখী ভবামি ॥৪॥

দদামি তে রোহিণানাং সহস্রং প্রিয়ো হি মে ব্রাহ্মণো যাচমানঃ। ন মে মনঃ কুপ্যতি যাচমানে দত্তং ন শোচামি কদাচিদর্থম্॥৫॥

ভারতকৌমুদী

রাজেতি। ভগবান্ বাহ্মণখামাহাত্মবান্, সময়ম্ আত্মনঃ শপথম্ ॥২॥

বীতি। হে পার্থিব! জীবলোকে যাচ্যমানো নরঃ, পরমং বিদ্বেষণং যাচকং প্রতি বিবেষং কুর্যাৎ। তত্তক্মাৎ, হে রাজন্। ত্থাং পৃচ্ছামি ভবান্ অভ মে দয়িতং প্রিয়ং বস্তু, কথং কেন প্রকারেণ বেবেণ সস্তোবেণ বেত্যর্থঃ দত্তাৎ ॥৩॥

নেতি। অত ইহ জীবনে দ্বা ন চ তদমুকীর্ত্তয়েৎ, এব মল্লক্ষণো জন ইতি শেব:। অযাচ্যং দানাসন্তবাদ্যাক্রায়া অযোগ্যম, অর্থং ধর্মাদিকং বস্ত, ন চ সংখৃণোমি দাতৃং নাঙ্গী-করোমি। কিঞ্চ যাচকেন প্রাপ্যমর্থং সংশ্রুত্য দাতৃং প্রতিশ্রুত্বী ভবামি ॥৪॥

দদামীতি। রোহিণীনাং গবাম, "অর্জুক্সন্না বোহিণী স্থাৎ" ইত্যমর: ॥৫। ভারতভাবদীপঃ

ইদমিতি ॥>—২॥ বিবেষণং যাচকন্ত বেষম্, প্রীত্যৈব দদাসি চেৎ গ্রহীয়ামীত্যর্থ: ॥এ।
হে দছ দদো দানং তদর্ছ। দ্বান কীর্ত্তমে ছংখে সত্যেব কীর্ত্তনং আনাভথেতি ভাব:।
ছংখক প্রিয়বিযোগেখতো মমাদেযাভাবাব্যাপ্যযাচ্যোথর্থো নাজীত্যর্থ:। সর্বাং প্রাপ্যং
স্ত্রীপুর্তদেহান্তং দেয়মেব, ন ছপ্রাপ্যং দাতুং শক্যমিত্যর্থ: ॥৪॥ রোহিণীনাং গ্রাম্। "রোহিণী

রাজা বলিলেন—"আপনি আপনাব শপথেব কথা বলুন" ॥২॥

ব্রাহ্মণ বলিলেন—"রাজা। জীবলোকে প্রার্থনা করিলেই মাহ্র প্রার্থীর প্রতি গুক্তর বিদ্বেষ কবিয়া থাকে; অতএব রাজা। আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি যে, আজ আপনি আমাব প্রিয় বস্তু কোন্ভাবে অর্থাং ্রবিদ্বেষপূর্বক না সস্তোষপূর্বক দান করিবেন" । ॥।॥

রাজা বলিলেন—"এই ব্যক্তি ইহ জীবনেই দান কবিয়া তাহার কীর্ত্তন করে না এবং আমি অপ্রার্থনীয় বস্তুত্ত দান করিবাব অস্পাকার করিয়া এবং তাহা দান করিয়া আমি নিরতিশয় সুধী হই ॥৪॥ ইত্যুক্ত্য ব্ৰাহ্মণায় রাজা গোসহস্রং দদৌ, প্রাপ্তবাংশ্চ গবাং সহস্রং ব্রাহ্মণ ইতি ॥৬॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বাণি মার্কণ্ডেয়দমাস্থায়াং নাভ্যচরিত্রে পঞ্চষট্যাধিকশততমোহধ্যায়ঃ॥।॥ *

---3%8---

ষট্ ষষ্ট্যধিকশততমো২খ্যায়ঃ।

---- <u>2</u>*6 ----

বৈশস্পায়ন উবাচ।

ভূয় এব মহাভাগ্যং কথ্যতামিত্যব্রবীৎ পাগুবেয়ঃ ॥>॥ অথাচফ মার্কণ্ডেয়ঃ—মহারাজ ! ব্রুষদর্ভ-দেত্রকনামানৌ রাজানৌ নীতিমার্গরতাবস্ত্রোপাস্ত্রকৃতিনো ॥২॥

ভারতকৌসুদী

ইতীতি। ঈদৃশভাবেন গোসহম্রদানমেব ক্ষত্রিধমাহাত্মামিতি ভাবঃ ॥৬॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পন্মভূষণ-শ্রীহবিদাসনিকান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকোম্দীসমাধ্যায়াং বনপর্ব্বি
মার্কণ্ডেয়সমাস্থায়াং পঞ্চষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

--:*:---

ভূয ইতি। মহাভাগ্যং ক্ষত্রিয়াজ্যের মাহাত্মাম্। পাণ্ডবেষো যুধিষ্টির: ॥১॥
ভাবতভাবদীপঃ

কঠকগ্ভিদি" ইত্যুপক্ৰমা "লোহিতাগৰোঃ" ইতি মেদিনা ॥৫॥ অসাধাবপি সাধুষং প্ৰীত্যা ইটাৰ্থদানঞ্চ মহাভাগ্যমিত্যধ্যায়ৰ্যতাৎপৰ্য্যম্ ॥৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে পঞ্চষ্ট্যধিকশততমোহধ্যায়: ॥১৬৫॥

আমি আপনাকে সহস্র ধেন্তু দান কবিব; প্রার্থী ব্রাহ্মণ আমার প্রীতির পাত্র হইযা থাকেন; যাচকের প্রতি আমার মন ক্রুদ্ধ হয় না এবং আমি কখনও দত্ত বস্তুর বিষয়ে শোক করি না"॥৫॥

এই কথা বলিয়া যযাতিরাজা সেই ব্রাহ্মণকে সহস্র ধেনু দান করিলেন; সেই ব্রাহ্মণও সহস্র ধেনু লাভ করিলেন" ॥৬॥

____<u>°#°</u>___

বৈশপায়ন কহিলেন—যুধিষ্ঠিব বলিলেন—''মহর্ষি! আপনি আরও ক্ষত্রিয়মাহাত্মা বলুন" ॥১॥

 ^{* &#}x27;···প্ফনবত্যধিক···' — বা ব কা, প্রস্তাবাস্তরং পি, '···অইনবত্যধিক···' — নি।

সেহুকো বৃষদর্ভস্থ বালস্থৈব উপাংগুব্রতমভ্যজানাৎ কুপ্যমদেয়ং ব্রাহ্মণস্থ ॥৩॥

অথ তং দেত্নকং ব্রাহ্মণঃ কশ্চিদ্বেদাধ্যয়নদম্পন্ন আশিষং দত্ত্বা গুর্ববর্থী ভিক্ষিতবান্—অশ্বসহস্রং মে ভবান্ দদাত্বিতি ॥৪॥

তং সেত্রকো ব্রাহ্মণমব্রবীৎ—নাস্তি সম্ভবো গুর্বার্থং দাভুমিতি স হং গচ্ছ ব্যদর্ভদকাশম্। রাজা প্রমধর্মজ্ঞো ব্রাহ্মণ। তং ভিক্ষম্ব, স তে দাস্থতি, তস্থৈতত্বপাংশুব্রতমিতি ॥৫॥

অথ ব্রাহ্মণো ব্রুষদর্ভদকাশং গত্বাহশ্বসহস্রুমযাচত ॥৬॥ স রাজা তং কশেনাতাড়য়ৎ ॥৭॥

ভাৰতকৌমুদা

অথেতি। নীতিমার্গরতো নীতিপথাসক্তো, অন্তং দূবে ক্ষেপ্যং শবাদি উপান্তং সন্নিধো ক্ষেপ্যং শ্লাদি তয়োঃ কৃতিনো নিপুণো, আন্তামিতি শেষঃ ॥২॥

সেতৃক ইতি। উপাংগুরতং গুপ্তনিয়মম্, অভ্যঙ্গানাৎ দর্কথা জ্ঞাতবান্॥ কুপ্যং স্বর্ণরন্ধতাভ্যামন্তবন্ধ, "তাভ্যাং যদক্তবং কুপ্যম্" ইত্যমরঃ ॥৩॥

षर्वा । अर्द्धवी अक्रमिक्नामानार्थी ॥॥॥

তমিতি। সম্ভবো_,মম যোগ্যতা। বা**জা স ব্যদর্ভঃ ॥**৫॥

অথেতি। অযাচত বুষদর্ভমেব ॥৬॥

স ইতি। স্বর্ণরন্ধতেতর্যাচনাদেব তাড়নমিতি বোধাম্। কশেনেতি পুংল্বমার্যম্॥ १॥

তাহার পব মার্কণ্ডেয় বলিলেন—''মহাবাজ। সর্ববদা স্থায়পথবর্ত্তী এবং অন্ত্রশন্ত্রে নিপুণ 'বৃষদর্ভ' ও 'সেতৃক'-নামে তৃই জন বাজা ছিলেন॥২॥

সেতৃক বৃষদর্ভের বাল্যকাল হইতেই এই গুপ্ত নিয়ম জানিতেন যে, বৃষদর্ভ ব্রাহ্মণকে সোণা ও রূপা ছাড়া অন্ত কিছু দেন না ॥৩॥

একদা কোন ব্রাহ্মণ বেদাধ্যয়ন সমাপ্ত কবিষা গুরুদ্দ্দিণার্থী হইরা যাইয়া আশীর্ব্বাদ করিয়া সেই সেতৃকবাজার নিকট প্রার্থনা কবিলেন যে, "আপনি আমাকে একসহস্র অশ্ব দান ককন" ॥৪॥

তখন সেতৃকরাজা সেই ব্রাহ্মণকে বলিলেন—"ব্রাহ্মণ! আমার গুকদক্ষিণা দান কবিবার সম্ভাবনা নাই; স্কৃতবাং আপনি ব্যদর্ভবাজাব নিকট গমন ককন; তিনি প্রমধার্ম্মিক, তাঁহাব নিকট প্রার্থনা ককন; তিনি আপনাকে সহস্র অশ্ব দান করিবেন; তাঁহার ইহাই গুপ্ত ব্রত" ॥৫॥

তাহার পব ব্রাহ্মণ বৃষদর্ভরাজার নিকট যাইয়া সহস্র অশ্ব প্রার্থনা করিলেন॥৬॥

यम-२ **५२ (३)** -

তং ব্রাহ্মণোহব্রবীৎ—কিং হিংস্থনাগসং মামিতি॥৮॥

এবমুক্ত্বা তং শপন্তং রাজাহ—বিপ্রা। কিং যো ন দদাতি তুভ্যম্, উতাহোস্থিদ্বান্ধণ্যমেতৎ ? ॥১॥

ব্রাহ্মণ উবাচ—রাজাধিরাজ! তব সমীপং সেচুকেন প্রেষিতো ভিক্ষিতুমাগতঃ। তেনানুশিষ্টেন ময়া হুং ভিক্ষিতোহসি॥>০॥

রাজোবাচ—পূর্ব্বাহ্নে তে দাস্থামি, যো মেহত্য বলিরাগমিয়তি। যো হন্যতে কশয়া কথং মোঘং ক্ষেপণং তস্ত্য স্থাৎ ॥১১॥

• ভারতকৌমুদী

তমিতি। হিংসি হিনদ্সি। আর্ষোহয়ং প্রয়োগঃ। অনাগদং নিরপবাধম্ ॥৮॥
এবমিতি। শপস্তং শাপদানোভতম্। যস্তভ্যং ন দদাতি, কিং তমেব শপদীতি শেষঃ।
বাহ্মণ্যং বাহ্মণকর্ম। উভয়মপ্যস্কৃচিতমিতি ভাবঃ ॥२॥

বান্ধণ ইতি। অহুশিষ্টেন উপদিষ্টেন। ততশ্চ দ্বয়ি ভিক্ষৈব চেন্দোষায়, তদা সোহপি মম নান্তি, সেতৃক্সৈবেতি ভাবঃ ॥১০॥

রাজেতি। পূর্বাত্তে পরদিনভা। বলি: কর:। ক্ষেপণং দ্বীকরণম্ ॥১১॥ ভাবতভাবদীপ:

ভূয় ইতি ॥১—২॥ উপাংশু বহিবকুদ্ঘাটিতম্, কুপ্যং স্বর্ণরপ্যাদয়্যং ॥৩—৬॥ কশেন পুংস্থমার্থম্॥१॥ হিংসি হিনস্সি তাডযসি ॥৮॥ শপস্তং শাপং দিৎসম্ভম্, হে বিপ্র ! যো ন দদাতি
স্বীয়ং ধনং তুভাং তথ্যে বা এতৎ শাপদানমূচিতম্। উতাহোস্থিৎ এতদ্বাহ্মণ্যং বাহ্মণযোগ্যং
স্বীয়মপি দিৎসম্ম শাপ্যোগ্যঃ নাপি শান্তিধর্মা ব্রাহ্মণঃ শাপং দাতুমর্হতীত্যর্থঃ ॥১—১০॥

তখন ব্ৰদৰ্ভবাজা সেই ব্ৰাহ্মণকে কশাঘাত করিলেন ॥৭॥

তখন ব্রাহ্মণ ব্যদর্ভরাজাকে বলিলেন—"আমি নিরপরাধ, তথাপি আপনি আমাকে তাড়ন কবিলেন কেন ?" ॥৮॥

এইবপ বলিয়াই ব্রাহ্মণ রাজাকে অভিসম্পাত করিতে উন্নত হইলেন। তথন বাজা বলিলেন—"ব্রাহ্মণ। যে আপনাকে দান না করে, তাহাকেই কি আপনি অভিসম্পাত কবেন গ অথবা আপনার এটা ব্রাহ্মণের কার্য্য ?" ॥১॥

ব্রাহ্মণ বলিলেন—"রাজাধিবাজ! আমি সেতুকবাজার নিকট ভিক্ষা কবিতে আসিয়াছিলাম,—ভিনি আমাকে আপনাব নিকট পাঠাইয়া দিয়াছেন এবং ভাঁহাব উপদেশ অনুসারেই আমি আপনার নিকট প্রার্থনা করিয়াছি" ॥১•॥

রাজা বলিলেন—"ব্রাহ্মণ। আজ আমাব যে কব (খাজনা) আসিবে, তাহাই কল্য পূর্বাহে আপনাকে দান করিব। কারণ, যাহাকে কশাঘাত করা হয়, তাহাকে কি কবিয়া নিফলভাবে দূর করিয়া দেওয়া যায়" ॥১১॥

ইত্যুক্ত্য ব্রাহ্মণায় দৈবদিকামুৎপত্তিং প্রাদাৎ। অধিকস্থাশ্বসহস্রস্থ মূল্যমেবাদাদিতি॥>২॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বাণি মার্কণ্ডেয়-সমাস্থায়াং দেতুকর্ষদর্ভচরিতে ষট্ষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

সপ্তবয়্যধিকশতভ্যো২ধ্যায়ঃ।

মার্কণ্ডেয় উবাচ।

দেবানাং কথা সঞ্জাতা মহীতলং গত্না মহীপতিং শিবিমোশীনরম্, সাধ্বেনং শিবিং জিজ্ঞাস্থাম ইত্যেবং ভো ইত্যুক্ত্য অগ্নীক্রাবুপতিষ্ঠেতাম্। অগ্নিঃ কপোতরূপেণ তমভ্যধাবৎ, আমিষার্থমিন্দ্রঃ শ্যেনরূপেণ ॥১॥

ভাৰতকৌমুদী

ইতীতি। দৈবিদিকাম্ একদিবদদংস্টাম্, উৎপত্তিং রাজকবরপম্ আযম্, প্ৰদিনপূৰ্ব্বাহ্নে। অথ দা কিষতী থনুৎপত্তিবিত্যাহ—অধিকন্তেতি। ইনৃশং ক্ষত্রিযমাহাত্ম্যমিত্যাশয়ঃ। কশাঘাতস্ত্র স্বব্রতবিপবীতভিক্ষণাদেবেতি বোধ্যম্॥১২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পন্মভূষণ-শ্রীহবিদাসনিবান্তবাগীশ ভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্বনি মার্কণ্ডেয়দমাস্থায়াং বট্বট্যধিকশততমোহধ্যায়ঃ 🕪

দেবানামিতি। ঔশীনরম্ উশীনবপুত্রম্, সাধু সম্যক্। জিজ্ঞাতামো জ্ঞাতুমেষিক্তামঃ, ইত্যেবংপ্রকাবে । উপতিষ্ঠেতাম্ উপাগচ্ছতাম্। তং প্রকাবনাহ—মগ্নিবিতি। আমিষার্থং কপোতস্তৈব মাংদার্থম্ 🍱

ভাবতভাবদীপঃ

ক্ষেপণং দ্বীকৰণম্, অবখাং স প্রদাদনীয় ইত্যর্থঃ (১১) দৈবসিকাম্ একদিবসজাতান্ৎপতিং ধনস্তা। স্বনিষমভদাষ প্রবৃত্তং ব্রাহ্মণং দণ্ডবিতুমণি প্রার্থিতাদ্ধিকং দলা প্রণাদ্যিতুমণি নম্থা গজান ইতি তাৎপৰ্য্যম ॥১২॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলকগীয়ে ভাবতভাবদীপে ষ্ট্র্যাবিকশতত্মোহধ্যায়ঃ ১৯৬৮

এই কথা বলিয়া বাজা পরদিন পূর্ববাহে ব্রাহ্মণকে একদিনেব আয় দান করিলেন—তিনি একসহস্র অশ্বেব অধিক মূল্যই দিলেন"॥১২॥

মাৰ্কণ্ডেয় বলিলেন—"দেবগণেৰ মধ্যে অগ্নি ও ইন্দ্ৰেৰ এইৰূপ কথা

* '…वश्ववज्ञिष्ठ …'—का, '…একোनिहर्गे उठ्यः …'—नि, दा व शि प्रशास्त्रमाधिर्नास्ति।

অথ কপোতো রাজ্ঞো দিব্যাসনাসীনস্খোৎসঙ্গং অপতৎ ॥২॥

অথ পুরোহিতো রাজানমত্রবীৎ—প্রাণরক্ষার্থং শ্যেনাদ্রীতো ভবন্তং প্রাণার্থী প্রপন্ততে। বহু দদাতু, অন্তবান্ পার্থিবোহস্থ নিষ্কৃতিং কুর্য্যাৎ। ঘোরং কপোতস্থ নিপাত্যাহুঃ ॥৩॥

অথ কপোতা রাজানমত্রবীৎ—প্রাণরক্ষণার্থং শ্যেনান্তীতো ভবন্তং প্রাণার্থী প্রপদ্মে, অক্সৈরঙ্গানি প্রাপ্যার্থী মূনিভূ দ্বা প্রাণাংস্ত্রাং প্রপদ্মে ॥৪॥

স্বাধ্যায়েন কর্ণিতং ব্রহ্মচারিণং মাং বিদ্ধি তপদা দমেন যুক্তমাচার্য্য-স্থাপ্রতিকূলভাষিণম্। এবং যুক্তমপাপং মাং বিদ্ধি ॥৫॥

ভারতকৌমূদী

অথেতি। উৎসঙ্গং ক্রোড়ম্, ম্যপতৎ অগচ্ছৎ ॥২।

অথেতি ৷ ভীতঃ কপোতঃ ৷ প্রপত্ততে আশ্রয়তি ৷ বস্থ ধনম্ ৷ অস্তবান্ বিনশ্ববঃ ৷
অস্ত কপোতপাতস্থচিতক্ত অনিষ্টক্ত, নিঙ্কৃতিং প্রতীকারম্ ৷ অত্যথা তবাস্তসভাবনেতি ভাবঃ ৷
ঘোরং মৃত্যুভয়জনকম্, নিপাতং ক্রোভাদৌ পতনম্ ॥৩॥

্র অথেতি। প্রপত্তে আশ্রযামি। অহং কন্টিমূনিং, অপৈর্যন্তোচিতৈববর্যবৈং, অপানি কপোতোচিতান্ অব্যবান্, প্রাপ্য, অর্থা প্রাণরক্ষার্থী ভূত্মা, প্রাণান্ প্রাণদাতাবম্। প্রপত্তে আশ্রয়মি ॥৪॥

হইরাছিল যে, 'দেবগণ। আমরা ভূতলে উণীনরপুত্র শিবিরাজার নিকট যাইয়া এইভাবে (কপোত ও শ্যেনরূপে) শিবিরাজাকে ভাল করিয়া পবীক্ষা কবিব'। এইরূপ বলিয়া অগ্নি ও ইন্দ্র শিবিরাজার নিকট উপস্থিত হইলেন। অগ্নি আপন প্রাণবক্ষার জন্ম কপোতরূপে এবং ইন্দ্র তাহার মাংসভক্ষণের জন্ম শ্যেনরূপে গিয়াছিলেন ॥১॥

তদনন্তর কপোত যাইয়া দিব্য আদনে উপবিষ্ট শিবিরাজাব ক্রোড়ে পতিত হইল ॥২॥

তাহার পর রাজপুবোহিত রাজাকে বলিলেন—"এই প্রাণার্থী কপোত শ্যেন হইতে ভীত হইয়া প্রাণবক্ষাব জন্ম আপনাকে আশ্রয় করিয়াছে। অবশ্যই রাজাবও মৃত্যু আছে; স্বতরাং তিনি ইহাব প্রতীকাব করিবেন; অতএব আপনি ধন দান ককন। কারণ, মুনিরা মানুষের ক্রোডে কপোতের পতনকে অনিষ্টসূচক বলিয়া থাকেন" ॥৩॥

তৎপবে কপোত বাজাকে বলিল —"বাজা। আমি প্রাণার্থী কপোত শ্যেন হইতে ভীত হইয়া প্রাণরক্ষাব জন্ম আপনার আশ্রয় লইলাম। আমি একজন মৃনি; আপন অঙ্গ দ্বারা কপোতের অঙ্গ ধারণ করিয়া, প্রাণরক্ষার্থী হইয়া, আপনি প্রাণদাতা বলিয়া আপনার আশ্রয় লইয়াছি"॥॥ গদামি বেদান্ বিচিনোমি ছন্দঃ সর্বে বেদা অন্মরশো মে অধীতাঃ।
ন সাধু দানং শ্রোত্রিয়স্ত প্রদানং মা প্রাদাঃ শ্রেনায় ন কপোতোহিয়ি॥৬॥
অথ শ্রেনো রাজানমত্রবীৎ—

পর্য্যায়েণ বসতির্মা ভবেষু সর্গে জাতঃ পূর্ব্বমস্মাৎ কপোতাৎ। ত্বমাদদানোহথ কপোতমেনং মা ছং রাজন্। বিল্লকর্ত্তা ভবেথাঃ॥৭॥

ভারতকৌমুদী

স্বেতি। স্বাধ্যায়েন বেদপাঠেন, কর্শিতং কুশীকৃতশবীবম্। দনেন ইন্দ্রিযনিগ্রহেণ। অপাপস্থ বিনাশনে পাপমেবেতি ভাবঃ ।৫॥

গদামীতি। গদামি ব্রবীমি, বিচিনোমি বিশেষেণাবগচ্ছামি। অক্ষবশং অক্ষবৈবক্ষবৈং, মে ময়া। প্রভক্ষণায় শ্রোত্রিয়স্ত প্রদানম্, ন সাধু দানং স্তাৎ ॥৬॥

পর্য্যায়েণেতি। ভবেষু সংসাবেষু, পর্য্যায়েণ যৌগপছেন, বসতিঃ থাছখাদবয়েঃ স্থিতিঃ, মান ভবতি। সর্গে স্বষ্টো, জন্মাৎ কপোতাৎ পূর্বমহং জাতঃ। জভন্তদাপি ন যৌগপছ-মিত্যাশয়ঃ। বিশ্বকর্ত্তা মম ভক্ষণ ইতি শেষঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

দেবানামিতি ॥>—২॥ ঘোবং নিন্দিতম্ অনিষ্টস্চকমিতার্থ: মৃত্যুদ্তত্বাৎ কপোতশু, অন্তবান্
দিগস্তানামীশ্বর: ॥৩॥ অকৈবিতি। মৃনিরহং স্বশবীবেণ কবোতশবীবং প্রবিটোহশ্মীতার্থ:।
প্রাণান্ প্রাণবক্ষকত্বেন স্বমেব মম প্রাণা ইতার্থ: ॥৪—৫॥ প্রোত্তিয়ন্ত মে গ্রেনায় স্বংকর্ত্বকং
প্রদানং ন সাধুদানম্ ॥৬॥ পর্য্যায়েণেতি। পিতৃপুত্রভার্য্যামাত্প্রভৃতীনামধবোত্তর্যেণ যা জাযা
সৈব ভবাস্তবে মাতা য: পুত্র: স এব পিতা এবং শক্রমিত্রং ভবতি মিত্রং বা শক্রবিতি ভবেষ্
দিমস্থ পর্য্যায়েণ বসতি: স্থিতির্ভবৃতি। অভন্তং সর্গে স্কটো অস্বাৎ কপোতাৎ জাতোহিল অভন্থং
তব দ্বমান্তরীয়ং পিতরং কপোত্রম্ আদদানো রক্ষন্ মম আহারে বিশ্বং মা কুর্ব্বিত্যর্থ: ॥৭॥

রাজা। আমি ব্রহ্মচারী; বেদপাঠে আমার শবীব কুশ হইয়াছে, আর আমি তপস্বী ও ইন্দ্রিয়জয়ী এবং গুকুর প্রতিকৃল বাক্য বলি না; স্থতরাং এইবাপ আমাকে আপনি নিষ্পাপ মনে করুন ॥৫॥

বিশেষতঃ, আমি বেদব্যাখ্যা করিয়া থাকি, বিশেষকপে ছন্দ জানি এবং অক্ষরে অক্ষরে সমস্ত বেদ অধ্যয়ন করিয়াছি; অতএব অন্তেব ভক্ষণেব জন্ম আমার মত শ্রোত্রিয়কে দান করা উত্তম দান নহে; স্থতরাং আপনি আমাকে খেনের হস্তে দান করিবেন না; আমি কপোত নহি"॥৬॥

তাহার পর শ্রেন রাজাকে বলিল—"রাজা! জগতে খাদ্য ও খাদকের একদা বাস করা সম্ভবপর নহে। দেখুন—স্টির সময়ে আমি এই কপোতের পূর্বে জন্মিয়াছি; স্থতরাং আপনি এই কপোতটাকে লইয়া আমার ভোজনের বিষ্কবারী হইবেন না" ॥৭॥

রাজোবাচ।

কেনেদৃশী জাতু পরা হি দৃষ্ট্বা বাগুচ্যমানা শকুনেন সংস্কৃতা।
যাং বৈ কপোতো বদতে যাঞ্চ শ্যেন উভৌ বিদিন্থা কথমস্ত সাধু॥৮॥
নাস্থ বৰ্ষং বৰ্ষতি বৰ্ষকালে নাস্থ বীজং রোহতি কাল উপ্তম্।
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে ন ত্রাণং লভতে ত্রাণমিচ্ছন্ স কালে॥৯॥
জাতা হ্রস্থা প্রজা প্রমীয়তে সদা ন বৈ বাসং পিতরোহস্থ কুর্বতে।
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে নাস্থা দেবাঃ প্রতিগৃহন্তি হব্যম্॥১০॥
মোঘমনং বিন্দতি চাপ্রচেতাঃ স্বর্গাল্লোকাদ্ভ্রশ্যতি শীঘ্রমেব।
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে সেক্রা দেবাঃ প্রহরন্ত্যস্থা বজ্রম্॥১১॥
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে সেক্রা দেবাঃ প্রহরন্ত্যস্থা বজ্রম্॥১১॥

ভারতকৌমূদী

কেনেতি। জাতু কদাচিৎ, পবা উৎকৃষ্টা, শকুনেন পক্ষিণা। যাং বাচম্। কথং কেনাপি প্রকাবেণ, উভৌ ভোনকপোতো, বিদিতা যাথার্থোন জ্ঞাত্বা, সাধু কপোতভা দানমদানং বা সম্যক্ কৃতমন্ত্ব ॥৮॥

নেতি। অশু জনশু স্থানে, ন বৰ্ষতি মেঘ ইতি শেষঃ। রোহতি অন্ধ্যুং নোৎপাদ্যতি। প্রপন্নং শবণাগতম্। কালে প্রাণনাশসময়ে ॥৯॥

জাতেতি। হ্রস্বা থর্কা অল্লায়্বেবেতার্থ:, প্রজা সস্ততি:, প্রমীযতে দ্রিয়তে। বাসং স্বর্গে। প্রপন্নং শরণাগতম্। হ্বাং দেবদ্রবাম্॥১০॥

মোঘমিতি। মোঘং ব্যর্থম্, অপ্রচেতা অপ্রশস্তচিত্তঃ ॥১১॥

ভাবতভাবদীপঃ

শক্নেনেত্যকাবান্তোহপি এতযোঃ স্বরূপং জ্ঞান্বা সাধু কর্ম কথং কুর্য্যামিতি বিমৃশতীত্যর্থঃ

।৮—৯॥ হ্রমা শৈশবে এব প্রজা প্রমীয়তে প্রিয়তে ॥১০॥ মোদং নিক্ষলম্, সোহন্ম বিন্দৃতি

রাজা বলিলেন—"এই কপোত ও শ্রেন যেরূপ বলিতেছে, এইরূপ উত্তম

সংস্কৃত বাক্য পক্ষী বলিতেছে; ইহা কখনও কেহ দেখিযাছেন কি ? সে

যাহা হউক, তুই জনকেই যথার্থনপে জানিয়া স্থায্য কর্ত্তব্য স্থিব হইবে ॥৮॥

যে লোক ভীত এবং শবণাগত ব্যক্তিকে শত্রুহস্তে অর্পণ কবে, তাহার অধিকারে বর্ষাকালেও মেঘ বর্ষা কবে না, যথাকালে বোপিত বীজও অঙ্কুর উৎপাদন কবে না এবং বিনাশেব সময় পবিত্রাণ ইচ্ছা করিয়াও পবিত্রাণ পায় না ॥১॥

যে লোক ভীত ও শবণাগত ব্যক্তিকে শত্রুহস্তে সমর্পণ কবে, সর্ব্বদাই তাহাব সন্তান জন্মিয়া শৈশব অবস্থাতেই মবিয়া যায়, পিতৃলোক স্বর্গে বাস করিতে পারেন না এবং দেবতারা তাহার হব্য গ্রহণ করেন না ॥১০॥ উক্ষাণং পক্ত্বা সহ ওদনেন অস্মাৎ কপোতাৎ প্রতি তে নয়স্ত। যস্মিন্ দেশে রমসেহতীব শ্যেন! তত্র মাংসং শিবয়স্তে বহস্ত ॥১২॥ শ্যেন উবাচ।

নোক্ষাণং রাজন্ ! প্রার্থবেয়ং ন চান্তমস্মান্মাংসমধিকং বা কপোতাৎ। দেবৈর্দত্তঃ সোহন্ত মমৈষ ভক্ষ্যস্তন্মে দদস্ব শকুনানামভাবাৎ ॥১৩॥

রাজোবাচ।

উক্ষাণং বেহতমনূনং নয়স্ত তে পশাস্ত পুরুষা মমৈব। ভয়াহিতস্থ দায়ং মমান্তিকাত্ত্বাং প্রাপয়স্ত ত্বং ছেনং মা হিংদীঃ ॥১৪॥

ভারতকৌমুদী

উক্ষাণমিতি। উক্ষাণং বৃষম্, ওদনেন অন্নেন। প্রতি প্রতিনিধিভূতম্। বমসে আনন্দেন তিষ্ঠিনি। শিবয়ং শিবিবংশীয়াঃ ॥১২॥

নেতি। এব কপোত:। শকুনানামগ্রপন্দিণাম্॥১৩॥

উক্ষাণমিতি। মম পুরুষা এব পশুস্ক প্রাক্ সমালোচযন্ত, পবস্ত উক্ষাণং বৃষম্, বেহতং বন্ধ্যাং গাং বা, অন্নম্ অনলং যথা স্থান্তথা তে তবার্থে নমস্ত। ভযেন আহিতস্থ আক্রান্তস্থ বপোতস্থ, দায়ং প্রতিধনম্, মমাস্তিকাৎ ত্বাং প্রাপয়স্ত ॥১৪॥

ভাৰতভাৰদীপঃ

শভতে, অপ্রচেতাঃ অন্থদারঃ ॥১১॥ অশ্বাৎ কপোতাৎ এনং কপোতং মোচিযিছা তে তুভাং প্রতিনয়ন্ত প্রতিনিধিছেন সমর্পয়ন্ত ॥১২॥ দদস্ব দদ দানে ইত্যক্ত রূপম্, শকুনানাম্ একস্মিন্নেব বছন্তম্ অভাবাৎ নাশেন ॥১৩॥ উক্ষাণং বলীবর্দম্, বেহতং বদ্ধ্যাম্, গাং বা অন্নং সর্বাঙ্গসম্পূর্ণং ঘথা স্থান্তথা, ভয়াহিতস্ত্রু ভীগ্রন্তক্ত কপোতক্ত দামং প্রতিধনং প্রত্যানযন্ত নয়ন্ত প্রাপয়ন্ত পশ্বন্ত আলোচয়ন্ত চ সন্ত এনং কপোতং মা হিংসীবিতি ॥১৪॥ সোম্যো হয়ং

যে লোক ভীত শরণাগত ব্যক্তিকে শত্রুহস্তে সমর্পণ করে, সেই নিকৃষ্টচিত্ত লোক নিম্ফল অন্ন লাভ করে, সম্ববই স্বর্গ হইতে ভ্রন্ত হয় এবং ইন্দ্র প্রভৃতি দেবগণ তাহার উপরে বজ্র প্রহার করেন ১১১॥

অতএব শ্যেন। শিবিবংশীয়েরা এই কপোতটীর প্রতিনিধিনপে অন্নের সহিত বৃষ পাক করিয়া তোমার জন্ম লইয়া যাউক, তুমি যে স্থানে অত্যস্ত আনন্দ অনুভব কর, সেইস্থানে সেই মাংস বহন ককক"॥১২॥

শ্রেন বলিল—"রাজা। বৃষ, অন্ত প্রাণী, কিংবা এই কপোত অপেক্ষা অধিক মাংস আমি প্রার্থনা করি না। অন্ত অন্ত পক্ষীর অভাবে এই কপোতটীকেই দেবতারা আমার খান্তরূপে অর্পণ করিয়াছেন, আপনি তাহাই আমাকে দান করুন" ॥১৩॥

রাজা বলিলেন—"শ্রেন! আমাব লোকেরা প্রথমে পর্য্যালোচনা করুক ;

ত্যজে প্রাণান্ নৈব দতাং কপোতং সৌয্যো হুয়ং কিং ন জানাসি শ্রেন!।
যথা ক্লেশং মা কুরুছেহ সৌম্য! নাহং কপোতমর্পয়িয়ে কথঞ্চিৎ ॥১৫॥
যথা মাং ছি বৈ সাধুবাদৈঃ প্রসনাঃ প্রশংসেয়ুঃ শিবয়ঃ কর্মণা তু।
যথা শ্রেন! প্রিয়মেব কুর্য্যাং প্রশাধি মাং যদক্তৎ করোমি॥১৬॥
শ্রেন উবাচ।

উরোর্দক্ষিণাতুৎকৃত্য স্থপিশিতং তাবদ্রাজন্! যাবন্মাংসং কপোতেন সমস্। তথা তম্মাৎ সাধু ত্রাতঃ কপোতঃ, প্রশংসেয়ুঃ শিবয়ঃ, কৃতঞ্চ প্রিয়ং স্থান্মমেতি ॥১৭॥

ভারতকৌমূদী

ত্যজ ইতি। সৌম্যা স্থন্দবং। ক্লেশম্ অস্ত গ্রহণে কটম্ ॥১৫॥

শ্রেনমেব কর্ত্তব্যং পৃচ্ছতি—যথেতি। হে শ্রেন। মম কর্মণা শিবয়ং শিবিবংশীয়াঃ প্রসন্নাঃ সন্তঃ সাধুবাদৈর্থণা মাং প্রশংসেয়ুঃ, যথা চ তব প্রিয়মেব ক্র্যাং কর্ত্ত্বুং শক্র্যাম্, তথা মাং প্রশাধি উপদিশ, তং যদ্ধদেঃ, তৎ করোমি ॥>৬॥

উবোবিতি। উৎকৃত্য উচ্ছিন্ত, স্বপিশিতং নিজমাংসম্। সমং তুলাযাং মাপনেন সমানম্। সাধু সম্যক্। তথা কবণেন মম প্রিয়ক্ষ ত্বয়া কৃতং স্থাৎ ॥১৭॥

পরে তোমার জন্ম একটা বৃষ, বা একটা বন্ধ্যা গাভী সম্পূর্ণ লইয়া যাউক। ভয়গ্রস্ত কপোতেব পবিবর্ত্তে তাহা আমার নিকট হইতে তোমাব নিকট উপস্থিত করুক; তুমি এই কপোতটীকে হিংসা করিও না ॥১৪॥

সৌম্য শ্রেন! আমি প্রাণ ত্যাগ করিব; কিন্তু কপোতটীকে দিব না। কারণ, এই কপোতটা যে পরমস্থলর তাঁছা কি তুমি দেখিতেছ না? স্থতরাং তুমি যেরূপ কষ্ট কবিতেছ, তাহা আর করিও না; আমি কোন প্রকারেই কপোতটীকে দিব না॥১৫॥

শ্রেন। আমার কার্য্যে শিবিবংশীযেরা প্রসন্ন হইয়া সাধুবাদদারা যাহাতে আমার প্রশংসা কবেন এবং যাহাতে আমি তোমার প্রিয় কার্য্যই কবিতে পারি, তুমি আমাকে সেইরূপ উপদেশ দাও; তুমি যাহা বলিবে, আমি তাহাই কবিব" ॥১৬॥

শ্রেন বলিল—"রাজা। আপনি আপনাব দক্ষিণ উকদেশ হইতে মাংস ছেদন করিয়া করিয়া সেই পর্যান্ত তুলাপাত্রে দিতে থাকুন, যে পর্যান্ত সেই মাংস কপোতেব সমান হয। তাহা হইলেই আপনি কপোতটীকে যথার্থ রক্ষা করিলেন; তাহাতে শিবিবংশীয়েরাও আপনার প্রশংসা করিবেন, আমারও প্রিয়কার্য্য করা হইবে" ॥১৭॥ অথ স দক্ষিণাদূরোর ২কৃত্য স্বমাংসপেশীং তুলয়াইধাবয়ৎ; গুরুতর এব কপোত আসীং ॥১৮॥

পুনরশুমুচ্চকর্ত্ত, গুরুতর এব কপোতঃ। এবং সর্ববং সমধিকৃত্য শরীরং তুলাযামারোপয়ামাস তৎ, তথাপি গুরুতর এব কপোত আসীৎ ॥১৯॥

অথ রাজা স্বয়মের তুলামারুরোহ, ন চ ব্যলীকমাদীদ্রাজ্ঞঃ। এতদ্র্তান্তং দৃষ্ট্য ত্রাত ইত্যুক্ত্যা প্রালীয়ত শ্যেনঃ॥২০॥

অথ রাজাহত্রবীৎ—

কপোতং বিদ্যাঃ শিবয়স্ত্রাং কপোত! পৃচ্ছামি তে শকুনে। কো নু শ্যোনঃ। নানীশ্বর ঈদৃশং জাতু কুর্য্যাদেতং প্রশ্নং ভগবন্! মে বিচক্ষ্য ॥২১॥

ভারতকোমূদী

অথেতি। স বাজা। স্বমাংসপেশীং কপোতঞ্চ। গুক্তব এব ভারবত্তব এব ॥১৮॥
পুনবিতি। অন্তং মাংসপেশিম্, উচ্চকর্ত্ত উচ্চিচ্ছেদ। সমধিকৃত্য আপ্রিত্য ছিবা ছিবেত্যর্থ:।
তৎ সর্বাণবীবমাংসম্। গুক্তবো দেবমায়য়া ভারবত্তরঃ ॥১১॥

অথেতি। ব্যলীকম্ আত্মদানোভমেইপি ছ:খম্। ত্রাতঃ ত্বয়া কপোতো বক্ষিতঃ। প্রালীয়ত তত্তিবান্তহিতঃ॥২০॥

কপোতমিতি। হে কপোত। শিবয়ং শিবিবংশীযাং, ছাং কপোতমেব বিহুর্জানীয়ুং, ছয় কন্মাপি প্রভাববিশেষস্থাপ্রকাশনাদিতি ভাবং। কিন্তু হে শকুনে। পক্ষিন্। তে ভারতভাবদীপঃ

দোমসংযুক্তক্রতুবন্নিত্যং পরিপাল্যো হৃষম্, হে সোম্য। সোমবৎ প্রিয়দর্শন। ॥১৫—১৮॥ অধিকত্য চ্ছিত্বা ॥১১॥ অপর্যাপ্তে স্বয়মেব তুলামাবিবেশ, ব্যলীকম্ অপ্রিযম্, ত্রাভন্ত্বা কপোড

তাহার পর রাজ। আপন দক্ষিণ উঞ্চ হইতে মাংদ ছেদন করিয়া তাহা তুলার একটা পাত্রে তুলিয়া দিলেন, (অপর পাত্রে কপোভটীকে দিলেন), কিন্তু তথন কপোতই অধিক ভারী হইল॥১৮॥

তথন রাজা পুনরায় আরও মাংস ছেদন করিয়া দিলেন, তথাপি কপোতই অধিক ভারী হইল। তথন রাজা সকল শরীরের মাংসই ছেদন করিয়া তুলাপাত্রে দিলেন, তথাপি কপোতই অধিক ভারী হইল॥১৯॥

তদনন্তর রাজা নিজেই সেই তুলাপাত্রে আরোহণ করিলেন; কিন্তু তাহাতে তাহার কোন তুঃখই হইল না। এই ঘটনা দেখিয়া এবং "কপোতটীকে রক্ষা করিলেন বটে" এই কথা বলিয়া শ্যেনপক্ষী অন্তর্হিত হইল ॥২০॥

তাহার পর রাজা বলিলেন— বন-২১৬ (১)

কপোত উবাচ।

বৈশ্বানরোহহং জ্বলনো ধৃমকেতুরথৈব শ্যোনো বজ্রহন্তঃ শচীপতিঃ।
সাধু জ্ঞাতুং ত্বায়্বতং সৌরথেয়! নৌ জিজ্ঞাসয়া ত্বংসকাশং প্রপন্মে॥২২॥
যামে তাং পেশীং মম নিজ্ঞায় প্রাদান্তবানসিনোৎকৃত্য রাজন্!।
এতদ্বো লক্ষ্ম শিবং করোমি হিরণ্যবর্ণং রুচিরং পুণ্যগদ্ধম্॥২৩॥
এতাসাং প্রজানাং পালয়িতা যশসী হুরষীণামথ সন্মতো ভূশম্।
এতস্থাৎ পার্শ্বাৎ পুরুষো জনিয়তি কপোতরোমেতি চ তস্থ নাম॥২৪॥

ভারতকোমুদী

পৃক্তামি—শ্রেন: কো হ। অনাধর: অণিমাতিগধ্যতীন:, জাতু কণাচিদপি ঈদৃশম্ অন্তর্জানম্, ন কুর্যাৎ কর্ত্তঃ, ন শঙ্গু ব্যাৎ । মাত্রবরাগুক্তাবণালৈধ্যাসন্তাবনয়া স্বোধয়তি—ভগবয়িতি । এতং প্রাণ্ড প্রেল্ডরং মে বিচক্ষ বিশেষেণ ক্রছি ॥২১॥

বৈশ্বেতি। বৈশ্বানরো বহিং, জ্বনস্তংস্বভাবং। সাধু সম্যক্, জ্ঞাতুং পরীক্ষিত্ম। ঋষভং রাজ্প্রেষ্ঠম্, হে সৌরধেয়। স্বর্থাসন্তান। নৌ আবাম্, জিজ্ঞাসয়া তব দানশক্তিজ্ঞানেছ্যা, প্রপশ্লে প্রাপ্তেয় ॥২২॥

যামিতি। পেণীং মাংসকোষম্। নিক্রয়ায় রক্ষণায়। এতং এত নাংসচ্ছেদননিবন্ধনম্, বে যুমাকম্, লক্ষ চিহ্নম্, শিবং মাঞ্চলিকমেব ॥২৩॥

"কপোত! শিবিংশীযেরা তোমাকে কপোত বলিয়াই জানিবেন; কিন্তু পক্ষী! তোমার নিকট জিজ্ঞাদা করি—এই শ্যেনপক্ষীটা কে? অণিমাদি ঐশ্বর্যবিহীন লোক কথনও একপ কার্য্য করিতে পারে না; অতএব মাহাত্ম্য-শালী কপোত। তুমি আমার নিকট এই প্রশ্নের উত্তর বল" ॥২১॥

কপোত বলিল—"সুর্থানন্দন! আমি অগ্নি, জ্বন আমার স্বভাব এবং ধুম আমার ধ্বজ; আর এই শ্যেনপক্ষী বজ্রপাণি ইন্দ্র। আমরা আপনাকে পরীক্ষা করিবার জ্ব্য এবং আপনার দানের শক্তি জানিবার ইচ্ছায আপনার নিকট আসিয়াছিলাম ॥২২॥

রাজা! আপনি আমাকে রক্ষা করিবার জন্ম অদিবারা ছেদন করিয়া এই যে মাংদপেশী দিরাছেন এবং ইহাতে আপনার শরীরে যে দকল চিহ্ন হইযাছে, আমি দেগুলিকে মঙ্গলমধ স্বর্ণবর্ণ, মনোহর ও পবিত্র গদ্ধ করিয়া দিতেছি॥২৩॥

আপনি এই প্রদাদের প্রতিপালক, বশস্বী এবং দেবতা ও ঋষিদিগের অত্যস্ত প্রিয় হইবেন; আর আপনার এই পার্শ্বদেশ হইতে একটা পুক্ষ জন্মিবে, তাহার নাম হইবে—'কপোডরোমা' ॥২৪॥ কপোতরোমাণং শিবিনোদ্ভিদং পুত্রং প্রাক্ষ্যদি নৃপ! রুষদংহননং যশোদীপ্যমানং দ্রেন্টাদি শ্রম্ধভং সৌর্থানাম্॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববি। মার্কণ্ডেয়দমাস্থায়াং শিবিচরিতে সপ্তষষ্ট্যধিকশততমোহধ্যায়ঃ ॥ ।॥ *

—°*°—

ভারতকোমুদী

এতাসামিতি। সমতঃ প্রিয়ঃ। জনিম্বতি উৎপৎস্ততে ॥২৪॥

কপোতেতি। হে নূপ । শিবিনা বিষয় জনিতমিতি শেষ:, কপোতজ্যেব বোমাণি যক্ত তম, উদ্ভিদং তব পার্শ্বোভ্রেদেন জাতম্। বৃষক্তেব সংহননং দৃঢং শরীবং যক্ত তম্। সৌর্থানাং স্থ্যথাবংশীয়ানাং মধ্যে ঋষভং শ্রেষ্ঠম্ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাক.ব-পন্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং
মহাভারতটীকারাং ভারতকৌমূদীসমাধ্যারাং বনপর্ব্ধণি মার্কণ্ডেয়সমাস্থাযাং
সপ্তবস্ত্যধিকশততমোইধ্যায়ঃ ॥০॥

-:*:--

ভারতভাবদীপঃ

ই হ্যক্তা ॥২০ —২১॥ তে সৌরথেয়। স্বথায়া: পূত্র। নৌ আবাং বিদ্ধীতি শেষ: ॥২২॥ অসিনা থজোন, এ ত্রমাংসং ব: নৃধাণাং লক্ষ চিহ্নং করোমি ॥২ ২—২৪॥ শিবিনা শিথিলশরীরেণ জাতং উদ্ভিদম্ উদ্ভেদেন জাতং যণসা দীপ্যমানম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বনি নৈলক্ষীয়ে ভাবতভাবদীশে সপ্তবন্তাবিকশত তমোইব্যায়ঃ ॥১৬৭॥

-:*:--

রাজা! আপনি এমন একটা পুত্র লাভ করিবেন যে, তাহার লোম হইবে কপোতের স্থায় এবং দে আপনারই পার্য ভেদ করিষা জন্মিবে; তথাপি দে আপনারই উৎপাদিত বলিয়া গণ্য হইবে এবং আপনি দেখিবেন—দে— ব্যবের স্থায় দৃঢ় শরার, যশস্বী, বার এবং স্থ্রথাসন্তানগণের মধ্যে প্রধান হইবে"॥২৫॥

^{* &#}x27; • সপ্তনবভাবিক • ' –ব। ব কা পি, ' • 'ছণভতম: • ' – নি ।

অফীষফ্যাধিকশততমো২খ্যারঃ।

বৈশস্পায়ন উবাচ।

ভূয় এব মহাভাগ্যং কথ্যতামিত্যব্রবীৎ পাগুবো মার্কণ্ডেয়ম্। ভাষা-চফ্ট মার্কণ্ডেয়ঃ—॥>॥

অটকন্স বৈশ্বামিত্রেরশ্বনেধে দর্কে রাজানঃ প্রাগক্তন্। ভাতরশ্চাস্ত প্রতর্দনো বস্তমনাঃ শিবিবোশীনর ইতি ॥২॥

স চ সমাপ্তথজ্ঞো ভ্রাতৃভিঃ সহ রথেন প্রায়াৎ। তে চ নারদমাগচ্ছন্তং তমভিবালারোহতু ভ্রান্ রথমিত্যক্রবন্। তাংস্তথেত্যক্ত্যা রথমারুরোহ॥এ॥

অথ তেষামেকঃ স্থাৰ্বিং নাবন্যব্ৰ বাং — প্ৰদাত্ত ভগৰন্তং কিঞ্চিচ্ছেয় প্ৰস্কুমিতি ॥৪॥

পুচ্ছেত্যব্রবীদৃষিঃ। দোহব্রবীদায়ুশ্বন্তঃ।দর্বগুণপ্রায়দিতাঃ। অথায়ুশ্বন্তঃ দর্বগুণপ্রায়দিতাঃ। অথায়ুশ্বন্তঃ দর্বগুদানং চহুর্ভির্যাতব্যং স্থাৎ, কশ্চাবত্তবেৎ। অয়মফকোহবত্তরে দিত্যব্রবীদৃষিঃ। কিং কারণমিত্যপুচ্ছৎ ॥৫॥

ভারতকৌমুদী

ভূম ইতি। মহাভাগ্যং ক্ষত্রিয়ন্ত মাহাস্মান্। পাণ্ডবো যুধিষ্টির: ॥১॥
অষ্টকন্তেতি। বৈশ্বামিত্রেবিশ্বামিত্রপুত্রতা। অন্ত অষ্টকন্ত ॥২॥
স ইতি। সং অষ্টকন্চ। ল্রাভৃভি: প্রতর্দনাদিভি:। আক্রেরাহ্ নারদঃ ॥৩॥
অথেতি। তেবামষ্টকাদীনাং মধ্যে। ভগবন্তং ভবন্তং নারদন্ ॥৪॥
পৃচ্ছেতি। আয়ুমন্তো দার্ঘাযুদ্ধ, সর্বৈশ্বিশ্বাদিভি: প্রমৃদিতা যুক্তবাদানন্দিতাঃ

বৈশপায়ন বলিলেন—তদনন্তর যুধিষ্ঠির মার্কণ্ডেয়কে কহিলেন—"মহর্ষি! আপনি পুনরায় ক্ষত্রিয়ের মাহাত্ম্য বলুন"। ভাহার পর মার্কণ্ডেয় আবার বলিতে লাগিলেন—॥১॥

"বিশ্বামিত্রনন্দন অষ্টকরাজার অশ্বমেধযজ্ঞে সকল রাজাই আসিয়াছিলেন এবং তাঁহার ভ্রাতা প্রতর্জন, বস্থমনা ও ঔশীনর শিবিও আসিয়াছিলেন ॥২॥

দেই মধনেধ্যক্ত সমাপ্তির পরে একদা অষ্টকরাজা ভাতাদের সহিত রথে গমন করিতেছিলেন; তথন তাঁহারা দেবর্ষি নারদকে আসিতে দেখিয়া অভিবাদনপূর্বক তাঁহাকে বলিলেন—"আপনিও এই রথে আরোহণ করুন"। 'তাহাই হউক' এই কথা বলিয়া নারদও দেই রথে আরোহণ করিলেন॥৩॥

তাহার পর তাঁহাদের মধ্যে একজন দেবর্ষি নারদকে বলিলেন—"গামি শাপনাকে প্রদন্ন করিয়া কিছু জিজ্ঞাদা করিতে ইচ্ছা করি" ॥৪॥ অধাচষ্ট—অফকস্ম গৃহে ময়োষিতম্। স মাং রথেনাকুপ্রাবহৎ।
অথাপশ্যম্—অনেকানি গোসহস্রাণি বর্ণশো বিবিক্তানি। তমহমপুচ্ছম্—
কম্মেমা গাব ইতি। সোহব্রবীৎ—ময়া নিস্ফা ইত্যেতাঃ। তেনেব স্বয়ং
প্লাঘ ত কথিতেন। এষোহবতরেৎ ॥৬॥

অথ ত্রিভির্যাতব্যং সাম্প্রতং কোহবতরে । প্রতর্দন ইত্যব্রবীদৃষিঃ।
তত্র কিং কারণম্। প্রতর্দনস্থাপি গৃহে ময়োষিতম্। স মাং রথেনামু-প্রাবহৎ। অথৈনং ব্রাহ্মণোহভিক্ষেতাশ্বং মে দদাতু ভবানিতি। নির্ত্যে
দাস্থামীত্যব্রবীদ্বাহ্মণম্। ত্বরিভ্যেব দীয়তামিত্যব্রবীদ্বাহ্মণঃ। ত্বরিত্বমের ব্রাহ্মণস্থৈরমুক্ত্র্যা দক্ষিণং পার্শ্বমদদং। অথান্যোহপ্যশ্বার্থী ব্রাহ্মণ আগচ্ছৎ। তথৈব চৈনমুক্ত্র্যা বামপার্ষ্ণিমভ্যদাৎ, অথ প্রায়াৎ। পুনরপি

ভারতকোমুদী

বযমিতি শেষ:। আয়্মন্তং যাগাত্যপাহেন প্রাপাম্। "আয়ুমান্ যোগভেদে না বাচ্যব-চিবজীবিনি" ইতি বিশ্ব:। পুংস্থমার্থম্। অম্মাকং মধ্যে কশ্চ, অবতবেৎ পুণ্যক্ষমানস্তরং মর্ত্তালোকে প্রথমং পতেৎ ॥৫॥

অথেতি। আচষ্ট নারদ:। উষিতং কদাচিদবস্থিতম্। অন্প্রাবহৎ নগবাৰহির্ব্যচাবরৎ বর্ণশো বিবিক্তানি নানাবর্ণৈবিভিন্নানি। নিস্ষ্টা দত্তা:। শ্লাঘতি বিকথতে স্থ। অবতেরৎ। পৃথিব্যাং পতেৎ, আত্মনা কথনেন পুণ্যক্ষয়াদিতি ভাব: ॥৬॥

অথেতি। ত্রিভি: প্রতর্দনাদিভি:, যাতব্যং স্বর্গে। অভিক্ষেত অযাচত। নিরুছো গৃহে প্রত্যাবৃত্ত:, অব্রবীৎ প্রতর্দ্ধন:। ব্রাহ্মণশু প্রার্থনা পূবণীয়েতি শেষ:। দক্ষিণং পার্ধম্

নারদ বলিলেন—"জিজ্ঞাসা ককন"। তখন তিনি বলিলেন—"আমরা দীর্ঘায় এবং সর্ববিগুণসম্পন্ন; স্থতরাং আমাদের চারি জনেরই বাগাদিলভ্য স্বর্গলোকে যাইতে হইবে; কিন্তু কে আগে ভূতলে অবতীর্ণ হইবে।" তখন নারদ বলিলেন—"এই জন্তক প্রথমে ভূতলে অবতীর্ণ হইবেন।" তখন তিনিই জিজ্ঞাসা করিলেন—"তাহার কারণ কি ?"॥৫॥

তাহার পর নারদ বলিলেন—"আমি কোন সময়ে অষ্টকের গৃহে বাস করিয়াছিলাম, তথন তিনি আমাকে লইয়া একদা নগরের বাহিরে রথে বিচরণ করিতেছিলেন। তথন আমি নানাবর্ণে বিভক্ত বহু সহস্র গক দেখিলাম এবং অষ্টককে জিজ্ঞাসা করিলাম—"এই গকগুলি কাহার? তাহাতে অষ্টক বলিলেন—"এ গুলিকে আমিই দান করিয়াছি"। সেইবাপ আপন উক্তিদারাই অষ্টক আত্মশ্রাদা করিয়াছিলেন; তাই ইনি পতিত হইবেন"॥৬॥

তদনস্তর আর একজন জিজ্ঞাসা করিলেন—"আর তিন জনেরও ত স্বর্গে ষাইতে হইবে; তাঁহাদের মধ্যে কে ছুতলে পতিত হইবেন।"। নারদ চান্যোহশার্থী ব্রাহ্মণ আগচ্ছৎ। ছরিতোহণ তল্যৈ অপনহ বামং ধুর্যান্দদৎ, অথ প্রায়াৎ। পুনরত্য আগচ্ছদশার্থী ব্রাহ্মণঃ; তমব্রবীদতিযাতো দাস্যামি। ছরিতমেব দীরতামিত্যব্রবীদ্ব্রাহ্মণস্তল্যৈ দন্তাহশ্বম্, রথধুরং গুরুতা ব্যাহ্মতম্—ব্রাহ্মণানাং সাম্প্রতং নাস্তি কিঞ্চিদিতি॥৭॥

য এষ দদাতি চাসূয়তি চ তেন ব্যাহ্নতেন তথাবতরেৎ ॥৮॥

ভারতকোমুদী

অশ্ব চতু ইয়মধ্যে বথদ ফিণপার্শ যুক্ত মশ্বম্, জনদং জনাৎ প্রত জিন:। বামপার্ফিং বথবামপার্থযুক্ত মশ্বম্। প্রায়াৎ প্রতর্জন এব ব্যাচরং। জপনহ মোচ ফ্রিড্রা, ধুর্য্যং সন্মুথস্থম শ্বম্ । অতিযাতঃ
পদ্বানমতি ক্রান্তে গৃহং গত ইত্যর্থ:। বথস্ত ধুবং ভারম্, গৃহ্লতা স্বযমেবাকর্বভা, প্রতর্জনেন,
ব্যাহত মুক্তম্। কিঞ্চিৎ প্রাথিষিত ব্যামিতি শেবং। এতে নাস্যা প্রকটিভা ॥৭॥

য ইতি। এষ প্রতর্কন:। ব্যাহ্নতেন উক্তেন, অবতরেৎ পৃথিব্যাং পতেৎ, দানানস্থ্যমস্থ্যা তৎপুণ্যক্ষয়াদিত্যাশয়: ॥৮॥

ভারতভাবদীপঃ

ভূয় ইতি ॥১—॥ আযুদ্ধতং চিরকালভোগ্যং অর্গন্তানম্ পুংত্মার্বম্। অবভবেৎ স্থর্গাৎ

ভূমো প্রথমমিতি শেব:
। তেল ৬। পার্য্য র্থচক্তপ্রদেশস্থমশ্ব
। অভিযাতোইতি।

তিল কর্মান বিশ্ব ব বেগবান্, অশ্বচতুইয়ন্তাপি দানাৎ ধুরং স্বহন্তেনৈব গৃহতা সাম্প্রতং যুক্তাযুক্তবিচার:। বলিলেন—"প্রতদিন"। তথন কেহ জিজাসা করিলেন—"প্রতদিনের পতনেরই বা কারণ কি ^१"। নারদ কহিলেন—"আমি একদা প্রতদিনের গৃহেও বাস করিয়াছিলাম; তখন প্রতদিন আমাকে রথে লইয়া কোন সময়ে বিচরণ করিভেছিলেন, তখন এক ব্রাহ্মণ আদিয়া প্রার্থনা করিলেন যে, "আপনি আমাকে একটা অশ্ব দান ককন"। প্রতর্দন বলিলেন—"আমি ফিহিয়া যাইয়া দান করিব"। ব্রাহ্মণ কহিলেন—"সংহই দান কক্ন"। "ব্রাহ্মণের প্রার্থনা সহরই পূর্ণ করা উচিত" এই বলিয়া প্রতর্জন রখের দলিণপার্শস্থ অর্থটা দান করিলেন। তাহার পর অশ্বার্থী আর এক ব্রাহ্মণ আদিলেন, তাঁহাকেও সেইকপ বলিয়া রধের বামপার্যন্থ অশ্বটী দান করিলেন, পরে তিনি গমন করিতে লাগিলেন। পুনরায় অক্ত এক অখার্থী ব্রাহ্মণ আগমন করিলেন। তাহার পর প্রতর্জন রধের দমুখের বামপার্শ্বন্থ অষ্টীকে খুলিয়া তাঁহাকে দিলেন, পরে আবার যাইতে লাগিলেন। তাহার পর আবার আর এক অখার্থী ব্রাহ্মণ আসিলেন; তাঁহাকে প্রতদ্দন বলিলেন—"রাজ্ধানীতে যাইয়া দান করিব"। ব্রাহ্মণ বলিলেন—"সম্বর দান করুন"। পরে প্রতর্জন তাঁহাকে অবশিষ্ট অশ্বটী দান করিবা, নিজেই রথখানাকে টানিতে থাকিয়া বলিলেন— "এখন আর ব্রাহ্মণদের কিছুই প্রার্থনীয় নাই" ॥ १॥

অথ হাভ্যাং যাতব্যমিতি কোহবতরে । বহুমনা অবতরেদিত্যব্রবীদৃষিঃ। কিং কারণমিত্যপৃচ্ছে । অথাচফী নারদঃ—অহং পরিভ্রমন্ বহুমনসো গৃহমুপস্থিতঃ। সন্তিবাচনমাদী পুষ্পবথস্থা প্রয়োজনেন, তমহমন্তবাচতেষ্ ব্রাহ্মণেষ্ রথো , ব্রাহ্মণানাং দর্শিতঃ, তমহং
বথং প্রাশংসম্। অথ রাজাব্রবীৎ—ভগবতা রথঃ প্রশস্ত এই ভগবতো রথ
ইতি॥৯॥

অথ কদাচিৎ পুনরপ্যহমুপস্থিতঃ, পুনরেব চ বথপ্রয়োজনমাসীৎ। সম্যুগয়মেষ ভগবত ইত্যেবং রাজাহব্রবীদিতি ॥১০॥

পুনবেব চ তৃতীয়ং স্বস্তিবাচনং সমভাবয়ম্। অধ রাজা ব্রাহ্মণানাং দর্শয়ন্ মামভিপ্রেক্ষ্যাব্রবীৎ—অথো ভগবতা পুষ্পারথস্থ স্বস্তিবাচনানি স্বষ্ঠু সম্ভাবিতানি। এতেন দ্রোহ্বচনেনাব্তরেৎ ॥>>॥

ভারতকোমুদী

অথেতি। যাতব্যং স্বর্গ এব। স্বন্ধিবাচনং তাদৃশবভূতবর্থোৎপদ্ধে আশী:প্রদানম্, বিহারার্থো রথ: পূপারথস্তত্য। তং বস্থমনসম্। রথ: পূপারথ:। ভগবতো ভবত:॥১॥ অথেতি। এব পূপারথ:, ভগবতো ভবত এব, ইত্যেবময়ং বাজা সম্যগত্রবীৎ॥১০॥

ইনি দানও করিযাছিলেন এবং অস্যাপ্রকাশও করিয়াছিলেন। তাই প্রতদিন সেই অস্থাপ্রকাশের দোষেই স্বর্গ হইতে ভূতলে পতিত হইবেন"॥৮॥ পরে আর একজন জিজ্ঞাসা করিলেন—"অবশিষ্ট ছই জনেরও ত স্বর্গে যাইতে হইবে; তাঁহাদের মধ্যে কে পতিত হইবেন ?"। নারদ বলিলেন—"বস্থমনা পতিত হইবেন"। সেই ব্যক্তি জিজ্ঞাসা করিলেন—"বস্থমনার পতনের কারণ কি ?"। পরে নারদ বলিতে লাগিলেন—"আমি একদা পরিজ্ঞমণ করিতে করিতে বস্থমনার গৃহে উপস্থিত হইয়াছিলাম। তথন আমার পুষ্পার্থের প্রয়োজন ধাকায় 'আপনার বহুতর পুষ্পার্থ হউক' বলিয়া বস্থমনাকে আশীর্কাদ করিলাম এবং তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলাম। তথন অস্থান্ম ব্রাহ্মণিদিগকে দেখাইলেন; আমি সেই রথখানির থুব প্রশংসা করিলাম। তথন বস্থমনা বলিলেন—"আপনি যখন এই রথের প্রশংসা করিলেন, তথন এই রথ আপনারই"॥৯॥

পুনরায় আমার সেই রখের প্রয়োজন ছিল বলিয়া আমি কোন সময়ে আবারও সেইখানে উপস্থিত হইয়াছিলাম; তথনও এই বস্ত্রমনা এই কথাই সম্যক্তরেপ বলিয়াছিলেন যে, "এই রথ ত আপনারই" ॥১০॥

অথৈকেন যাতব্যং স্থাৎ কোহবতরেৎ। পুনর্নারদ আহ—শিবির্ঘায়াদহমবতবেরম্। অত্র কিং কারণমিত্যব্রবীৎ—অসাবহং শিবিনা ন সমানোহস্মি। যতস্তং শিবিং ব্রাহ্মণোহত্যাগচ্চৎ স চৈনমব্রবীৎ—শিবে!
অমার্থ্যস্মীতি। তমব্রবীচ্ছিবিঃ—কিং ক্রিয়তাম্, আজ্ঞাপয়তু ভবানিতি।
অথৈনং ব্রাহ্মণোহব্রবীৎ য এষ তে পুত্রো রহদ্গর্ভো নাম, এষ প্রমাতব্য
ইতি, তমেনং সংস্কুরু, অন্ধোপপাদ্য, ততোহহং প্রতীক্ষ্য ইতি॥>২॥

ভারতকোমূদী

পুনরিতি। স্বন্ধিবাচনম্ আশী:প্রদানম্, সমভাবয়ম্ অকববম্। দর্শযন্ তং পুষ্পর্থম্। ভগবতা ভবতা, পুষ্পবথস্থ সম্বন্ধে স্বন্ধিবাচনানি 'ঈদৃশা বথা বহব এব ভবতো ভবস্তু' ইথ্যাশী:প্রদানানি, স্কুষ্ঠ্ সম্যক্, সম্ভাবিতানি ক্বতানি। সোলুঠনোক্তিরিয়ং বহুতরবথাসুৎপত্তে:। স্বত্রব চ প্রাধিনং প্রতি লোহ: ॥১১॥

অথেতি। একেন যাতব্যং স্থাৎ তবতা সাদ্ধিমশ্বাকমেকতমেন স্বর্গে গন্তব্যং স্থাৎ, তযো: কোহবতবেৎ পৃথিব্যাং পতেৎ। অন্নমেবার্থ: পরগ্রন্থসামঞ্জ্ঞাৎ। ন সমানোহন্মি, দানেন শিবে: প্রাধাঃগ্রাদিভ্যাশয়:। তদানমেব দর্শযতি যত ইতি। কিং কীদৃশমন্নং ময়া ক্রিয়তাম্। প্রমাতব্যো হস্তব্যঃ, সংস্কৃত্ব পচ ॥১২॥

ভারতভাবদীপঃ

পুষ্পরথস্ত গিবিগগনসাগরেদপ্রতিষিদ্ধমার্গস্ত প্রযোজনেন তদর্থমিতার্থ: ॥৭—৮॥ বধ: শুত এব ন তু যাচিত: বাজাপি মমাশযং বৃদ্ধাঽপি রথং ন দত্তবান্ রথস্ততিং চান্নমোদিতবানিতি

আমি আবারও যাইযা তৃতীয বার সেই রথবিষয়েই আশীর্বাদ করিলাম। তাহার পর রাজা বস্থমনা ব্রাহ্মণদিগকে সেই রথথানি দেখাইতে থাকিয়া আমার প্রতি দৃষ্টিপাত করিয়া বলিয়াছিলেন—"আপনি পুষ্পর্থদম্বন্ধে ভাল আশীর্বাদই করিয়াছিলেন"। এই জোহবাক্যের দোষেই বস্থমনা স্বর্গ হইতে পতিত হইবেন"॥১১॥

পরে অস্থ্য কেহ জিজ্ঞাসা করিলেন—"আপনার সহিত একজনের স্বর্গে যাইতে হইবে; তন্মধ্যে কে পতিত হইবেন?"। পুনরায় নারদ বলিলেন—"শিবি যাইবেন, আমি পতিত হইব"। "ইহার কারণ কি?" এইবপ জিজ্ঞাসা করিলে, নারদ বলিলেন—"আমি শিবির সমান নহি। কারণ, একদা এক ব্রাহ্মণ শিবির নিকট আসিয়াছিলেন এবং তিনি শিবিকে বলিয়াছিলেন—"শিবি! আমি অন্নপ্রার্থী"। শিবি তাহাকে বলিলেন—"আমি কিরপ অন্নপ্রস্তুত করিব, তাহা আপনি আদেশ করুন"। তাহার পর ব্রাহ্মণ শিবিকে বলিলেন—"আপনার এই যে বৃহদ্গর্ভ-নামে পুত্র আছে, ইহাকে আপনি বধ করুন, তৎপরে উহার মাংস পাক করুন এবং অন্ন প্রস্তুত করুন; তাহার পর আমার প্রতীক্ষা করিবেন" ॥১২॥

তত পুত্ৰং প্ৰমাণ্য সংস্কৃত্য বিধিনা সাধ্যিত্বা পাত্ৰ্যামৰ্পয়িত্বা শিবসা প্ৰতিগৃহ্য ব্ৰাহ্মণময়গয়ৎ ॥১৩॥

অথাস্থ মৃগয়মাণস্থ কশ্চিদাচ্ফ-এষ তে ব্রাহ্মণো নগরং প্রবিশ্য দহতি তে গৃহম্, কোষাগারমায়ুধাগাবং ব্রাগাবমশ্বশালাং হস্তিশালাঞ্চ ক্রুদ্ধ ইতি ॥>৪॥

অথ শিবিস্তথৈবাবিকৃতমুখবর্ণো নগরং প্রবিশ্য ব্রাহ্মণং তমব্রবীৎ—সিদ্ধং ভগবন্নমমিতি। ব্রাহ্মণো ন কিঞ্চিদ্যাজহার বিশ্যুয়াদধোমুখশ্চাদীৎ ॥১৫॥

ততঃ প্রাদাদয়দ্বাহ্মণম্—ভগবন্ ! ভুজাতামিতি ॥>৬॥

স মু হুক্ত 'ছিদ্বীক্ষ্য শিবিমত্রবীৎ—ত্বমেবৈতদশানেতি। তত্রাহ তথেতি। শিবিস্ত থৈবাবিমনা মহিত্বা কপালমভ্যুদ্ধার্য্য ভোক্ত, মৈচছৎ ॥>৭॥

ভারতকোমুদী

ভত ইতি। প্রমাপ্য হল্বা, সংস্কৃত্য পক্ত্বা, সাধ্যিত্বা সম্ভাবাদিনা স্বাত্ন ক্রতা ॥১৩॥

অথেতি। এষ দাহোহপি শিবে: পরীক্ষার্থমেব ব্রাহ্মণকপিণা বিধিনা ক্ত: ॥১৪॥

অথেতি। সিদ্ধং নিম্পরম্। ব্যাজহার উবাচ॥১৫॥

তত ইতি। ইতি বাক্যেন প্রাসাদযদিতার্থ: ॥১৬॥

স ইতি। মুহূর্ত্তাৎ পবম্। অশান ভূঙ্ক। আহ শিবি:। অবিমনা অবিষয়চিত্ত:, মহিত্বা তদ্বান্ধাবাক্যং সমান্ত, কপালম্ অন্নপিধানপাত্রম্॥১৭॥

তাহার পর শিবি পুত্রবধ, তাহার মাংসপাক এবং যথাবিধানে ভাহা সুস্বাতৃ করিয়া, তাহা এবটী পাত্তে স্থাপনপূর্বক মন্তকে ধারণ করিয়া সেই ভ্রাহ্মণের অয়েষণ করিতে লাগিলেন ॥:৩॥

শিবি অন্বেষণ করিতেছিলেন, এমন সময়ে কেহ বলিল—"আপনার সেই ব্রাহ্মণ কুদ্ধ হইয়া নগরে প্রবেশ করিষা আপনার বাদগৃহ, কোষগৃহ, অস্ত্রগৃহ, স্ত্রীগৃহ, অশ্বশালা ও হস্তিশালা দগ্ধ করিতেছেন" ॥১৪॥

তাহার পর শিবি সেইকপ শুনিয়াও অবিকৃত মুখবর্ণ থাকিয়াই নগরে প্রবেশ করিয়া সেই বান্দাকে বলিলেন—"ভগবন্। আপনার অন প্রস্তুত হইযাছে"। বান্দাক কিছুই বলিলেন না, বিশ্বযে অধামুখ হইয়া রহিলেন ॥১৫॥

ভাহার পর শিবি দেই বান্সণকে প্রসন্ন করিলেন—"ভগবন্! আপনি ভোজন কফন"॥১৬॥

কিছুকাল পরে ব্রাহ্মণ নখন উত্তোলন করিয়া শিবিকে বলিলেন—"আপনিই ইহা ভোজন ককন"। তাহাতে শিবি কহিলেন—"তাহাই হউক"। ভখন বন-২১৪ (১) ত্বাস্থা ব্রান্সণো হস্তম্গুল, ত্র্বীজৈন্স্—জিতকোধোহদি, ন তে কিথি দপরিত্যাজ্যং ব্রান্সণার্থে। ব্রান্সণোহপি তং মহাভাগ্মসভাজয়ৎ ॥১৮॥

স হা দ্বীক্ষমাণঃ পুত্রমপশাদতো তিষ্ঠন্তং দেবকুমারমিব পুণ্যগন্ধান্বিত-মলঙ্কুতম্ ॥১৯॥

দর্ববঞ্চ তমর্থং বিধায় ব্রাহ্মণোহন্তর্ধীয়ত। তম্ম রাজর্ধের্বিধাতা তেনৈব বেশেন পরীক্ষার্থমাগত ইতি ॥২ ।॥

তিশানভাহিতে অমাত্যা বাজানমূচুঃ—িকিং প্রেপ্সুনা ভবতেদমেবং জানতা কৃতমিতি ॥২১॥

ভারতকোঁমুদী

অথেতি। জিতকোধোইসি, মযি কোধশু কর্ত্তব্যত্ত্বেইপি তহ্বর্ণাদিতি ভাবঃ। তং শিবিম্ অসভাজ্যুৎ বাচা সমতোষ্যুৎ ॥১৮॥

স ইতি। স শিবিঃ, উদ্বীক্ষমাণঃ অয়ায়্যনম্ভোল্য প্রশান্ ॥১১॥

সর্বামিতি। অর্থং তৎপুত্রপ্রদর্শনাদিকং বিষয়ম্। বিধাতা ব্রহ্মা॥২০॥

তশিন্নিতি। জানতা পুত্রহনন্মকর্ত্তব্যমিতি বুধ্যমানেনাপি॥২১॥

ভারতভাবদীপঃ

প্রঘট্টকার্থ: ॥১৪॥ দ্রোহ্বচনেন অদত্তা বৃথান্তবেন ॥১৫—১৬॥ মহিত্বা পূজ্যান্তা কপালং শীর্বান্থিপাত্রম্ ॥১৭—১৮॥ যো দত্তা শ্লাবতে যশ্চাস্থ্যেৎ যশ্চাথিনো লিপ্সিতমিদিতৈ-জ্ঞাত্বাংপি তং স্ততিমাত্রেণৈব সম্ভাবয়তি ন ত্বর্থেন, যশ্চ ব্রাহ্মণেনার্থিতঃ শ্রদ্ধান্ধ্যমপ্রক্রমদেয়মপি দদাতি অকর্ত্তব্যমপি করোতি তে উত্তরোত্তবং শ্রেষ্ঠাঃ, ত্রোপ্যস্ত্যো নার্দাদপি শ্রেষ্ঠ ইতি দাতুগুর্ণদোষবিধানপবোহয়মধ্যায়ঃ ॥২০॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণ নৈলক্ষীয়ে ভারতভাবদীপে অইব্ট্যাধিকশততমোইধাা : ॥১৬৮॥

শিবি সেইবাপ ঘটনাভেও অবিষয়চিত্ত থাকিয়া, ব্রাক্সণের বাক্যের প্রতি শ্রদ্ধা-প্রবিক আবরণপাত্র উত্তোলন করিয়া ভোজন করিবার ইচ্ছা করিলেন ॥১৭॥

তাহার পর ব্রাহ্মণ শিবির হস্ত ধারণ করিলেন এবং তাঁহাকে বলিলেন—
"রাজা। আপনি ক্রোধকে জয় করিয়াছেন এবং ব্রাহ্মণকে আপনার অদেয় কিছুই
নাই"। এই কথা বলিয়া ব্রাহ্মণত সেই মহাত্মা শিবিরাজাকে অভিনন্দিত
করিলেন ॥১৮॥

তাহার পর শিবি নয়ন উত্তোলন করিয়া দেখিলেন—দেবকুমারের স্থায় পবিত্র সৌরভসম্পর ও অলঙ্কত সেই পুত্রটা সম্মুখে রহিযাছে ॥১৯॥

ব্রাহ্মণ সেই সমস্ত বিষয় সম্পাদন করিয়া অন্তর্হিত হইলেন। কারণ, স্বয়ং বিধাতাই রাজ্যি শিবিকে পরীক্ষা করিবার জক্ম সেই ব্রাহ্মণবেশে আসিয়া-ছিলেন॥২০॥

শিবিরুবাচ।

নৈবাহমেতদ্যশসে দদানি ন চার্থহৈতোর্ন চ ভোগতৃষ্ণয়া।
পাপৈরনাদেবিত এষ মার্গ ইত্যেবমেতৎ সকলং করোমি॥২২॥
সন্তিঃ সদাধ্যাদিতস্ত প্রশস্তং তস্মাৎ প্রশস্তং শ্রেয়তে মতির্মে।
এতন্মহাভাগ্যবরং শিবেস্ত তস্মাদহং বেদ যথাবদেতৎ ॥২৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বাণ মার্কণ্ডেয়সমাস্যায়াং রাজন্যমহাভাগ্যকথনে অন্তম্নইট্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

---°#°---

ভারতকোমুদী

নেতি। এতৎ পুত্রমাংসম্। অর্থহেতোঃ পুত্রমাংসদানজনিতধর্মেণ ধনং স্বর্গস্থ-ভোগশ্চ ভবিয়তীতি হেতোবপি চ এতরৈব দদানীত্যর্থ:। অনাসেবিতঃ অনাশ্রেতঃ, নিকামতাদিতি ভাব:। মার্গঃ প্রকাবঃ ॥২২॥

সন্তিবিতি। অধ্যাসিতমাশ্রিতম্, অতএব প্রশন্তমেতৎ কর্ম। শ্রন্থতে অবলম্বতে।
ইদানীং মার্কণ্ডেয় উপসংহবরাহ—এতদিতি। অহং মার্কণ্ডেয়ং, শিবে রাজ্ঞঃ, এতরাহাভাগ্যববং মাহাত্ম্যাতিশয়ম্, বেদ জানামি , তক্মাদেব যথাবদেতচ্চরিতম্, উক্তমিতি শেষঃ ॥২৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাক্বি-পদ্মভূষণ-শ্রীহ্বিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিব্যাতিষ্যা
মহাভাবতটীকাষাং ভাবতকৌমুদীসমাধ্যায়াং বনপর্ক্ষি মার্কণ্ডেয়-

সমাস্থাযামষ্ট্রষ্ট্যধিকশততমোইধ্যায়:॥০॥

-:*:-

সেই বাহ্মণ অন্তর্হিত হইলে, মন্ত্রীরা শিবিকে বলিলেন—"মহারাজ। আপনি জানিয়াও কি কল লাভের ইচ্ছায় এইকপ কার্য্য করিলেন ?" ॥২১॥

শিবি বলিলেন—"আমি যশের জন্ম ইহা দান করি নাই, কিংবা ধনও ভোগের ইচ্ছায করি নাই, কিন্তু এই পথটি পাপসম্বদ্ধ নহে; এই জন্মই আমি এই সকল করিয়াছি ॥২২॥

এই সকল কার্য্য সর্ব্বদাই সজ্জনের আচরিত বলিয়া প্রশস্ত; সেই জন্মই আমার বৃদ্ধি এই প্রশস্ত বিষয় অবলম্বন করিয়াছে।" আমি শিবিরাজার এই মহামাহাত্মের বিষয় জানি; তাই তোমাদের নিকট ইহা যথাযথভাবে বলিলাম"॥২৩॥

---2*8---

^{&#}x27;* •• সপ্তনবত্যধিক – বা ব, '•• অষ্টনবত্যধিক•• '— কা, '•• একাধিকদ্বিশত্তম;•••'— নি।

ঊনসপ্তত্যিকশততমো২ধ্যায়ঃ।

----°#\$---

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেরম্বরঃ পাণ্ডবাশ্চ পর্য্যপৃচ্ছন্নস্তি কশ্চিদ্ধবতশ্চিরজাততর ইতি ॥ ১॥

দ তানুবাচ—অন্তি খলু রাজর্ধিরিক্রত্ন্যানো নাম ক্ষীণপুণ্যন্ত্রিদিবাৎ প্রচ্যুতঃ। কীর্ত্তির্মে ব্যুচ্ছিন্নেতি দ মামুপাতিষ্ঠদথ প্রত্যভিজানাতি মাং ভবানিতি॥২॥

ত্মহমক্রবম্—কার্য্যচেষ্টাকুলত্বান্ন বয়ং বাসায়নিকা প্রামেকবাত্রবাসিনো ন প্রত্যভিজানীমোহপ্যাত্মনোহর্থানামনুষ্ঠানং ন শরীরোপভাপেনাত্মনঃ সমারভামোহর্থানামনুষ্ঠানম্ ॥৩॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেয়মিতি। ভবতো ভবদপেক্ষয়া, চিবজাততর: প্রাচীনতর:। যতাত্তে সমাপ্তি-হচক ইতিশব: পূর্ণাকাজ্মানিবৃত্তির্বণ, গজেষু স এক: শ্লোক ইতি মন্তব্যম্॥১॥

স ইতি। কীর্ত্তি: স্বর্গবাসনিবন্ধনং যশঃ, ব্যুচ্ছিল্লা পুণ্যক্ষরেণ স্বর্গবাসক্ষয়াদেব নষ্টা। অন্তভ্ততা পুনবস্তবঃ প্রত্যভিজ্ঞা। অথ প্রশ্নো ইত্যব্রবীদিতি শেষঃ। প্রত্যভিজ্ঞানে কীর্ত্তা্বেশসম্ভবঃ, তত এব চ পুনঃ স্বর্গলাভঃ। অতএব চ তৎপ্রশ্নঃ। এবমন্তত্ত ॥২॥

ভমিতি। বয়ম্, কার্য্যাণামবশুকর্ত্তব্যানাং তীর্থপর্য্যটনাদিপুণ্যানাং চেইয়া উপার্জনা-ভারতভাবদীপঃ

মার্কণ্ডেয়মৃষ্য ইতি। যাবৎকীর্ভিতাবৎ স্বর্গে ভিঠতি তুলানায়তাদ্যাবদকীর্ভিতাবদ্ধ বকেইপ্যতঃ কীর্ভাকীর্ভ্যোর্নাশে কর্মান্ত্রপং ব্রাহ্মণাদিশরীরং নীচ্যোনিং বা উভাবপি ভূমে প্রাপ্ত ইত্যব্যায়তাৎপর্যাস্ ॥:॥ প্রভাভিজানাতি পবিচিনোতি ॥২॥ কার্যাং পুণাং ভদর্থাশ্চেটা জপাদয়ভাভিযাকুল্ডাৎ বাসায়নিকাঃ বাসো বিটাগারং তদেব অয়নং বাসায়নং তত্ত্ব ভবাঃ, গ্রামৈকবাত্রবাসিনন্তীর্থাটনশিলাঃ শবীবোপভাপেন ক্লড্রোপবাসাদিজন্মনা দেহ-

বৈশম্পায়ন বলিলেন—ঋষিরা ও পাওবেরা পুনরায় মার্কওেযের নিকট জিজ্ঞাসা করিলেন—"আপনা অপেন্দা অধিক প্রাচীন কেহ আছেন কি ?"॥১॥

মার্কণ্ডেব তাহাদিগকে বলিলেন—"পুণাক্ষয় হওযায় স্বর্গ হইতে বিচ্যুত রাজর্ষি ইন্দ্রহায় আছেন। 'আমার কীর্ত্তি নষ্ট হইয়া গেল' ইহা ভাবিতে ভাবিতে সেই ইন্দ্রহায় আমার নিকট আদিযাছিলেন এবং বলিয়াছিলেন—"আপনি আমাকে জানেন কি ?" ॥২॥ দ মামুবাচ—অন্তাত্যস্ততশিচরজাত ইতি। তমহমব্রুবম্—ছতি খলু, হিমবতি প্রাবারকর্ণো নাম উল্কঃ প্রতিবসতি। স মন্তশ্চিরজাতো ভবত্তং যদি জানীয়াদিতঃ প্রকৃষ্টে চাধ্বনি হিমবাংস্তত্রাসোঁ প্রতিবসতীতি ॥৪॥

ততঃ স মামশ্বো ভূহা তত্তাবহদ্যত্ত বভূবোল কঃ ॥৫॥

অথৈনং দ রাজা পপ্রছ—প্রত্যভিজ্ঞানাতি মাং ভবানিতি। দ মুহূর্ত্তমিব ধ্যাত্বাহব্রবীদেনম্—নাভিজানামি ভবন্তমিতি। দ এবমুক্ত ইন্দ্রহ্যান্নঃ পুনস্তমূল্কমত্রবীদ্রাজর্ষিঃ—অথান্তি কশ্চিদ্রবতঃ দকাশাচ্চিরজাত ইতি। দ এবমুক্তোহব্রবীৎ—অন্তি খল্লিক্র্যান্নং নাম দরঃ, তত্মিন্ নাড়ীজজ্মো নাম বকঃ প্রতিবদতি, দোহস্মত্রশ্চিরজাততরঃ, তং পৃচ্ছেতি ॥৬॥

ভারতকোমুদী

গ্রহেণ আকুলম্বাৎ সর্বাদ। বিহবলম্বাৎ, গ্রামে একরাত্রমণি বসন্তীতি তে তাদৃশাঃ, বাস একৈকগ্রামে একৈকরাত্রম্বিতিবেব অয়নং নিষমন্তেন সংস্টা ইতি বাসায়নিকান্তদাখাঃ পরিব্রাজকবিশেষা ন। অতএব আত্মনোষ্ঠি, অর্থানাং পূর্ববাসাদিবিষয়াগাম, অন্থানং কবণম, ন প্রত্যভিজানীমঃ ক্ষণিকত্বান্ন স্মরামঃ। তেন হি কদাচিৎ ক্ষণমাত্রদৃষ্টং ভবন্তং কথং প্রত্যভিজানীম ইতি ভাবঃ। অথ গৃহাদিনির্মাণেন কথমেকত্র দীর্ঘকালং ন বসতি ভবানিত্যাহ—নেতি। শরীরোপতাপেন তীর্থসেবনাদিশাবীবিকতপোবিধানেন হেতুনা, আত্মনঃ অর্থানাং গৃহাদিবিষয়াণাম্, অমুষ্ঠানম্, ন স্মারভামঃ বয়ং ন কুর্মঃ ॥৩॥

স ইতি। চিবজাতঃ প্রাচীন:। উলুকঃ পেচক:। প্রকৃষ্টে দূরে ॥৪॥ তত ইতি। স ইন্দ্রেয়াঃ। বভ্বেতি অস্তঃ পরোক্ষাযাং প্রযোগ: ॥৫॥ অথেতি। স উলুক:। এনমিক্রত্যায়ন্। অস্মতঃ অস্মদপেক্ষয়া ॥৬॥

তথন আমি তাঁহাকে বলিয়াছিলাম—"আমরা তীর্থপর্যটনপ্রভৃতির চেষ্টায় সর্বদা আকুল থাকি বলিয়া গ্রামে একরাত্রবাদী 'বাদায়নিক' পরিব্রাজক নহি, স্মৃতরাং নিজের কৃত কার্যগুলিও স্মরণ করিতে পারি না, (অত এব আপনাকে কি করিয়া জানিব ? । তা'র পর, শারীরিক তপস্থার বিধান থাকায় আমরা নিজের জন্ম গৃহাদিনির্ম্মাণও করি না" ॥৩॥

পরে ইন্দ্রহায় আমাকে বলিলেন—"আপনা অপেক্ষা প্রাচীন অন্ত কেহ আছে কি ?"। তথন আমি তাঁহাকে বলিলাম—"নিশ্চয়ই আছে, হিমালয়পর্বতে 'প্রাবারকর্ণ'-নামে একটা পেচক আছে; সে আমা অপেক্ষা প্রাচীন বলিষা সম্ভবতঃ আপনাকে জানিতে পারে। এস্থান হইতে দূরপথে হিমালয় রহিয়াছে, সেইখানেই ঐ পেচক বাদ করে॥৪॥

তাহার পর ইন্দ্রহায়রাজা অর্থ হইয়া আমাকে সেইথানে বহন করিয়া লইয়া গেলেন, বেথানে সেই পেচক ছিল ॥৫॥ তত ইম্রন্তালো মামূল্কঞাদায় তৎ দরোহগচ্ছৎ, যত্রাদো নাড়ীজজ্মো নাম বকো বভূব ॥৭॥

দোহস্মাভিঃ পৃষ্টো ভবানিমমিদ্রত্যন্ধং রাজানং প্রত্যভিজানাতীতি। স এবমুক্তো মুহূর্তং ধ্যা হারবাৎ—নাভিজানাম্যহিদ্রিদ্রত্যন্ধং রাজানমিতি। ততঃ দোহস্মাভিঃ পৃষ্টঃ—কশ্চিদ্রবেতাহ্যুশ্চিরজাততরোহস্তাতি। স নোহরবাৎ-অস্তি থলু, অস্মিমেব দরদি অকূপারো নাম কচ্ছপঃ প্রতিবসতি, স মত্তশ্চিরজাততরঃ। স যদি কথঞিদভিজানীয়াদিমং রাজানম্, তমকূপারং পৃচ্ছধ্বমিতি॥৮॥

ততঃ দ বকস্তমক্পারং কচ্ছপং বিজ্ঞাপয়মাদ—অস্ত্যুস্মাকমভিপ্রেতং ভবন্তং কঞ্চিদর্থমভিপ্রফুম্, দাধ্বাগম্যতাং তাবদিতি ॥৯॥

ভারতকোমুদী

ভত ইতি। তৎ ইক্রত্যায়ং নাম ॥৭॥ স ইতি। স বক:। ন: অশান্। মত্তো মদপেক্ষয়া। যদি: সম্ভাবনায়াম্॥৮॥ তত ইতি। অভিপ্রেতমিচ্ছা। সাধু ভক্রং নির্ভয়মিত্যর্থ: ॥১॥

তদনস্তর ইন্দ্রগ্নয়রাজা দেই পেচকের নিকট জিজ্ঞাদা করিলেন—"তুমি আমাকে জান ?"। তথন পেচক কিছুকাল চিন্তা করিবা ইন্দ্রগ্নামকে কহিল—"আমি আপনাকে জানি না"। পেচক এইনপ বলিলে, রাজর্ষি ইন্দ্রগ্নাম পুনরাব দেই পেচককে বলিলেন—"তোমা অপেক্ষা কেহ প্রাচীন আছে কি ?"। রাজা এইনপ কহিলে, পেচক কহিল—"ইন্দ্রগ্নাম'-নামে একটা দরোবর আছে, তাহাতে 'নাড়ীজ্জ্র্য'-নামে একটা বকপক্ষা বাদ করে; দেই বক আমা অপেক্ষা প্রাচীন, আপনি তাহাকে জ্জ্ঞাদা ককন" ॥৬॥

তৎপরে ইন্দ্রহায়রাজা আমাকে ও পেচককে লইয়া দেই সরোবরে গমন করিলেন, যেথানে সেই নাডীজজ্ঞ বাস করিত ॥৭॥

ভাহার পর আমরা সেই বকের নিকট জিজ্ঞাসা করিলাম যে, "তুমি কি এই
ইন্দ্রহায়রাজাকে চেন ?"। আমরা এইকপ বলিলে, সেই বক কিছু কাল চিন্তা
করিয়া বলিল—"আমি ইন্দ্রহায়রাজাকে চিনি না"। তথন আমরা জিজ্ঞাসা
করিলাম—"তোমা অপেক্ষা অন্ত কেহ প্রাচীন আছে কি ?"। পরে সে,
আমাদিগকে বলিল—"আছে—এই সরোবরেই 'অকুপার'-নামে এক কল্প বাস
করে, সে—আমা অপেক্ষা প্রাচীন, সম্ভবতঃ সেই কল্প কোন প্রকারে এই
রাজাকে চিনিতে পারে, অতএব আপনারা যাইযা সেই অকুপারকে জিজ্ঞাসা
করুন"।৮।

তচ্ছুত্বা কচ্ছপস্তম্মাৎ দরদ উত্থায়াগচ্ছৎ, যত্র তিষ্ঠামো বয়ং তত্ত্ব দরদস্তারে। আগতকৈনং ব্যমপৃদ্ধাম—ভ্যানিম্মিল্রছালং বাজান-মভিজানাতীতি ॥>০॥

দ মুহূর্ত্তং ধ্যাত্ব। বাষ্পপূর্ণনয়ন উদিগ্রহদয়ো বেপমানো বিসংজ্ঞকল্পঃ প্রাঞ্জলিবত্রবাৎ—কিন্দমেনং ন প্রত্যভিজ্ঞাস্থামি। ইহ হ্যনেন সহত্র-কৃত্বশ্চিতিমু যুধা আহিতাঃ, দরশ্চেদমস্থ দক্ষিণাভির্দত্যভির্গিভিরতিক্রম-মাণাভিঃ কৃত্তম্, অত্র চাহং প্রতিবদামীতি ॥>>॥

অধৈতং দকলং কচ্ছপেনোদাহতং শ্রুত্বা তদনন্তরং দেবলোকাদ্দেবরথঃ প্রান্থরাদীং বাচন্চাশ্রময়ন্ত ইন্দ্রত্যুদ্ধং প্রতি প্রস্তুতন্তে স্বর্গঃ যথোচিতং স্থানং প্রতিপদ্মস্ব, কীর্ত্তিমানসি, স্বব্যগ্রো যাহীতি ॥১২॥

ভারতকোমুদী

তদিতি। এনং কছপুণ। অভিজানাতি শারতি। কাকুবশাৎ প্রায় ॥১০॥

স ইতি। ধান্ধা বিচিন্তা, বাম্পূর্ণন্ধনঃ মধুনা তদভাবেন শোকোদযাৎ, তত এব চ উবিগ্রহাব্যঃ অন্থিরচিত্তা, বেপমানঃ কম্পমানবেহঃ, বিসংজ্ঞকরঃ অচেতনপ্রারঃ। সহস্রক্ষণ্থ সহস্রবারম, চিতিষু যজেনু, বৃপাঃ পশুবদ্ধনন্তস্তাঃ, আহিতাঃ বোপিতাঃ। অতিক্রমমাণাভিঃ সর্বদা বিচরস্তীভিঃ ॥>>॥

অবেতি। সকলং কীর্ত্তিবাক্যম্। প্রতিপদ্মৰ লভম্ব। অব্যগ্র: হাইচিত্ত: ॥১২॥

তাহার পর দেই বক দেই অক্পারনামক কক্সপকে জানাইল—"কচ্ছপ। তুমি নির্ভয়ে আগমন কর; তোমার নিকট কোন বিষয় জিজ্ঞাদা করিতে আমাদের ইচ্ছা আছে" ॥ ।

তাহা শুনিয়া কচ্ছপ সেই সরোবর হইতে উঠিয়া মাদিল, দেই সরোব রের যে তীরে আমরা ছিলাম। কচ্ছপ আদিলে, আমরা উহাকে জিজ্ঞানা করিলাম—"তুমি এই ইন্দ্রন্থায়রাজাকে চেন ?" ॥১০॥

তথন কচ্ছপ কিছু কাল চিন্তা করিয়া অঞ্চপূর্ণন্যন, অস্থিরচিত্ত, কম্পিতদেহ, অচেতনপ্রায় ও কৃতাঞ্জলি হইয়া বলিল—"আমি কি ইহাকে চিনিব না ? ইনিই এইখানে দহস্র যজ্ঞে দহস্রবার যুপ প্রোধিত করিয়াছিলেন এবং দক্ষিণাকপে ইহারই প্রদন্ত গোসমূহ দর্ববদা বিচরণ করিতে থাকিয়া এই দরোবর করিয়াছিল এবং আমিও এইখানেই বাস করিতেছি" ॥১১॥

তাহার পর কচ্চপোক্ত এই দকল কীর্ত্তির বাক্য শ্রবণ করিয়া তৎপরে দেবলোক হইতে দেবরথ উপস্থিত হইল এবং ইন্দ্রতান্নের প্রতি এই দকল বাক্যও শুনা গেল "মহারাজ। আপনার জন্ম স্বর্গ প্রস্তুত হইষাত্তে, আপনি ভবস্তি চাত্র শ্লোকাঃ—

দিবং স্পৃশতি ভূমিঞ্চ শব্দঃ পুণ্যস্ত কর্মণঃ।
যাবং দ শব্দো ভবতি তাবং পুরুষ উচ্যতে ॥১০॥
অকীর্ত্তিঃ কীর্ত্তাতে লোকে যক্ত ভূতস্ত কস্তাচিং।
দ পতত্যধমালোঁ কান্ যাবচ্ছকঃ প্রকীর্ত্তাতে ॥১৪॥
তম্মাৎ কল্যাণরতঃ স্তাদনন্তার নরঃ দদা।
বিহার চিত্তং পাপিষ্ঠং ধর্মমেব দমাশ্রায়েৎ ॥১৫॥

ইত্যেতচ্ছুত্বা দ রাজাত্রবীৎ-তিষ্ঠ তাবৎ, যাবদিমৌ রুদ্ধৌ ট্রযথাস্থানং প্রতিপাদয়ামীতি ॥১৬॥

ভারতকোমুদী

দিবমিতি। শব্দ: প্রশংসাবাদ:। উচ্যতে স্বর্গন্থে। মৃনিভিবিতি শেষ: ॥১৩॥
অকীর্ত্তিবিতি। ভূতস্ত পুরুষস্ত। অধ্যান্ লোকান্ নবকান্। শব্দো নিন্দাবাদ: ॥১৪॥

তন্মাদিতি। তন্মান্তর:, অনস্তায় অনস্তকালস্বর্গভোগায়, সদৈব কল্যাণক্তব্ত: কীর্ত্তিজনকচবিত্ত:
তাৎ। অতএব পাপিষ্ঠং চিত্তং চিত্তত্য পাপপ্রবৃত্তিমিতার্থ:, বিহায়, ধর্মমেব সমাধ্রেরেৎ, ধর্মেণ
স্থান্ত্রিস্বর্গজনিকাষা: কীর্ত্তেজনিরিশ্রমাণস্থাদিতি ভাব:। এতেন পুণাক্ষ্যেইপি কীর্ত্তিদত্তে স্থর্গসন্থমিতি
স্থিতিন্। অত্তার্থে—সাহিত্যদর্পণধৃতা শ্রুতিবিপি—"এক: শব: স্থ্রগুক্ত: সম্যগ্জাত: স্থর্গে লোকে
চ কামধুগ্,ভবতি" ॥১৫॥

ইতীতি। অব্রবীৎ দেবদূত্মিতি শেব:। বৃদ্ধো মার্কণ্ডেয়োল্কো ॥১৬॥

আসিয়া যথোচিত স্থান লাভ ককন, আপনি কীর্ত্তিশালীই আছেন; স্থুতরাং সুস্থুচিত্তে গমন ককন"॥১২॥

এ বিষয়ে তিনটী শ্লোকও আছে —

মুনিরা বলেন—"পুণ্যকর্মের প্রশংসাবাদ স্বর্গ ও মর্ত্ত্য স্পর্শ করিয়া থাকে। যে পর্যান্ত সেই প্রশংসাবাদ চলিতে থাকে, সেই পর্যান্তই মানুষ স্বর্গে বাস করে॥১৩॥

যে কোন মানুষের নিন্দাবাদ জগতে কীর্ত্তিত হয়, সেই মানুষই যে পর্য্যন্ত সেই নিন্দাবাদ চলিতে থাকে, সেই পর্যন্তই নরকে বাস করে ॥১৪॥

অতএব মানুষ অনন্তকাল স্বৰ্গ ভোগের জন্য দর্ব্বদাই প্রশস্ত চরিত্র হইবে এবং মনের পাপপ্রবৃত্তি পরিভ্যাগ করিয়া ধর্মেরই আশ্রয় লইবে" ॥১৫॥

এই দেবদ্তের বাক্য শুনিয়া ইন্দ্রগ্নাজা দেবদ্তকে বলিলেন—"আমি যে পর্যান্ত এই বৃদ্ধ ছইজনকে যথাস্থানে রাখিয়া আসি, তুমি সেই পর্যান্ত অপেকা কর"॥১৬॥

⁽১৪) षकीर्धिः कोर्खारक लारिकः-शि। (১৬) स्वातन मःश्विः-वा व का शि।

দ নাং প্রাবারকর্ণঞোলুকং যথোচিতে স্থানে প্রতিপাল তেনৈব যানেন সংদিদ্ধং যথোচিতং স্থানং প্রতিপেদে। তদ্ময়ানুস্তুতং চিরজীবিনেদৃশ-মিতি পাগুবানুবাচ মার্কণ্ডেয়ঃ। পাগুবাশ্চোচুঃ—সাধু, শোভনং ভবতা কৃতং রাজানমিন্দ্রচুল্লং স্বর্গলোকাচ্চ্যুতং স্বে স্থানে প্রতিপাদয়তেতি ॥১৭॥

অথৈতানত্রবাদসোঁ — নকু দেবকীপুত্রেণাপি কৃষ্ণেন নরকে মজ্জমানো রাজর্ষিন্ গন্তস্থাৎ কৃচ্ছু া সমুদ্ধৃত্য পুনঃ স্বর্গং প্রাপিত ইতি ॥১৮॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বাণি মার্কণ্ডেয়-

সমাস্থায়ামিক্রহ্যুন্নোপাখ্যানে ঊনসপ্তত্যধিকশততমো২ধ্যায়ঃ॥०॥ *

ভারতকোমুদী

স ইতি। প্রাবারকর্ণং নাম। প্রতিপাত্ত প্রাপয্য। যানেন দেবরথেন, সংসিদ্ধম্ আত্মনোহর্থে দেবৈঃ প্রস্তুতম্, প্রতিপেদে প্রাপ। অহভূতং প্রত্যক্ষীরুতম্। শোভনং প্রশংসনীয়ং কর্ম। স্বে স্বপ্রাপ্তপূর্বে, প্রতিপাদয়তা গময়তা ॥১৭॥

অথেতি। অসৌ মার্কণ্ডেয়:। নম্ন সম্বোধনে। ক্বজ্ঞাৎ নরকভোগকষ্টাৎ ॥১৮॥
ইতি মহামহোপাব্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্যবির্চিতাযাং মহাভাবতটীকায়াং ভাবতকৌমূদীসমাধ্যায়াং বনপর্বাণি
মার্কণ্ডেয়স্মাস্থাযামূনসপ্তত্যধিকশততমোহব্যায়:॥•॥

ভারতভাবদীপঃ

ভাপেন অভাে ন বয়মতীভানাগতবিদ: স্ম ইতি ভাব: ॥৩॥ থলু প্রাসিদ্ধম্ ॥৪॥ স ইক্রহ্যয়োইশ্বো ভূত্বা মামবহৎ ॥৫ — ॥ চিতিষ্ অগ্নিচয়নেষ্ কর্ত্তব্যেষ্ সৎস্থ ॥১০—১২॥ পুরুষ: স্বর্গস্থ ইতি শেষ: ॥১৩—১৭॥ অসৌ মার্কণ্ডেয়: ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বনি নৈশক্ষীয়ে ভাব ভভাবদীপে উনদপ্তভ্যবিকশভতমোহব্যায়: ॥১৬১॥

তাহার পর ইন্দ্রগ্নেরাজা আমাকে ও প্রাবারকর্ণনামক সেই পেচককে
বধাস্থানে রাথিযা আদিয়া, সেই দেবরথেই আরোহণ করিয়া পূর্বসম্পন্ন
যথাযোগ্য- স্বর্গে গমন করিলেন। আমি দীর্ঘজীবী বলিয়া এইরপ সেই বৃত্তান্ত
প্রত্যক্ষ করিয়াছিলাম"। এই কথা মার্কণ্ডেযমুনি পাণ্ডবগণকে বলিলেন।
আবার পাণ্ডবেরাও বলিলেন—"ভাল; আপনি—স্বর্গলোকচ্যুত ইল্রহায়রাজাকে
পুনরায় স্বন্থানে পাঠাইয়া প্রশংসনীয় কার্যাই করিযাছিলেন"॥১৭॥

তাহার পর মার্কণ্ডেয় পাগুবগণকে বলিলেন—"পাগুবগণ। দেবকীনন্দন কৃষণ্ড নরকমন্ন রাজর্ষি নুগকে সেই কষ্ট হইতে উদ্ধার করিয়া পুনরায় স্বর্গে পাঠাইয়াছেন"॥১৮॥

^{*} পিতামহপুত্তকে পূর্ব্বমধ্যাশ্বচতুইয় নাজীতি। ' অপঞ্চনবত্যবিক…'—,পি,'আইনব ত্যধিক… —'বা ব, '…নবনবত্যধিক …'—, কা,'আধাকিদিশতত্যঃ…'—, নি।

সপ্তত্যধিকণতত্তমোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

শ্রুত্বা স রাজা রাজর্বেরিক্রগ্নান্য তত্তদা।
মার্কণ্ডেযান্মহাভাগাৎ স্বর্গস্থ প্রতিপাদনম্।
যুধিষ্ঠিবো মহারাজ! পুনঃ পপ্রচহ তং মুনিম্॥১॥
কীদৃশীর হুবস্থান্থ দল্ধা দানং মহামুনে!।
ইল্রেলোকং ছুনুভবেৎ পুরুষস্তদ্ব্রবীহি মে॥২॥
গার্হস্থেস্প্যথবা বাল্যে যোবনে স্থাবিরেহিপি বা।
যথাফলং সমগাতি তথা ত্বং কথরন্থ মে॥৩॥

মার্কণ্ডেয উবাচ। রুপা জন্মানি চন্থাবি রুপা দানানি ষোড়শ। রুপা জন্ম হুপুত্রস্থা যে চ ধর্মবহিষ্কৃতাঃ॥৪॥

ভারতকোসুদী

শ্রুতি। প্রতিপাদনং প্রাপণম্। বটুপাদোহয়ং শ্লোক: ॥১॥ কীদৃশীঘিতি। দবা ক্বনা। অন্নভবেৎ প্রাপ্নুযাৎ ॥২॥ গার্হস্য ইতি। সমগাতি দানেন লভতে ॥৩॥

বৃথেতি। অপুত্রস্থ অজাতপুত্রস্থ মৃতপুত্রস্থ চ। তয়োকভয়োরপি পুত্রাভাববতয়ৈর্প দ্বপ্যাদেকবিধং বৃথা জন্ম। যে চ ব্রন্মহত্যাদিকরণেন সামাজিকৈর্বধাৰহিদ্ধৃতাঃ, তেবাং জন ধর্ ইতি দ্বিবিধম্ ॥৪॥

বৈশপায়ন বলিলেন—মহারাজ জনমেজ্য। রাজা যুধিষ্ঠির মহাত্মা মার্ক-তেথমুনির নিকট রাজর্ষি ইন্দ্রহামের দেই স্বর্গলাভের বৃত্তান্ত শুনিয়া পুনরায় তথনই দেই মার্কণ্ডেযমুনির নিকট জিজ্ঞাসা করিলেন—॥১॥

"মহর্ষি! মানুষ কি প্রকার অবস্থায দান করিয়া স্বর্গ লাভ করে, তাহা আপনি আমার নিকট বলুন ॥২॥

গৃহস্থ আশ্রমে বা অন্য আশ্রমে, কিংবা বাল্যে, যৌবনে অথবা বার্দ্ধক্যে দান করিয়া যেমন ফল লাভ করে, ভাহা আপনি আমার নিকট বলুন" ॥৩॥

⁽১) ... মুধিষ্টিরো মহারাজ: —বা ব ফা।

পরপাকঞ্চ যেহশন্তি আত্মার্থঞ্চ পচেত্র্ যঃ।
পর্যাশন্তি র্থা যে চ তদদত্যং প্রকীর্ত্তাতে ॥৫॥
আর্চ্পতিতে দত্তমন্তায়োপহিতঞ্চ যং।
ব্যর্থন্ত পতিতে দানং ব্রাহ্মণে তন্তরে তথা ॥৬॥
গুরৌ চান্তিকে পাপে কৃতত্বে গ্রামযাজকে।
বেদবিক্রয়িণে দত্তং তথা ব্রষলপাচকে ॥৭॥

ভারতকোমুদী

পরেতি। যে চ চিবপরাবীনতয়া পরপাকমেবার্গস্তি, তেষাং জন্ম বৃথেতি তিবিধম্। য*চ ভার্যাভাবাদাঝার্থমের পচেৎ, তত্তাপি জন্ম বৃথেতি চতুর্বিধম্। কিঞ্চ যে, পবি অতিথ্যাদীন্ বর্জারিখা বৃথা নিক্ষণমর্গস্তি, তেষাং তদশনম্, অসত্যং মিথ্যা প্রকীর্ত্ত্যতে। "বৃথা দানানি ষোডশ" ইত্যনেবনব প্রাস্থিকজ্মনযোক্ষরেষম্॥৫॥

ইদানীং বোডশ বৃথা দানানি বির্ণোতি —আক' চি । নৈষ্টিক এক চি রাক চ কাকে চার্সো পুনর্ভোগেচ্ছয়া ততঃ পতিতশ্চেতি তিমিন্, দত্তং দানম্, ব্যর্থং বৃথা। যদ্ধনম্, অভাষেন চৌধ্যাদিনা উপহিতম্পাজিজ তম্, তভা দত্তং ব্যর্থম্। পতিতে ব্রাহ্মণে দানম্, তস্করে দানঞ্ বৃথা ॥৬॥

ভারতভাবদীপঃ

শ্রুতি। অতঃপবং স্বর্গপ্রদান্ সাধারণান্ ধর্মানাহাধ্যারেন "শ্রুত্বা স রাজা রাজর্বি"বিত্যাদিনা বদস্তি লোকেষু বিশিষ্টবৃদ্ধয় ইত্যন্তেন ॥১—৪॥ পর্যার্গন্তি বালবৃদ্ধাতিথিভাঃ পূর্বনগ্রন্তি যত্ত জন্মনি অসত্যং বৃথা গোব্রান্ধাদিত্রাণং বিনা কীর্ত্তাতে তদপি বৃথেত্যর্থ: ॥৫॥ আবাত চাসে পতিতঃ। "আবাতোঃ নৈটিকং ধর্মং যন্ত্র প্রচাবতে পূনঃ। প্রায়শ্চিত্তং ন তন্ত্রান্তি যেন ভ্রম্যেৎ স আত্মহা॥" ইতি প্লোকোতঃ। নৈটিকং যাবজ্জীবব্রন্দর্বাং চতুর্থাশ্রমং বানপ্রস্তৃত্বং বা প্রচাবতে গার্হস্থেচ্ছাদিনা তাং নিষ্ঠাং তাজতি ॥৬॥ গুরাবপ্যানৃতিকেংনৃভ্রপ্রিয়ে বৃষলঃ শৃদ্রঃ ॥৭॥

মার্কণ্ডেয বলিলেন—"র্থা জন্ম চারি প্রকার এবং র্থা দান ষোড়শ প্রকার। অপুত্রকের জন্ম র্থা , যাহারা স্বধর্ম হইতে বহিষ্কৃত, তাহাদের জন্ম র্থা॥৪॥

যাহারা কেবল পরপাকেই ভোজন করে, তাহাদের জন্ম বৃধা এবং যে ব্যক্তি কেবল নিজের জন্ম পাক করে, তাহার জন্মও বৃধা। আর যাহারা অতিথিপ্রভৃতিকে না দিয়া অনর্থক ভোজন করে, সে ভোজনকেও মিধ্যা বলা হয়॥৫॥

যিনি ব্রহ্মচর্য্যপ্রভৃতি ব্রত অবলম্বন করিয়া আবার তাহা পরিত্যাগ করেন তাঁহাকে দান, অক্যায়ার্জিত ধনদান, পতিত ব্রাহ্মণকে দান এবং চোরকে দান করা র্থা ॥৬॥

⁽e) পর্বাপ্তি বৃথা বত্ত—বাব কা।

ব্রহ্ম স্কুরু যদ্দতং যদতং রুষলীপতো ।
স্ত্রীঙ্গনেরু চ যদ্দতং ব্যালগ্রাহে তথৈব চ ॥৮॥
পরিচারকেরু যদ্দতং রুথা দানানি যোড়শ।
তমোর্তস্ত যো দল্লান্তয়াৎ ক্রোধাতথৈব চ ॥৯॥ (বিশেষকম্)
ভূঙ্ক্তে চ দানং তৎ সর্বং গর্ভস্তস্ত নরঃ সদা।
দদদানং বিজাতিভ্যো রুদ্ধভাবেন মানবঃ ॥>০॥
তত্মাৎ স দাস্ববস্থান্ত সর্বদানানি পার্থিব!।
দাতব্যানি বিজাতিভ্যঃ স্বর্গমার্গজিগীষয়া ॥>>॥

ভারতকৌমুদী

